এই মানদণ্ডসমূহে সাধারণ বকেয়া ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের আবশ্যিক দিকনির্দেশনা রয়েছে। এতদসঙ্গে সংযুক্ত “আর্থিক প্রতিবেদন মানদণ্ড মুখবন্ধে উল্লিখিত বিষয়সমূহ (Introduction to the FRC promulgated Public Sector Financial Reporting Standards)” মানদণ্ডসমূহ প্রতিপালনে বিবেচ্য হবে। এফআরসি ইস্যুকৃত মানদণ্ডসমূহ অগুরুত্বপূর্ণ (Immaterial) লেনদেন, ঘটনার ক্ষেত্রে প্রয়োগ আবশ্যিক নয়।

উদ্দেশ্য (Objective)

এই মানদণ্ডসমূহের উদ্দেশ্য হচ্ছে বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণী প্রস্তুত পদ্ধতির দিকনির্দেশনা প্রদান করা। বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান কর্তৃক আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের উদ্দেশ্য হচ্ছে প্রতিষ্ঠানের জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে আর্থিক প্রতিবেদনের General Purpose Financial Statement (GPFS) এবং General Purpose Financial Reporting (GPFR) এর ব্যবহারকারীদেরকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা। প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত সংক্রান্ত তথ্য জবাবদিহিতার জন্য ও ভবিষ্যত নগদ প্রবাহের পর্যাঙ্গতা এবং নগদ প্রাপ্তি ও পরিশোধের সম্ভাব্য খাতসমূহের তথ্যের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। এই তথ্যগুলো প্রতিষ্ঠানের সম্ভাব্য নগদ অর্থের প্রবাহ, উৎস ও ব্যবহার সম্পর্কিত সক্ষমতা মূল্যায়নে এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। নগদ অর্থের বরাদ্দ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমের স্থায়িত্ব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ ও মূল্যায়নের উদ্দেশ্যে তথ্য ব্যবহারকারীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি ও নগদ পরিশোধ লেনদেনের সম্ভাব্য সময় এবং নিশ্চয়তা সংক্রান্ত তথ্যের প্রয়োজন হয়।

এই মানদণ্ডসমূহের নির্দেশনা প্রতিপালনে আর্থিক প্রতিবেদনসমূহ প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত তথ্যের ব্যাখ্যা এবং স্বচ্ছতাকে উন্নততর করবে। এটি পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণীর সাথে চলতি বছরের আর্থিক বিবরণীর তুলনাযোগ্যতাকে সহজতর এবং একই (সাধারণ বকেয়া) ভিত্তিতে প্রস্তুতকৃত ধরনের অন্যান্য প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর সাথে তুলনাকে সুবিধাজনক করবে।

১. এই মানদণ্ড প্রয়োগের ক্ষেত্র (Scope of the Requirement)

১.১ এই মানদণ্ডসমূহ নিম্নোক্ত নির্ণায়কসমূহ পূরণ করে এমন সরকারী সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠানগুলোতে প্রয়োগের উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে:

(ক) জনগণের সুবিধার্থে এবং/অথবা আয় ও সম্পদ পুনঃবিতরণের উদ্দেশ্যে সেবা প্রদানের জন্য দায়বদ্ধ;

(খ) মূলত তাদের কার্যক্রম অর্থায়ন করা হয়, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কর এবং/অথবা অন্যান্য সরকারী, সামাজিক অনুদান হস্তান্তর, ঋণ অথবা ফি সমূহের মাধ্যমে; এবং

(গ) প্রাথমিক লক্ষ্য মুনাফা অর্জন নয়;

(ঘ) যে সকল প্রতিষ্ঠানের বাৎসরিক মোট রাজস্ব ৩০ কোটি টাকার অধিক এবং ৫০ কোটি টাকার কম।

১.২ একটি সরকারী খাতে পরিচালিত প্রতিষ্ঠান যেটি বকেয়া ভিত্তিক সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী (GPFS) প্রস্তুত ও উপস্থাপন করে, তার বার্ষিক আর্থিক বিবরণীর উপস্থাপনায় এই মানদন্ডসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করবে।

১.৩ সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণীসমূহ (GPFS) মূলত সেবা গ্রহণকারী ও সংস্থান (Resources) সরবরাহকারী বা তাদের প্রতিনিধিগণ যারা কিনা তাদের সুনির্দিষ্ট তথ্য প্রয়োজন পূরণে উপযোগী করে প্রস্তুতকৃত আর্থিক প্রতিবেদন দাবী করার বা পাওয়ার অবস্থানে নেই, তাদেরকে তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রস্তুত করা হয়ে থাকে। সেবা গ্রহণকারী ও তাদের প্রতিনিধি এবং সংস্থান সরবরাহকারী ও তাদের প্রতিনিধিরা হতে পারে দেশের নাগরিক, বসবাসকারী, করদাতা, সংসদ সদস্য, দাতা সংস্থা, ঋণদাতা বা অন্যান্য প্রতিষ্ঠান যারা সংস্থান সরবরাহ করে অথবা সরকারী সেবার মাধ্যমে সুবিধা প্রদান করে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহ সেবা গ্রহণকারী ও সংস্থান সরবরাহকারীদেরকে তথ্য প্রয়োজনীয়তা পূরণের মাধ্যমে জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে পূরণের পাশাপাশি অন্যান্য পক্ষের জন্যও প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে থাকে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণী হচ্ছে সেই আর্থিক বিবরণীসমূহ যা পৃথকভাবে অথবা অন্য কোন ডকুমেন্ট, যেমন বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তী হিসাবে প্রকাশ করা হয়। এই মানদন্ডে “সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী” এবং “আর্থিক বিবরণী” শব্দদ্বয় সমার্থক হিসেবে ব্যবহৃত হয়েছে (যদি না সুনির্দিষ্টভাবে অন্য কিছু বর্ণিত হয়)।

১.৪ রিপোর্টিং প্রতিষ্ঠান বলতে একটি পৃথক প্রতিষ্ঠানকে বুঝায় যে আর্থিক বিবরণী প্রকাশ করে অথবা যেক্ষেত্রে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সম্মিলিত আর্থিক বিবরণী প্রকাশ করে সেক্ষেত্রে রিপোর্টিং প্রতিষ্ঠানটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত হবে এবং একটি একক প্রতিষ্ঠানের ন্যায় আর্থিক বিবরণী প্রকাশ করবে। সেই সঙ্গে প্রতিষ্ঠানের কর্মসূচি বা পৃথকভাবে শনাক্তযোগ্য কর্মসূচি, যার জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়ে থাকে সেটিও রিপোর্টিং প্রতিষ্ঠানের অংশ হিসাবে গণ্য হবে। যে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে সেই প্রতিষ্ঠানের এবং তার কার্যক্রমের সুনির্দিষ্ট কিছু তথ্য অনুচ্ছেদ ১৪.৩ অনুযায়ী প্রকাশ করা আবশ্যিক।

১.৫ এই মানদন্ডটি একক প্রতিষ্ঠান এবং রিপোর্টিং প্রতিষ্ঠান যা নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত তার আর্থিক বিবরণীতে সমানভাবে প্রযোজ্য। এর জন্য প্রয়োজন হচ্ছে স্থিতিপত্র, আয়-ব্যয় বিবরণী, নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করে তাতে প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত সম্পদ, দায়, আয়, ব্যয়, নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ধারণ, হিসাবভুক্তি ও উল্লেখ করা। সেই সঙ্গে আর্থিক প্রতিবেদনে আর্থিক বিবরণী প্রস্তুতে অনুসৃত নীতিমালা এবং বিবরণীতে উল্লেখিত বিভিন্ন সংখ্যার ব্যাখ্যামূলক টীকা।

২. আর্থিক বিবরণী ব্যবহারকারী এবং তাদের ব্যবহারিক প্রয়োজন

সাধারণত ব্যবহারকারীদের বিভিন্নমুখী প্রয়োজন পূরণের উদ্দেশ্যে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়ে থাকে। ‘লেভেল ৩- সাধারণ বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণী প্রস্তুতকরণ কাঠামো এবং মানদন্ড’ - এর সম্ভাব্য ব্যবহারকারী এবং তাদের ব্যবহার উদ্দেশ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

২.১ সংশ্লিষ্ট তদারকি কর্তৃপক্ষ: -

- (ক) নির্দিষ্ট বছরে বা পুনরীক্ষণ সময়কালে প্রতিষ্ঠানের কর্মসম্পাদন (রাজস্ব, ব্যয়, সম্পদ ও দায়ের) কার্যকারিতা, বাজেটের সঙ্গে প্রকৃত আয়-ব্যয়ের তুলনামূলক মূল্যায়ন এবং ব্যয়সমূহের সঠিকতা নিশ্চিতকরণ;
- (খ) পরবর্তী বছরের বাজেট ভিত্তি নির্ধারণ।

২.২ প্রতিষ্ঠান পরিচালনা কর্তৃপক্ষ: -

- (ক) ব্যবস্থাপনা কর্মদক্ষতা মূল্যায়ন;
- (খ) প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনা ও প্রকৃত অর্জন মূল্যায়ন; এবং
- (গ) ভবিষ্যৎ পরিকল্পনা, বাজেট এবং সংশোধনমূলক পদক্ষেপ ও কার্যক্রম নির্ধারণ।

২.৩ নিরীক্ষক: -

- (ক) নিরীক্ষা কার্যে প্রতিষ্ঠানের হিসাবের সঠিকতা ও ন্যায্যতা যাচাই বাছাইয়ের ভিত্তি হিসেবে অভিন্ন হিসাব কাঠামো

এবং মানদন্ডের ব্যবহার;

(খ) কর্তৃপক্ষের নিরীক্ষা নীতি পদ্ধতির যথাযথ প্রতিপালন; এবং

২.৪ অন্যান্য ব্যবহারকারী: -

(ক) সামষ্টিক ও ব্যষ্টিক বিভিন্ন কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য ও সূচক হিসেবে আর্থিক বিবরণী তথ্যের ব্যবহার।

৩. সংজ্ঞাসমূহ : এই মানদন্ডে নিম্নে উল্লিখিত শব্দসমূহ যে অর্থে ব্যবহৃত হয়েছে –

৩.১ নগদ (Cash): হাতে নগদ, ডিমাল্ড ডিপোজিট বা চাহিদা আমানত ও নগদ সমতুল্য।

৩.২ সাধারণ বকেয়া ভিত্তি (Simple Accrual Basis): হিসাব রক্ষণাবেক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুতের একটি ভিত্তি যা অর্জিত আয় এবং পণ্য বা সেবা প্রাপ্তি (অর্জন) বা পরিশোধ (হ্রাস) সাপেক্ষে লেনদেন এবং অন্যান্য ঘটনাসমূহকে হিসাবভুক্ত করে থাকে।

৩.৩ নগদ সমতুল্য (Cash Equivalents): স্বল্প-মেয়াদী, তরল বিনিয়োগ যা তাৎক্ষণিকভাবে নির্দিষ্ট নগদ অর্থে রূপান্তরযোগ্য এবং যা উল্লেখযোগ্য মূল্য পরিবর্তনের ঝুঁকিতে নেই।

৩.৪ নগদ প্রবাহ (Cash Flow): নগদ আন্তঃপ্রবাহ এবং নগদ বহিঃপ্রবাহ।

৩.৫ নগদ প্রদান (Cash Payment): নগদ বহিঃপ্রবাহ।

৩.৬ নগদ প্রাপ্তি (Cash Receipt): নগদ আন্তঃপ্রবাহ।

৩.৭ নগদ নিয়ন্ত্রণ (Control of Cash): যখন প্রতিষ্ঠানটি তার উদ্দেশ্যসমূহ পূরণকল্পে নগদ অর্থ ব্যবহার করতে বা তা থেকে উপকার পেতে পারে এবং সেই সুবিধাটিতে অন্যের অংশগ্রহণ রহিত করতে বা নিয়ন্ত্রণ করতে পারে।

৩.৮ প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ (Control of an Entity): একটি প্রতিষ্ঠান অন্য একটি প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে যখন প্রতিষ্ঠানটি অপর প্রতিষ্ঠান থেকে বিভিন্ন সুবিধা পাওয়ার অধিকার রাখে এবং প্রতিষ্ঠানটির উপর নিয়ন্ত্রণ দ্বারা সুবিধাগুলোর প্রকৃতি বা পরিমাণকে প্রভাবিত করার ক্ষমতা রাখে।

৩.৯ নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান (Controlled Entity): এমন একটি প্রতিষ্ঠান যা অন্য প্রতিষ্ঠানের (নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসাবে পরিচিত) নিয়ন্ত্রণে থাকে।

৪. সাধারণ বকেয়া ভিত্তি (Simple Accrual Basis)

আর্থিক বিবরণীসমূহ মূলত দু'টি ধারণার ওপর ভিত্তি করে প্রস্তুত করা হয়।

৪.১ বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ: - বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণে আয় অর্জিত হলে তা হিসাবভুক্ত হবে। অর্জিত আয়ের বিপরীতে নগদ অর্থের প্রবাহ হয়ে থাকুক বা না থাকুক। একইভাবে ব্যয় হিসাবভুক্ত হবে পণ্যের সরবরাহ বা সেবা প্রাপ্তির ভিত্তিতে, নগদ অর্থ প্রবাহের ভিত্তিতে নয়। সম্পদ, অবচয়, প্রাপ্য তহবিল/ আয়ের এবং চলতি ও দীর্ঘমেয়াদি দায়ের হিসাবভুক্তকরণ বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ পদ্ধতির অন্তর্ভুক্ত। লেভেল ৩ আর্থিক বিবরণীসমূহ, যেমন আয়-ব্যয় বিবরণী এবং সম্পদ ও দায় স্থিতিপত্র প্রধানত বকেয়া হিসাবপদ্ধতির উপর ভিত্তি করে প্রস্তুত করা হলেও তা নগদ লেনদেনের সাথে যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ।

৪.২ চলমান প্রতিষ্ঠান ধারণা:- লেভেল ৩ আর্থিক বিবরণীসমূহ প্রতিষ্ঠানটি প্রত্যাশিত ভবিষ্যৎ পর্যন্ত চলমান থাকবে এই ধারণার উপর ভিত্তি করে প্রস্তুত করা হবে। অন্যথায় আর্থিক বিবরণীসমূহ আদায়যোগ্য মূল্যে (Recoverable Amount) হবে।

৫. আর্থিক প্রতিবেদনে তথ্যের উল্লেখ এবং উপস্থাপনা সম্পর্কিত নির্দেশনা

এই মানদন্ডে উল্লিখিত নিম্নের শব্দসমূহের অর্থ হচ্ছে:

৫.১ হিসাবরক্ষণ নীতিমালা (Accounting Policy): আর্থিক বিবরণী প্রস্তুত ও উপস্থাপনে কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত নির্দিষ্ট নীতি, ভিত্তি, প্রথা, পদ্ধতি ও চর্চাকে হিসাবরক্ষণ নীতিমালা বলে।

৫.২ বস্তুনিষ্ঠতা (Materiality): তথ্য বস্তুনিষ্ঠ হিসেবে বিবেচিত হয় যখন উক্ত তথ্যের ভ্রান্তির কারণে বা ভুলভাবে উপস্থাপনের ফলে আর্থিক বিবরণী ব্যবহারকারীদের সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে তা ভিন্নতা তৈরী করে বা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনে তা প্রভাব সৃষ্টি করে। বস্তুনিষ্ঠতা সংশ্লিষ্ট লেনদেন বা উদ্বৃত্তের প্রকৃতি ও পরিমাণ উভয়ের উপরই নির্ভর করে এবং সেই সঙ্গে প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট পরিস্থিতির নিরিখে তা বিবেচ্য।

৫.৩ প্রতিবেদনের তারিখ (Reporting Date): সংশ্লিষ্ট আর্থিক বিবরণী সম্পর্কিত প্রতিবেদন সময়কালের শেষ দিনের তারিখ।

৬. আর্থিক বিবরণীর তথ্যসমূহ: আর্থিক বিবরণীসমূহে অন্তর্ভুক্ত তথ্যসমূহ হচ্ছে-

৬.১ সম্পদ (Asset): অতীতের লেনদেন বা ঘটনার ভিত্তিতে প্রাপ্ত অর্থনৈতিক সংস্থান (Resource) যা বর্তমানে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন। অর্থনৈতিক সংস্থান বলতে অধিকারকে (Right) বুঝায় যা থেকে সম্ভাব্য অর্থনৈতিক সুবিধাদি অর্জিত হবে।

প্রকল্প (Project) বা কর্মসূচি (Program) সম্পদ হিসাবভুক্তকরণ: সংবিধিবদ্ধ কর্তৃপক্ষসমূহের আর্থিক বিবরণী প্রস্তুতকরণে সম্পদের উল্লিখিত সংজ্ঞা এবং সম্পদ থেকে আয় বা বিক্রয়যোগ্যতার সম্ভাব্যতা বিবেচনা করতে হবে। অন্যথায় তা খরচ হিসাবে হিসাবভুক্ত হবে। প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি বা প্রকল্প, কর্মসূচির আওতায় অবকাঠামো বা ভৌত খরচ যেমন খাল খনন, নদ পুনঃখনন, বাধ নির্মাণ, নদী তীর সংরক্ষণ, নদীর ড্রেজিং ইত্যাদি এ জাতীয় ভৌত কার্য যাহাতে প্রতিষ্ঠানের অধিকার (Right) নেই বা সম্ভাব্য অর্থনৈতিক সুবিধা প্রাপ্তির সুযোগ নেই সেক্ষেত্রে এই কার্যসমূহ মূলধনী অনুদানভুক্ত হলেও তা খরচ হিসাবে হিসাবভুক্ত হবে। তবে যেকোন প্রকল্প বা কর্মসূচিতে ব্যবহৃত স্থানান্তরযোগ্য সম্পদসমূহ সম্পদ হিসাবে হিসাবভুক্ত করে বাৎসরিক নির্দিষ্ট হারে অবচয় হিসাবভুক্ত করতে হবে। যেমন: যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, যানবাহন, আসবাবপত্র, দালান, ভৌত কাঠামো, জমি যাহাতে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ (Control) এবং অধিকার (Right) রয়েছে।

৬.২ দায় (Liability): অতীত লেনদেন বা ঘটনার ভিত্তিতে অর্থনৈতিক সংস্থান (Resource) হস্তান্তরের বর্তমান বাধ্যবাধকতা (Obligation), যা দীর্ঘকালীন লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৬.৩ মালিকানাংশ/তহবিল (Equity/Fund): প্রতিষ্ঠানের মোট সম্পদ থেকে মোট দায় বাদ দেয়ার পর অবশিষ্ট উদ্বৃত্ত অংশকে ইকুইটি বা তহবিল নামে অভিহিত করা হয়।

৬.৪ আয় (Revenue): সম্পদের বৃদ্ধি বা দায়ের হ্রাস, যা কিনা মালিকানাংশ বৃদ্ধি ঘটাবে, তবে তা মালিকানাংশের অধিকারী কর্তৃক দানের মাধ্যমে নয়। অনুদান থেকে আয়ের ক্ষেত্রে আইএসএ ২০ এর ধারা ২০ প্রযোজ্য হবে, অর্থাৎ একটি নির্দিষ্ট অর্থ বছরে মোট ব্যয়ের সমপরিমাণ অর্থ উক্ত অর্থ বছরের উক্ত প্রতিষ্ঠানের অনুদান আয় হিসাবের হিসাবভুক্ত হবে। ব্যয় নির্বাহের পর অনুদানের উদ্বৃত্ত অর্থ থাকলে বা প্রাতিষ্ঠানিক কার্যক্রম সংক্রান্ত উৎস হতে প্রাপ্ত অর্থ যেমন: ফি, চার্জ, জরিমানা ইত্যাদি প্রজাতন্ত্রের সংযুক্ত তহবিলে জমা প্রদানের শর্ত থাকলে তা দায় হিসাবে স্থিতিপত্রে অন্তর্ভুক্ত হবে। সেক্ষেত্রে প্রাতিষ্ঠানিক কার্যক্রম সংক্রান্ত আয়ের সমপরিমাণ অর্থ তহবিল হিসাবে ডেবিট করে তা দায়ে অন্তর্ভুক্ত করতে হবে।

৬.৫ ব্যয় (Expense): সম্পদের হ্রাস বা দায়ের বৃদ্ধি, যার দ্বারা মালিকানাংশ হ্রাস পাবে, তবে তা মালিকানাংশের অধিকারীকে প্রদত্ত অর্থের কারণে নয়।

৭. আর্থিক বিবরণী তথ্যসমূহের স্বীকৃতি

আর্থিক বিবরণী উপাদান বা তথ্যের সংজ্ঞা পূরণ করে এমন উপাদানের স্বীকৃতি দেয়া হবে যদি -

৭.১ এটি সম্ভাব্য হয় যে ভবিষ্যতে উক্ত উপাদান হতে কোনো অর্থনৈতিক প্রবাহ প্রতিষ্ঠানে আসবে বা অর্থনৈতিক প্রবাহ প্রতিষ্ঠান থেকে যাবে; এবং

৭.২ লেনদেন বা তথ্যটির ব্যয় বা মূল্য নির্ভরযোগ্যতার সাথে পরিমাপ করা যায়।

৮. লেনদেনের পরিমাপ বা মূল্যায়ন

৮.১ আর্থিক বিবরণী প্রস্তুত করার ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত মূল্য পরিমাপের ভিত্তি হচ্ছে অতীত লেনদেন মূল্য (Historical Cost)। সেই সাথে ক্ষেত্রবিশেষে বাজার ন্যায্যমূল্য (Fair Value), নীট আদায়যোগ্য মূল্য (Net Realizable Value), পুনরুদ্ধার মূল্য (Recoverable Value) ব্যবহারের প্রয়োজন রয়েছে।

৯. আর্থিক বিবরণী প্রস্তুতকরণে মৌলিক আবশ্যিক বিষয়সমূহ

৯.১ নিম্নলিখিত অনুচ্ছেদগুলোতে লেভেল ৩ আর্থিক বিবরণী প্রস্তুতকরণে প্রযোজ্য মৌলিক দিকনির্দেশনা দেয়া হলো।

৯.২ আর্থিক বিবরণী পূর্ণসেটে ন্যূনতম নিম্নলিখিত বিবরণীসমূহ অন্তর্ভুক্ত থাকবে:

৯.২.১ সম্পদ ও দায় স্থিতিপত্র (Balance Sheet);

৯.২.২ আয়-ব্যয় বিবরণী (Statement of Income and Expenditure);

৯.২.৩ নগদ প্রবাহ বিবরণী (Cash Flow Statement);

৯.২.৪ বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী (Budget vs Actual Analysis) এবং

৯.২.৫ ব্যাখ্যামূলক টীকা (Notes to the Financial Statement) ।

৯.৩ এছাড়াও ব্যবহারকারীদেরকে প্রদত্ত তথ্যের সামগ্রিক স্বচ্ছতা এবং গুণগত মান বাড়ানোর উদ্দেশ্যে প্রতিষ্ঠান অন্যান্য বিবরণী বা তথ্যাদি অন্তর্ভুক্ত করতে পারে।

৯.৪ চলমান প্রতিষ্ঠান ধারণার ওপর ভিত্তি করে আর্থিক বিবরণী প্রস্তুত করা আবশ্যিকীয় যদি না উহার প্রশাসনিক কর্তৃপক্ষ উক্ত সংস্থার কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত চূড়ান্ত করে থাকেন।

৯.৫ আর্থিক বিবরণী বছরে অন্তত একবার প্রস্তুত করতে হবে।

৯.৬ আর্থিক বিবরণীতে পূর্ববর্তী বছরের তুলনামূলক তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

৯.৭ বস্তুনিষ্ঠ ও প্রাসঙ্গিক লেনদেন বা ঘটনা হিসাবভুক্ত করার ক্ষেত্রে এই মানদন্ডে উল্লিখিত নীতি-পদ্ধতির সঙ্গে সাংঘর্ষিক না হলে এফআরসি জারীকৃত লেভেল-২ বা লেভেল-১ আর্থিক প্রতিবেদন মানদন্ড অনুসরণ করা যাবে।

১০. স্থিতিপত্রে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Balance Sheet)

স্থিতিপত্রে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

১০.১ সম্পদ ও দায় স্থিতিপত্রে চলতি ও অ-চলতি সম্পদ এবং চলতি ও অ-চলতি দায় পৃথকভাবে শ্রেণীবিন্যাস আকারে উপস্থাপন করতে হবে।

১০.২ একটি সম্পদকে চলতি সম্পদ (Current Asset) হিসাবে হিসাবভুক্ত করার ক্ষেত্রে বিবেচ্য হবেঃ

১০.২.১ প্রতিষ্ঠানের স্বাভাবিক পরিচালনা কার্যে ব্যবহার বা একটি কালচক্রে বিক্রয় বা ব্যবহার করার উদ্দেশ্যে ক্রয়কৃত সম্পদ বা পণ্য; বা

১০.২.২ প্রাথমিকভাবে স্বল্প মেয়াদে বা আর্থিক বিবরণী তারিখ হতে ১২ মাসের মধ্যে আদায়যোগ্য হবে বলে আশা করা হচ্ছে এ ধরনের হিসাবভুক্ত প্রাপ্য; বা

১০.২.৩ নগদ এবং নগদ সমতুল্য অর্থ।

১০.৩ অন্যান্য সকল সম্পদকে অ-চলতি সম্পদ (Non-current Asset) হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

১০.৪ একটি দায়কে চলতি দায় হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে যখন এটি:

১০.৪.১ প্রতিষ্ঠানের স্বাভাবিক পরিচালনা কার্যে বা একটি কালচক্রে নিষ্পত্তি হবে বলে আশা করা হবে; বা

১০.৪.২ আর্থিক বিবরণী তারিখের ১২ মাসের মধ্যে নিষ্পত্তি করার বাধ্যবাধকতা রয়েছে।

১০.৫ অন্যান্য সকল দায়কে অ-চলতি দায় হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

১০.৬ সম্পদ ও দায় স্থিতিপত্রে পরিশিষ্ট ১-এ প্রদর্শিত হিসাব শিরোনামগুলো (প্রযোজ্য ক্ষেত্রে) অন্তর্ভুক্ত করতে হবে।

১০.৭ প্রতিবেদন প্রস্তুতকৃত সময়কালে প্রতিষ্ঠানের মোট তহবিল/মূলধনের (মালিকানাংশত) হ্রাস-বৃদ্ধি উল্লেখ করতে হবে।

১০.৮ আয়-ব্যয় বিবরণীতে পরিশিষ্ট ২-এ প্রদর্শিত হিসাব শিরোনামগুলো (প্রযোজ্য ক্ষেত্রে) অন্তর্ভুক্ত করতে হবে।

১০.৯ বাড়তি হিসাব শিরোনাম, শিরোনাম ভিত্তিক মোট ব্যালেন্স এবং অংশ ভিত্তিক মোট, যদি প্রাসঙ্গিক এবং গুরুত্বপূর্ণ হয়, তাহলে সম্পদ ও দায় স্থিতিপত্রে বা আয়-ব্যয় বিবরণীতে তা উল্লেখ করা আবশ্যিকীয়।

১০.১০ স্থায়ী সম্পদ যেমন- ভূমি, ভবন, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রাথমিকভাবে তার লেনদেন মূল্যে পরিমাপ করা বাঞ্ছনীয়। সম্পদ, কারখানা সরঞ্জাম ও যন্ত্রপাতির মোট মূল্য নির্ধারণে তার ক্রয় মূল্য, প্রযোজ্য ক্ষেত্রে আমদানি শুল্ক এবং অ-ফেরতযোগ্য ক্রয়কর এবং সম্পদটিকে ব্যবহার উপযোগী করার উদ্দেশ্যে অন্যান্য প্রত্যক্ষ ব্যয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবে। ক্রয়মূল্য নির্ধারণের সময় বাট্টা ও ছাড়ের অর্থ বাদ দিতে হবে।

১০.১১ সম্পদ, কারখানা সরঞ্জাম ও যন্ত্রপাতির অবচয় (Depreciation) সম্পদটির অবচয়যোগ্য মূল্য (ক্রয়মূল্য বাদ চূড়ান্ত বিক্রয় থেকে প্রত্যাশিত আয়) ও তার আয়ুষ্কাল অনুযায়ী একটি যথাযথ পদ্ধতিগত ভিত্তিতে চার্জ বরাদ্দ করা বাধ্যতামূলক। এক্ষেত্রে সরলরৈখিক অবচয় পদ্ধতি (Straight line depreciation method) সবচেয়ে সহজ পদ্ধতি। তবে, যৌক্তিক কারণে অন্যান্য পদ্ধতিও ব্যবহার করা যেতে পারে।

১০.১২ যদি কোন সম্পদ, ভূমি, ভবন, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি ইত্যাদি কোন সম্পদের মূল্য অবলোপন হয়, যার ফলে নগদ আন্তঃপ্রবাহের মাধ্যমে সম্পদের নীট মূল্য আদায়যোগ্য না থাকে, তবে এর নীট মূল্য সম্পদ থেকে প্রাপ্য নগদ প্রবাহ ঘাটতি দ্বারা হ্রাস করতে হবে। নগদ প্রবাহ সম্পদের আদায়যোগ্য মূল্য বা এর অব্যাহত ব্যবহার থেকে আসতে পারে এবং এক্ষেত্রে বাট্টাকরণ করার প্রয়োজন নেই। বাজারমূল্য হ্রাস ও অপ্রচলতা মূল্য অবলোপনের সূচক হিসেবে বিবেচ্য।

১০.১৩ ভূমির আয়ুষ্কাল সাধারণত সীমাহীন তাই অবচয় করা হয় না। কিন্তু ভবনের আয়ুষ্কাল সীমিত, তাই অবচয় করা হয়।

১০.১৪ স্থায়ী সম্পদ, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতির প্রতিটি শ্রেণীর জন্য আর্থিক বিবরণী সময়কালের শুরু এবং শেষের নীটমূল্যের হ্রাস-বৃদ্ধির নিম্নলিখিত বিস্তারিত তথ্য প্রকাশ করা আবশ্যিক:

(ক) নতুন ক্রয় বা সংযোজন;

(খ) বিক্রয় বা হস্তান্তর বা বিলোপ;

(গ) অবচয় হার, পরিমাণ ও ব্যবহারের সময়কাল।

১০.১৫ লিজ বা ইজারা ব্যয় হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে এবং উল্লেখযোগ্য মূল্যের ক্ষেত্রে আর্থিক বিবরণীর টীকাতে তা প্রকাশ করতে হবে।

১০.১৬ মজুদপণ্য উহার ক্রয়মূল্য ও নীট আদায়যোগ্য মূল্যের (আনুমানিক বিক্রয় মূল্য বাদ বিক্রয় সংক্রান্ত প্রয়োজনীয় আনুষঙ্গিক খরচ) মধ্যে যেটি কম, সেটিতে পরিমাপ করতে হবে।

১০.১৭ মজুদপণ্য মূল্য গণনায় ক্রয়সংক্রান্ত সকল খরচ এবং ব্যবহারযোগ্য অবস্থায় (যেমন: পরিবহন, উৎপাদনের জন্য আনুষঙ্গিক অন্যান্য খরচ) আনয়নে ব্যয়িত অন্যান্য খরচসমূহও অন্তর্ভুক্ত করতে হবে।

১০.১৮ মজুদপণ্যের ব্যয় নির্ধারণে প্রতিটি ব্যয়ের জন্য স্বতন্ত্র বা নির্দিষ্ট সনাক্তকরণ পদ্ধতি ব্যবহার করা যেতে পারে। অন্যথায়, ফাস্ট-ইন ফাস্ট-আউট (ফিফো) বা গড় পদ্ধতিতে মজুদপণ্যের ব্যয় নির্ধারণ করতে হবে।

১১. আয়-ব্যয় বিবরণীতে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Statement of Income and Expenditure)

১১.১ আয়-ব্যয় বিবরণীতে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

১১.২ আয়ের সাথে পণ্য ও সেবার উপর কর যুক্ত হবে না এবং প্রাপ্য কমিশন অন্তর্ভুক্ত করতে হবে।

১১.৩ পণ্য বা সেবা বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতা বা ভোক্তার নিকট সেবা প্রদান বা আর্থিক ঝুঁকি ও মালিকানা সুবিধা হস্তান্তর নিশ্চিত করার পর প্রতিষ্ঠান তা আয় হিসাবে উল্লেখ করবে।

১১.৪ সেবা প্রদান থেকে প্রাপ্ত আয়, সেবা যে পরিমাণে সরবরাহ করা হয়েছে সে অনুপাতে হিসাবভুক্ত (স্বীকৃতি) করতে হবে।

১১.৫ দেনাদার থেকে অর্থ প্রাপ্তির অনিশ্চয়তা থাকলে, সেক্ষেত্রে প্রাপ্য অর্থের সঞ্চিত (Provision) করতে হবে।

১১.৬ যে কোন উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ লাভ বা ক্ষতি পৃথকভাবে প্রকাশ করতে হবে।

১১.৭ প্রতিবেদন সময়কালের ব্যাতিরিক্ত আয় বা আয়তিরিক্ত ব্যয়ের ওপর আনুমানিক প্রদেয় কর আয়-ব্যয় বিবরণীতে উল্লেখ করতে হবে।

১২. আর্থিক প্রতিবেদন নীতিমালা ও ব্যাখ্যামূলক টীকা (Accounting Policies and Explanatory Notes)

আর্থিক বিবরণীর ব্যাখ্যামূলক টীকাগুলোতে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা আবশ্যিকীয়:

১২.১ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, যে নির্দিষ্ট আইনানুযায়ী প্রতিষ্ঠিত এবং আইনগত অধিকার, প্রতিষ্ঠাকাল, প্রতিষ্ঠানের পরিচালনা উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমের বিবরণ;

১২.২ আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য ব্যবহৃত আর্থিক বিবরণী মানদণ্ড এবং হিসাব কাঠামো;

১২.৩ হিসাব প্রস্তুত করতে ব্যবহৃত বিভিন্ন মানদণ্ডের বিবরণ;

১২.৪ এতদসঙ্গে সংযোজিত পরিশিষ্ট ৩-২ ও পরিশিষ্ট ৩-১ অনুযায়ী সম্পদ ও দায় স্থিতিপত্রের ও আয়-ব্যয় বিবরণীর বিভিন্ন হিসাব বা তথ্যের বিস্তারিত অংশসমূহ, উহাদের হ্রাস-বৃদ্ধির সংক্ষিপ্ত কারণ উল্লেখ করতে হবে।

১২.৫ সম্ভাব্য ঘটনার বিবরণ (সম্ভাব্য সম্পদ বা দায় যার অস্তিত্ব ভবিষ্যতে কোন ঘটনা ঘটা বা না ঘটায় দ্বারা নিশ্চিত হওয়া যাবে);

১২.৬ আর্থিক বিবরণীর স্বচ্ছতা, বোধগম্যতার জন্য বস্তুনিষ্ঠ, গুরুত্বপূর্ণ, অসচরাচর উদ্ভূত, অর্থের পরিমাণের ক্ষেত্রে কারণ, সূত্রসহ পূর্ণাঙ্গ ব্যাখ্যার উল্লেখ এবং প্রাসঙ্গিক অন্য কোন তথ্য;

১২.৭ আর্থিক বিবরণীতে উপস্থাপিত গুরুত্বপূর্ণ খাত অথবা প্রতিষ্ঠান যেগুলো প্রতিবেদন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে অন্তর্ভুক্ত এবং সেগুলোর উল্লেখযোগ্য পরিবর্তন যদি হয়ে থাকে।

১২.৮ যদি কোন প্রতিষ্ঠান এই মানদণ্ডে উল্লেখিত বকেয়া ভিত্তিক- এ উল্লিখিত প্রয়োজনীয় বিষয় ব্যতিত অন্য কোন ভিত্তিক কোন তথ্য প্রকাশের সিদ্ধান্ত নেয় তবে, সেক্ষেত্রে উক্ত বিষয় আর্থিক বিবরণীর টীকাতে উল্লেখ করতে হবে।

১৩. আর্থিক বিবরণীর আবশ্যিক গুণগত বৈশিষ্ট্য

১৩.১ আর্থিক বিবরণীর গুণগত বৈশিষ্ট্য আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্যসমূহকে ব্যবহারকারীদের জন্য ব্যবহার উপযোগী করে তোলে। এর প্রধান আবশ্যিকীয় গুণগত বৈশিষ্ট্যগুলো হলো:

(ক) বোধগম্যতা (Understandability): আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্য ব্যবহারকারী কর্তৃক সহজেই বোধগম্য হওয়া অপরিহার্য;

(খ) প্রাসঙ্গিকতা (Relevance): ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ এবং জবাবদিহিতার প্রয়োজনীয়তার সাথে তথ্যসমূহ অবশ্যই প্রাসঙ্গিক হতে হবে;

(গ) নির্ভরযোগ্যতা (Reliability): তথ্য নির্ভরযোগ্য বলে বিবেচিত হয় যখন আর্থিক বিবরণী তথ্যাদি উল্লেখযোগ্য ত্রুটিমুক্ত এবং অন্যান্য প্রভাবমুক্ত হয়, তথ্যাদি প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী বিশ্বস্ত তথ্য হিসেবে বিবেচিত এবং নির্ভরযোগ্য হয়;

(ঘ) তুলনায়োগ্যতা (Comparability): আর্থিক বিবরণীর তথ্যসমূহ তুলনায়োগ্য হতে হবে যেন ব্যবহারকারীরা অন্যান্য বছরের সঙ্গে চলমান বছরের আর্থিক বিবরণীর পারস্পরিক তুলনা এবং অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে আর্থিক অবস্থা এবং আর্থিক কর্মক্ষমতার তুলনামূলক মূল্যায়নে সক্ষম হন।

(ঙ) সম্পূর্ণ (Complete);

(চ) নিরপেক্ষ (Neutral);

(ছ) বস্তুনিষ্ঠ ত্রুটিমুক্ত (Free from material error);

(জ) সময়োপযোগী (Timely); এবং

(ঝ) যাচাইযোগ্য (Verifiable)।

১৩.২ আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত তথ্যের চ্যালেঞ্জগুলো হলো, এটি বস্তুনিষ্ঠ হতে হয়, তথ্যের ব্যবহার উপকার তথ্যের ব্যয় থেকে অধিক এ মূল্যায়নকে সন্তুষ্ট করতে হয় এবং উপরোল্লিখিত (ক) থেকে (ঝ) - এর মধ্যে উল্লিখিত গুণগত বৈশিষ্ট্যগুলোর মধ্যে একটি উপযুক্ত ভারসাম্য অর্জন করতে হয়।

১৩.৩ হিসাবরক্ষণ এবং আর্থিক বিবরণী প্রস্তুতের সুবিধা তা রক্ষণাবেক্ষণ ব্যয়ের সাথে ভারসাম্যপূর্ণ হতে হবে। আর্থিক বিবরণী তথ্য থেকে প্রাপ্ত সুবিধাসমূহ তথ্য সরবরাহ ব্যয় থেকে অধিক হওয়া বাঞ্ছনীয়। সেক্ষেত্রে আর্থিক বিবরণী তথ্য প্রস্তুতে অপ্রাসঙ্গিক, গুরুত্বহীন বিষয়ের অন্তর্ভুক্তি পরিত্যাজ্য। তবে, সুবিধা এবং ব্যয়ের মূল্যায়ন একটি বিবেচনাসাপেক্ষ বিষয়।

১৩.৪ বাস্তবে, গুণগত বৈশিষ্ট্যসমূহের মধ্যে ভারসাম্য রক্ষা প্রায়শই প্রয়োজন হয়। বিভিন্ন ক্ষেত্রে, গুণগত বৈশিষ্ট্যের আপেক্ষিক গুরুত্ব নির্ধারণ একটি পেশাদারী বিবেচনার বিষয়।

১৩.৫ আর্থিক বিবরণী টীকার “আর্থিক প্রতিবেদন নীতিমালা” অংশে প্রয়োগকৃত হিসাববিজ্ঞান নীতি সুনির্দিষ্টভাবে বর্ণনা করতে হবে, যাতে আর্থিক বিবরণীতে ব্যবহৃত প্রতিটি নীতি সহজেই বোধগম্য হয়।

১৩.৬ অনুপযুক্ত বা ভুল হিসাব দাখিলা (Accounting Treatment) আর্থিক প্রতিবেদন নীতিমালা, টীকা বা অন্য কোন ব্যাখ্যামূলক উল্লেখ দ্বারা সংশোধিত হয়ে যায় না।

১৪. সাধারণ বিবেচনা (General Considerations)

১৪.১ প্রতিবেদন সময়কাল (Reporting Period)

১৪.১.১ সাধারণ উদ্দেশ্যে তৈরী (GPFS) আর্থিক বিবরণী বছরে কমপক্ষে একবার (১) প্রস্তুত করতে হবে। ব্যতিক্রমক্ষেত্রে, কোন প্রতিষ্ঠানের প্রতিবেদন তারিখ পরিবর্তন হলে বার্ষিক আর্থিক বিবরণী এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য প্রস্তুত করতে হতে পারে, সেক্ষেত্রে আর্থিক প্রতিবেদনে সময়কাল উল্লেখ করার সাথে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে-

(ক) এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য আর্থিক বিবরণী প্রস্তুতের কারণ; এবং

(খ) আর্থিক বিবরণীতে উল্লেখিত তুলনামূলক টীকার পরিমাণ অন্যান্য হিসাব বছরের সাথে তুলনায়োগ্য নাও হতে পারে এ সংক্রান্ত ঘোষণা ও তথ্য আর্থিক বিবরণী টীকাতে উল্লেখ থাকবে।

১৪.২ আর্থিক বিবরণী অনুমোদন তারিখ (Authorization Date)

১৪.২.১ আর্থিক বিবরণী অনুমোদনের তারিখ, অনুমোদনকারী কর্তৃপক্ষের তথ্যাদি, প্রকাশিত আর্থিক বিবরণী যদি অন্য কোন প্রতিষ্ঠান বা পক্ষ সংশোধন করার ক্ষমতা রাখে, সেটিও আর্থিক বিবরণীর টীকাতে প্রকাশ করতে হবে।

১৪.২.২ অনুমোদনের তারিখ বলতে যে তারিখে আর্থিক বিবরণী অধিকার প্রাপ্ত অনুমোদনকারী ব্যক্তি বা পরিষদ, বোর্ড দ্বারা প্রকাশের জন্য অনুমোদন প্রাপ্ত হয়, সে তারিখকে বোঝাবে।

১৪.৩ প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

১৪.৩.১ আর্থিক বিবরণীর টীকাগুলোতে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে, যদি তথ্যসমূহ আর্থিক বিবরণী সংযুক্ত অন্য কোন প্রকাশনায় প্রকাশ করা না হয়ে থাকে:

(ক) প্রতিষ্ঠানের ঠিকানা, যে নির্দিষ্ট আইনানুযায়ী প্রতিষ্ঠিত এবং আইনগত অধিকার, পরিচালনা ক্ষেত্র;

(খ) প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলী ও পরিচালনার ধরণ বর্ণনা;

(গ) প্রতিষ্ঠানের গঠন, উদ্দেশ্য ও কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আইনের উল্লেখ;

(ঘ) আর্থিক বিবরণীতে উপস্থাপিত গুরুত্বপূর্ণ খাত অথবা প্রতিষ্ঠান যোগ্য প্রতিবেদন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে অন্তর্ভুক্ত এবং সেগুলোর উল্লেখযোগ্য পরিবর্তন যদি হয়ে থাকে।

১৪.৪ নগদ জের ও ঋণ গ্রহণের উপর বিধিনিষেধ

১৪.৪.১ আর্থিক বিবরণীর টীকাতে মন্তব্যসহ নিম্নলিখিত বিষয়সমূহের প্রকৃতি ও টাকার পরিমাণসহ উল্লেখ করতে হবে:

(ক) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য প্রাপ্তব্য (Available) নয়;

(খ) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা বাহ্যিক বিধিনিষেধের আওতাধীন;

(গ) অ-উত্তোলনকৃত ঋণ সুবিধা যা ভবিষ্যতে পরিচালন কার্যক্রম এবং মূলধনের প্রতিশ্রুতি নিষ্পত্তি করার জন্য প্রাপ্তব্য হতে পারে এবং উক্ত সুবিধা ব্যবহারের ক্ষেত্রে যদি কোন বিধিনিষেধ থাকে, তার উল্লেখ।

১৪.৫ আর্থিক বিবরণী উপস্থাপনায় ধারাবাহিকতা

১৪.৫.১ আর্থিক বিবরণীর প্রতিটি উপাদানের (ব্যালেন্সের) উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস এক সময়কাল থেকে অন্য সময়কালে ধারাবাহিকভাবে সামঞ্জস্যপূর্ণ হবে, নিম্নোক্ত ব্যতিক্রম ব্যতীত :

(ক) প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রকৃতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয় অথবা আর্থিক বিবরণী পর্যালোচনার পরে হিসাব নীতিমালা নির্বাচন এবং প্রয়োগের ক্ষেত্রে অন্য কোন উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস অধিক উপযুক্ত বলে মনে হয় যা অনুচ্ছেদ ১৩.১ এ উল্লিখিত হয়েছে;

(খ) ভবিষ্যতে এই মানদণ্ড সংশোধনের কারণে উপস্থাপনের ধরণে পরিবর্তন হলে।

১৪.৬ আর্থিক বিবরণী তথ্যসমূহ একত্রীকরণ (Consolidation) প্রক্রিয়ার ধাপসমূহ

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা অফিস, বিক্রয় বা বিতরণ কেন্দ্র বা স্টেশন ইত্যাদির লেনদেন, আয়, ব্যয়, সম্পদ, দায় সংক্রান্ত তথ্যসমূহ প্রধান অফিসে রক্ষিত হিসাবের সঙ্গে একত্রীকরণে নিম্নে উল্লিখিত ধাপসমূহে প্রতিপালনীয়:

(১) একত্রিতকরণ (Combination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণীর উপাদানসমূহ যেমন- সম্পদ, দায়, তহবিল/মালিকানাশ্রুত, আয়, ব্যয় এবং নগদ প্রবাহ একত্রিত করা।

(২) আর্থিক বিবরণী থেকে বাদ দেয়া (Elimination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণী তথ্যসমূহে প্রধান অফিসের সঙ্গে শাখা অফিসের এবং আন্তঃশাখা (Inter-branch) প্রাপ্য, দায়, আয়, ব্যয় থাকলে তা বাদ দেয়া।

১৪.৭ তুলনামূলক তথ্য

১৪.৭.১ এই মানদন্ডের বিধান অনুযায়ী যদি অন্যকিছুর অনুমতি বা বাধ্যবাধকতা না থাকে তবে মানদন্ডটির প্রয়োজনীয়তার ভিত্তিতে সমস্ত সংখ্যাগত তথ্য আর্থিক বিবরণীতে প্রকাশ করার সঙ্গে পূর্ববর্তী সময়কালের তুলনামূলক সংখ্যাগত তথ্য প্রকাশ করা হবে। তবে যে আর্থিক বছর এই মানদন্ড প্রথম প্রয়োগ করা হবে সেই বছরের আর্থিক বিবরণীর ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। ব্যাখ্যা এবং বর্ণনার ক্ষেত্রেও তুলনামূলক তথ্য উল্লেখ করা বাঞ্ছনীয় যদি সেটি চলতি বছরের আর্থিক বিবরণী বোঝার জন্য প্রাসঙ্গিক হয়।

১৪.৭.২ এই মানদন্ডের প্রয়োজনীয়তার ভিত্তিতে উপস্থাপনকৃত বা শ্রেণীবিন্যাসকৃত তথ্য, উদ্ধৃত বা সংখ্যার গণনা পদ্ধতিতে কোন পরিবর্তন করা হলে দুষ্কর বা অবাস্তবতা ব্যতীত পূর্ববর্তী বছরের তুলনামূলক তথ্যসমূহও পরিবর্তন করে উপস্থাপনা, শ্রেণিবিন্যাস করতে হবে। এটা চলতি বছরের তথ্যের তুলনাযোগ্যতাকে নিশ্চিত করবে। পুনঃবিন্যাসের প্রকৃতি, পরিমাণ এবং কারণ উল্লেখ করতে হবে। তুলনামূলক তথ্য পুনঃশ্রেণীবিন্যাস করা দুষ্কর, অসম্ভব হলে তার কারণ পরিবর্তনের ধরন, প্রভাব কি হতো তা উল্লেখ করতে হবে।

১৪.৮ আর্থিক বিবরণী সনাক্তকরণ

১৪.৮.১ একই নথিতে একই সঙ্গে প্রকাশিত আর্থিক বিবরণীসমূহ অন্যান্য তথ্য থেকে পৃথকভাবে এবং স্পষ্টভাবে শনাক্ত এবং পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

১৪.৮.২ আর্থিক প্রতিবেদনের প্রতিটি বিবরণী স্পষ্ট করে চিহ্নিত থাকবে। এছাড়াও উপস্থাপিত তথ্য যথাযথভাবে বোঝার জন্য নিম্নলিখিত তথ্যগুলি আর্থিক বিবরণীতে বিশেষভাবে প্রদর্শিত হবে এবং তা পুনরাবৃত্তি করা হবে;

(ক) প্রতিষ্ঠানের নাম এবং পরিচিতির অন্যান্য তথ্যসমূহ;

(খ) আর্থিক বিবরণীসমূহে একটি বা একাধিক প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তি বিষয়ে উল্লেখ থাকবে;

(গ) প্রতিবেদনের তারিখ বা আর্থিক বিবরণীর সময়কাল, যা উক্ত আর্থিক বিবরণীর তথ্যসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ;

(ঘ) আর্থিক প্রতিবেদন মুদ্রা; এবং

(ঙ) আর্থিক বিবরণীতে উল্লিখিত সংখ্যাসমূহের নির্ভুলতার স্তর।

১৪.৯ ত্রুটি সংশোধন

১৪.৯.১ আর্থিক বিবরণীতে উল্লিখিত নগদ উদ্ধৃতির ক্ষেত্রে কোনও ত্রুটি দেখা দিলে, যা পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণী সাথে সম্পর্কিত উক্ত ত্রুটির পরিমাণটি বছরের প্রারম্ভিক উদ্ধৃতির সঙ্গে সমন্বয় হিসেবে উল্লেখ করা হবে।

তুলনামূলক তথ্যসমূহ পুনঃউল্লেখ (Restatement) করা হবে, যদি না এটি করা দুষ্কর বা অসম্ভব হয়।

১৪.৯.২ একটি প্রতিষ্ঠান ত্রুটি সংশোধিত তথ্যসমূহ আর্থিক বিবরণীর টিকাতে উল্লেখ করবে:

(ক) পূর্ববর্তী হিসাব বছরের সাথে সম্পর্কিত ত্রুটির প্রকৃতি;

(খ) সংশোধনের পরিমাণ; এবং

(গ) তুলনামূলক তথ্য পুনঃউল্লেখ করা হয়েছে অথবা তা করা দুষ্কর বা অসম্ভব।

১৫. বৈদেশিক মুদ্রা লেনদেন

সংজ্ঞা - নিম্নলিখিত শব্দগুলি এই মানদন্ডে নিম্নরূপ অর্থে ব্যবহৃত হয়েছে:

১৫.১ সমাপনী হার (Closing Rate): প্রতিবেদনের তারিখে তাৎক্ষণিক (Spot) বৈদেশিক মুদ্রা বিনিময় হার, যা কেন্দ্রীয় ব্যাংক প্রকাশিত তথ্য ভিত্তিক হবে।

১৫.২ বিনিময় পার্থক্য (Exchange Difference): বৈদেশিক মুদ্রায় লেনদেনকৃত ভিন্ন ভিন্ন তারিখের লেনদেনের ভিন্ন ভিন্ন বিনিময় হারে আর্থিক প্রতিবেদন মুদ্রায় পরিবর্তিত করার ফলে প্রাপ্ত পার্থক্য।

১৫.৩ বিনিময় হার (Exchange Rate): দুটি মুদ্রার বিনিময় অনুপাত।

১৫.৪ বৈদেশিক মুদ্রা (Foreign Currency): প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা ব্যতীত অন্য যেকোন মুদ্রা।

১৫.৫ আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা (Presentation Currency): যে মুদ্রায় আর্থিক বিবরণীর তথ্য প্রকাশ করা হয়।

১৫.৬ তাৎক্ষণিক বিনিময় হার (Spot Exchange Rate): তাৎক্ষণিক পরিবর্তনের জন্য মুদ্রার বিনিময়ের হার।

১৬. বৈদেশিক মুদ্রায় নগদ প্রাপ্তি, প্রদান এবং নগদ হিসাবের উদ্ধৃতির হিসাবভুক্তকরণ

১৬.১ বৈদেশিক মুদ্রায় লেনদেনের ফলে উদ্ধৃত নগদ প্রাপ্তি এবং পরিশোধ লেনদেন প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন মুদ্রায় হিসাবভুক্ত করার ক্ষেত্রে প্রাপ্তি বা পরিশোধ তারিখের বৈদেশিক মুদ্রা এবং আর্থিক প্রতিবেদন মুদ্রার মধ্যে বিদ্যমান তাৎক্ষণিক বিনিময় হার ব্যবহৃত হবে।

১৬.২ নগদ উদ্ধৃত বৈদেশিক মুদ্রা হিসাব বছরের সমাপনী তারিখের বিনিময় হার অনুযায়ী রূপান্তর করতে হবে।

১৬.৩ নিয়ন্ত্রিত বিদেশী প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি এবং নগদ অর্থ প্রদান, প্রাপ্তি এবং প্রদানের তারিখে আর্থিক প্রতিবেদন মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার মধ্যে বিনিময় হারে রূপান্তর করতে হবে।

১৬.৪ আর্থিক প্রতিবেদন মুদ্রায় রূপান্তরের ফলে বৈদেশিক মুদ্রার বিনিময় পার্থক্যসমূহ প্রারম্ভিক নগদ উদ্ধৃত এবং সমাপনী নগদ উদ্ধৃত এর মধ্যে সমন্বয় হিসাবে আর্থিক প্রতিবেদন টীকায় উল্লেখ থাকবে।

১৬.৫ যখন আর্থিক প্রতিবেদন মুদ্রা দেশের মুদ্রার থেকে ভিন্ন হয়, তখন ভিন্ন মুদ্রা ব্যবহারের কারণ উল্লেখ থাকতে হবে। আর্থিক প্রতিবেদন মুদ্রায় কোন পরিবর্তন ঘটলে তার কারণও প্রকাশ করতে হবে।

১৬.৬ বস্তুনিষ্ঠ ও প্রাসঙ্গিক লেনদেন বা ঘটনা যেগুলো এই মানদণ্ডে উল্লেখ নেই, সেক্ষেত্রে এফআরসি জারীকৃত লেভেল-২ বা লেভেল-১ আর্থিক প্রতিবেদন কাঠামো, মানদণ্ড ও নির্দেশিকা অনুসরণযোগ্য।

১৭. আর্থিক বিবরণী কাঠামোর নমুনা

১৭.১ আর্থিক বিবরণী

১৭.১.১ সম্পদ ও দায় স্থিতিপত্র এবং আয়-ব্যয় বিবরণী সাধারণ বকেয়া হিসাবরক্ষণ পদ্ধতির উপর ভিত্তি করে প্রস্তুত করতে হবে।

১৭.১.২ যেসকল ক্ষেত্রে, প্রতিষ্ঠানের পক্ষে আর্থিক বিবরণীগুলো প্রস্তুত করার অভ্যন্তরীণ সক্ষমতার ঘাটতি রয়েছে, সেক্ষেত্রে বিবরণীগুলো উপযুক্ত বহিঃপক্ষের সহযোগিতা দ্বারা প্রস্তুত করা যেতে পারে।

১৭.১.৩ কাঠামোগুলো লেভেল ৩ প্রতিষ্ঠানের ব্যয়/সুবিধার বিষয়গুলোর তুলনামূলক বিবেচনা করে প্রস্তুত করা হয়েছে।

১৭.১.৪ আর্থিক বিবরণীর উদ্দেশ্য হল প্রতিষ্ঠান পরিচালনা পর্যদ, ব্যবস্থাপনা, নিরীক্ষক ও তদারকি কর্তৃপক্ষ, বিভাগ কর্তৃক এমন তথ্য পেতে সহায়তা করা যা প্রতিষ্ঠানের বিকাশে সহায়ক হবে এবং অন্যান্য ব্যবহারকারীদের সিদ্ধান্ত নিতে এবং প্রতিষ্ঠানের অগ্রগতি পর্যবেক্ষণ করতে সহায়তা করবে। সেই লক্ষ্যে, এই বিবরণীগুলোর নমুনা ব্যবহারকারীদের প্রয়োজন পূরণের উদ্দেশ্য এবং সরকারী ইকোনমিক কোড বিবেচনা করে প্রস্তুত করা হয়েছে।

১৭.২ সম্পদ ও দায় স্থিতিপত্র - পরিশিষ্ট ৩-১

সম্পদ ও দায় স্থিতিপত্রে উল্লেখিত হিসাব শিরোনামগুলোর প্রাসঙ্গিকতা প্রতিষ্ঠানের প্রকৃতির উপর নির্ভর করবে, তবে উল্লেখিত কাঠামো এবং হিসাব শিরোনামগুলো এই স্তরের অধিকাংশ প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য। প্রতিষ্ঠানের প্রয়োজনে মূল হিসাব শিরোনামে সংযোজন বা পরিবর্তন করা যাবে।

১৭.৩ আয়-ব্যয় বিবরণী - পরিশিষ্ট ৩-২

১৭.৩.১ আয়-ব্যয় বিবরণীর কাঠামো প্রাথমিকভাবে পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা, নিরীক্ষক ও তদারকি কর্তৃপক্ষের চাহিদা পূরণের জন্য প্রস্তুত করা হয়েছে। এটি স্বীকৃত যে আয়-ব্যয় বিবরণীটি তদারকি কর্তৃপক্ষের তদারকি, পরিবীক্ষণ, নিরীক্ষণ এবং বাজেটের প্রাক্কলিত ও প্রকৃত আয়-ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণের জন্য ব্যবহার করা হয়ে থাকে।

১৭.৩.২ লেভেল -৩ পর্যায়ের প্রতিষ্ঠানের ব্যয় কাঠামো বড় প্রতিষ্ঠানের তুলনায় আলাদা হওয়ার সম্ভাবনা রয়েছে। এর কারণ হলো এই প্রতিষ্ঠানগুলোর বেশিরভাগ ব্যয় সাধারণত প্রত্যক্ষ ব্যয় হয়। অপরদিকে, বড় প্রতিষ্ঠানগুলোর বেশিরভাগ ব্যয় পরোক্ষ (অর্থাৎ আরোপিত ব্যয় সম্পর্কিত হয়ে থাকে)।

১৭.৩.৩ “পরোক্ষ ব্যয়সমূহ” শিরোনামটি মোট পরোক্ষ ব্যয়ের বস্তুনিষ্ঠতা এবং ব্যবহারকারীদের উদ্দেশ্য পূরণের গুরুত্বকে প্রতিফলিত করে। অতএব, এক্ষেত্রে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য হওয়ার সম্ভাবনা আছে।

১৭.৪ নগদ প্রবাহ বিবরণী - পরিশিষ্ট ৩-৩

নগদ প্রবাহ বিবরণীর প্রাথমিক উদ্দেশ্য হলো আর্থিক বিবরণী সময়কালের মধ্যে প্রতিষ্ঠানের নগদ লেনদেন সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য প্রদান করা। একটি নগদ প্রবাহ বিবরণীর নমুনা পরিশিষ্ট ৩-৩ এ সংযুক্ত করা হয়েছে।

১৭.৫ বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী - পরিশিষ্ট ৩-৪

ভিন্ন একটি আর্থিক বিবরণী হিসাব এই মানদণ্ড অনুযায়ী তা প্রস্তুত করতে হবে। একটি বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণীর নমুনা পরিশিষ্ট ৩-৪ এ সংযুক্ত করা হয়েছে।

১৭.৬ ব্যাখ্যামূলক টীকা - পরিশিষ্ট ৩-৫

বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তথ্যের তুলনামূলক উপস্থাপনা মানদণ্ড

(সকল আর্থিক প্রতিবেদন লেভেলের জন্য প্রযোজ্য)

যে প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট সর্বসাধারণের উদ্দেশ্যে প্রকাশ করে তার জন্য জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের প্রাপ্তি-পরিশোধ অর্থের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা উপস্থাপন করতে হবে। যা একটি পৃথক অতিরিক্ত আর্থিক বিবরণী হিসাবে অথবা নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে এই মানদণ্ড অনুসরণে উপস্থাপন করা যাবে। বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তুলনা বিভিন্ন স্তরের সরকারী তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের জন্য নিম্নোল্লিখিত তথ্যাদিসহ পৃথকভাবে উপস্থাপন করতে হবে:

(ক) প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের পরিমাণ;

(খ) তুলনাযোগ্য প্রকৃত প্রাপ্তি-পরিশোধ পরিমাণ; এবং

(গ) জন জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের উল্লেখযোগ্য পার্থক্যের ব্যাখ্যা নোট আকারে প্রকাশ করতে হবে। তবে এ ধরনের ব্যাখ্যা আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট অন্য কোন পাবলিক নথিতে প্রকাশ করা হলে এবং তার সূত্র বাজেট নোটে উল্লেখ করা হলে তা পুনরায় প্রকাশের প্রয়োজন নেই।

১.১ উপস্থাপনা

১.১.১ কোন প্রতিষ্ঠান নগদ প্রাপ্তি এবং পরিশোধের বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে বাজেট এবং প্রকৃত পরিমাণের তুলনা উপস্থাপন করবে কেবলমাত্র যেক্ষেত্রে আর্থিক বিবরণী এবং বাজেট একই (তুলনাযোগ্য) ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।

১.২ প্রাথমিক থেকে পরিবর্তিত চূড়ান্ত বাজেট

১.২.১ একটি প্রতিষ্ঠান প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের মধ্যে পরিবর্তনগুলি বাজেটের মধ্যকার বিভিন্ন সংখ্যার পুনঃনির্ধারণের ফলস্বরূপ অথবা অন্য কোন কারণের কিনা তার ব্যাখ্যা নিম্নের পদ্ধতিতে উল্লেখ করবে:

(ক) আর্থিক বিবরণীতে নোট প্রকাশের মাধ্যমে; অথবা

(খ) ভিন্ন একটি প্রতিবেদনে তা উল্লেখ করা যা আর্থিক বিবরণী প্রকাশের পূর্বে বা একই সঙ্গে প্রকাশিত হবে এবং উক্ত প্রতিবেদনের সূত্র আর্থিক প্রতিবেদন নোটে উল্লেখ থাকবে।

১.৩ তুলনাযোগ্য ভিত্তি

১.৩.১ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা একই (তুলনাযোগ্য) ভিত্তিতে উপস্থাপন করতে হবে।

১.৪ বাজেট প্রস্তুতের ভিত্তি, সময়কাল এবং পরিধি সংক্রান্ত নোট

১.৪.১ একটি প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট প্রস্তুত এবং শ্রেণিবিন্যাসের ভিত্তি আর্থিক বিবরণী নোটে উপস্থাপন করবেন।

১.৪.২ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেটের সময়কাল আর্থিক বিবরণী নোটে প্রকাশ করবেন।

১.৪.৩ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট অন্তর্ভুক্ত এক বা একাধিক প্রতিষ্ঠান, শাখার পরিচয় আর্থিক বিবরণীর নোটে উল্লেখ করবে।

১.৫ তুলনাযোগ্য প্রকৃত সংখ্যার সঙ্গে আর্থিক বিবরণী প্রকৃত সংখ্যার সমন্বয়

১.৫.১ যেক্ষেত্রে আর্থিক বিবরণীর উল্লিখিত সংখ্যাসমূহ এবং বাজেটের সংখ্যাসমূহ একই ভিত্তিতে প্রস্তুত না করা হয়ে থাকে, সেক্ষেত্রে বাজেটের সঙ্গে উল্লিখিত পরিবর্তিত তুলনাযোগ্য ভিত্তিক প্রকৃত প্রাপ্তি-পরিশোধের সঙ্গে প্রারম্ভিক এবং সমাপনী নগদ উদ্বৃত্তের সমন্বয় করে দেখাতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ভিত্তি সময়কাল, প্রতিষ্ঠান পার্থক্যসমূহ উল্লেখ থাকবে। সমন্বয়টি বাজেট এবং প্রকৃত সংখ্যার তুলনা বিবরণীতে অথবা আর্থিক বিবরণী নোটে উল্লেখ থাকবে।

১.৫.২ প্রকৃত সংখ্যার তুলনাযোগ্য ভিত্তির সাথে আর্থিক বিবরণীতে স্বীকৃত প্রকৃত সংখ্যার পার্থক্যগুলি কার্যকরভাবে নিম্নলিখিত পদ্ধতিতে উল্লেখ করা হবে:

(ক) বাজেটের ভিত্তিতে পার্থক্য, যেক্ষেত্রে বাজেট আর্থিক প্রতিবেদন ভিত্তি ভিন্ন অন্য কোন ভিত্তিতে প্রস্তুত করা হয়। উদাহরণস্বরূপ, যেখানে বাজেট প্রস্তুত করা হয় নগদ ভিত্তিতে এবং আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় বকেয়া বা পরিবর্তিত বকেয়া ভিত্তিতে;

(খ) সময় পার্থক্য, যখন বাজেটের সময়কাল আর্থিক বিবরণীতে ব্যবহৃত সময়কাল থেকে পৃথক হয়;

(গ) প্রতিষ্ঠান সংক্রান্ত পার্থক্য, যেক্ষেত্রে আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান কার্যক্রম, শাখাসমূহ অনুমোদিত কাজটিতে অন্তর্ভুক্ত না থাকে। তদুপরি আর্থিক বিবরণী এবং বাজেটের কাঠামোগত বা শ্রেণিবিন্যাসকৃত পার্থক্য থাকতে পারে।

১.৫.৩ এই মানদণ্ডের নির্দেশনানুসারী স্বর্ষবছরের সাথে তুলনামূলক তথ্য প্রকাশ বাজেট এবং প্রকৃত তুলনার ক্ষেত্রে প্রয়োজন নেই।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
সম্পদ ও দায় স্থিতিপত্র
৩০ শে জুন, ২০২*

হিসাব কোড নং	বিবরণ	নোট নং	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (বিগত বছর)
	সম্পদ:			
	চলতি সম্পদ-			
	আর্থিক সম্পদ / বিনিয়োগ-		****	****
	অভ্যন্তরীণ আর্থিক সম্পদসমূহ	৬	****	****
	বৈদেশিক আর্থিক সম্পদসমূহ	৭	****	****
	দেনাদার		****	****
	মজুত পণ্য	৪	****	****
	অ-চলতি সম্পদ-			
	ভূমি	৩	****	****
	ভবন ও স্থাপনাসমূহ	৩	****	****
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	****	****
	কম্পিউটার সফটওয়্যার ও ড্যাটাবেজ	৩	****	****
	অন্যান্য স্থায়ী সম্পদ	৫	****	****
	মোট সম্পদ		****	****
	নিট সম্পদ ও দায়:			
	দায়সমূহ			
	চলতি দায়-			
	অভ্যন্তরীণ দায়		****	****
	বৈদেশিক দায়		****	****
	ড্রেড ক্রেডিট ও অগ্রিম		****	****
	অন্যান্য হিসাবে প্রদেয়	১০	****	****
	প্রদেয় কর / উৎস কর্তিত কর		****	****
	পাওনাদার		****	****
	অ-চলতি দায়-			
	অভ্যন্তরীণ দায়	৮	****	****
	বৈদেশিক দায়	৯	****	****
	মোট দায়		****	****
	নিট সম্পদ-			
	প্রারম্ভিক নিট সম্পদ		****	****
	(+) বর্তমান বছরে প্রাপ্ত মূলধনী অনুদান		****	****
	(+)/(-) ব্যয়তিরিক্ত আয়/(আয়তিরিক্ত ব্যয়)		****	****
	(-) মূলধনী খরচ		(****)	(****)
	(-) সরকারী তহবিলে প্রদান		(****)	(****)
	(-) রাজস্ব খাতে স্থানান্তরিত		(****)	(****)
	সমাপনী নিট সম্পদ		****	****
	মোট নিট সম্পদ ও দায়:		****	****

লেভেল ৩ সাধারণ বকেয়া ভিত্তিক

আর্থিক বিবরণী কাঠামো

Financial Reporting Format (FRF)

(সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন প্রস্তুতে প্রযোজ্য)

প্রতিষ্ঠানের নাম ঠিকানা আয়-ব্যয় বিবরণী ৩০ শে জুন, ২০২* সমাপ্ত বছরের জন্য				
হিসাব কোড নং	বিবরণ	নোট নং	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (বিগত বছর)
	আয়সমূহ			
	অর্জিত অনুদান (আবর্তক ও মূলধনী)	১১	****	****
	কর ও রেট	১২	****	****
	জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ		****	****
	পন্য ও সেবা বিক্রয়	১৩	****	****
	অন্যান্য আয়	১৪	****	****
	প্রশাসনিক ফি	১৫	****	****
	ভর্তু		****	****
	মোট আয়		****	****
	ব্যয়সমূহ			
	কর্মচারীদের প্রতিদান	১৬	****	****
	প্রশাসনিক ব্যয়	১৭	****	****
	ফি, চার্জ ও কমিশন	১৮	****	****
	প্রশিক্ষণ		****	****
	ভ্রমণ ও পরিবহন		****	****
	সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয়		****	****
	সুদ		****	****
	ভর্তুকি		****	****
	অনুদান		****	****
	সামাজিক সুবিধাদি		****	****
	সম্পত্তির অবচয়	৩	****	****
	অন্যান্য ব্যয়	১৯	****	****
	মোট ব্যয়		****	****
	ব্যয়তিরিক্ত আয়/(আয়তিরিক্ত ব্যয়)		****	****

প্রতিষ্ঠানের নাম ঠিকানা নগদ প্রবাহ বিবরণী ৩০ শে জুন, ২০২* সমাপ্ত বছরের জন্য				
হিসাব কোড নং	বিবরণ	নোট নং	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (বিগত বছর)
	পরিচালন কার্যক্রম (Operating Activities) হতে নগদ প্রবাহঃ			
	প্রাপ্ত অনুদান	১১	*****	*****
	কর ও রেট	১২	*****	*****
	জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ		*****	*****
	পন্য ও সেবা বিক্রয়	১৩	*****	*****
	অন্যান্য আয়	১৪	*****	*****
	প্রশাসনিক ফি	১৫	*****	*****
	ভর্তুকি		*****	*****
	মোট পরিচালন কার্যক্রম হতে নগদ আন্তঃপ্রবাহ		*****	*****
	বাদ: পরিচালন কার্যক্রম হতে বহিঃপ্রবাহ -			
	কর্মচারীদের প্রতিদান	১৬	(*****)	(*****)
	প্রশাসনিক ব্যয়	১৭	(*****)	(*****)
	ফি, চার্জ ও কমিশন	১৮	(*****)	(*****)
	প্রশিক্ষণ		(*****)	(*****)
	ভ্রমণ ও পরিবহন		(*****)	(*****)
	সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয়		(*****)	(*****)
	সুদ		(*****)	(*****)
	ভর্তুকি		(*****)	(*****)
	অনুদান		(*****)	(*****)
	সামাজিক সুবিধাদি		(*****)	(*****)
	অন্যান্য ব্যয়	১৯	(*****)	(*****)
	মোট পরিচালন কার্যক্রম হতে নগদ বহিঃপ্রবাহ		(*****)	(*****)
	পরিচালন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ		*****	*****
	বিনিয়োগ কার্যক্রম (Investment Activities) হতে নগদ প্রবাহঃ			
	মূলধনী অনুদান প্রাপ্তি		*****	*****
	নতুন বিনিয়োগ		(*****)	(*****)
	মূলধনী ক্রয়		(*****)	(*****)
	বিনিয়োগ কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ		(*****)	(*****)
	অর্থায়ন কার্যক্রম (Financing Activities) হতে নগদ প্রবাহঃ			
	নতুন ঋণ গ্রহণ		*****	*****
	ঋণ পরিশোধ		(*****)	(*****)
	সরকারী তহবিলে প্রদান		(*****)	(*****)
	অর্থায়ন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ		(*****)	(*****)
	নগদ ও ব্যাংক জমা বৃদ্ধি/(হ্রাস)		*****	*****
	প্রারম্ভিক নগদ ও ব্যাংক জমার জের (১ লা জুলাই)		*****	*****
	সমাপনী নগদ ও ব্যাংক জমার জের (৩০ শে জুন)		*****	*****

প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী
অর্থ বছর: ২০২*-২০২*

হিসাব কোড নং	বিবরণ	নোট নং	বাজেট	প্রকৃত	পার্থক্য (+/-)	পার্থকের শতকরা হার	মন্তব্য
	প্রাপ্তিসমূহ						
	প্রারম্ভিক স্থিতি-						
	নগদ তহবিল		*****	*****	*****	*****	
	ব্যাংক জমা		*****	*****	*****	*****	
	প্রাপ্ত আবর্তক অনুদান	১১	*****	*****	*****	*****	
	কর ও রেট	১২	*****	*****	*****	*****	
	জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ		*****	*****	*****	*****	
	পন্য ও সেবা বিক্রয়	১৩	*****	*****	*****	*****	
	অন্যান্য প্রাপ্তি	১৪	*****	*****	*****	*****	
	প্রশাসনিক ফি	১৫	*****	*****	*****	*****	
	ভর্তুকি		*****	*****	*****	*****	
	অভ্যন্তরীণ দায়	৮	*****	*****	*****	*****	
	বৈদেশিক দায়	৯	*****	*****	*****	*****	
	অগ্রিম প্রাপ্তি		*****	*****	*****	*****	
	নোট প্রাপ্তি		*****	*****	*****	*****	
	পরিশোধসমূহ:						
	কর্মচারীদের প্রতিদান	১৬	*****	*****	*****	*****	
	প্রশাসনিক ব্যয়	১৭	*****	*****	*****	*****	
	ফি, চার্জ ও কমিশন	১৮	*****	*****	*****	*****	
	প্রশিক্ষণ		*****	*****	*****	*****	
	ভ্রমণ ও পরিবহণ		*****	*****	*****	*****	
	সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয়		*****	*****	*****	*****	
	সুদ		*****	*****	*****	*****	
	ভর্তুকি		*****	*****	*****	*****	
	অনুদান		*****	*****	*****	*****	
	সামাজিক সুবিধাদি		*****	*****	*****	*****	
	অন্যান্য ব্যয় বাবদ পরিশোধ	১৯	*****	*****	*****	*****	
	ভবন ও স্থাপনাসমূহ	৩	*****	*****	*****	*****	
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	*****	*****	*****	*****	
	কম্পিউটার সফটওয়্যার ও ড্যাটাবেজ	৩	*****	*****	*****	*****	
	মজুত পণ্য	৪	*****	*****	*****	*****	
	ভূমি	৩	*****	*****	*****	*****	
	অন্যান্য স্থায়ী সম্পদ	৫	*****	*****	*****	*****	
	অভ্যন্তরীণ আর্থিক সম্পদসমূহ	৬	*****	*****	*****	*****	
	বৈদেশিক আর্থিক সম্পদসমূহ	৭	*****	*****	*****	*****	
	নোট পরিশোধ		(*****)	(*****)	(*****)	(*****)	
	সমাপনী স্থিতি -						
	নগদ তহবিল		*****	*****	*****	*****	
	ব্যাংক জমা		*****	*****	*****	*****	
	নোট		*****	*****	*****	*****	

প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
বাৎসরিক আর্থিক বিবরণীর টীকা
৩০ শে জুন, ২০২*

টীকা নং ১

প্রতিষ্ঠান পরিচিতি: প্রতিষ্ঠা কাল, লক্ষ্য ও উদ্দেশ্য, কার্যক্রম, তদারকি কর্তৃপক্ষ, প্রতিষ্ঠানের ধরণ, প্রতিষ্ঠা পদ্ধতি।

টীকা নং ২

হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ নীতিমালার বিবরণ

টীকা নং ৩

স্থায়ী সম্পদসমূহের তালিকা, মোটমূল্য, নীটমূল্য ও হ্রাস-বৃদ্ধির বিবরণ

	ভূমি		ভবন ও স্থাপনা		যন্ত্রপাতি ও সরঞ্জামাদি		কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	
	চলতি বছর ২০২*- ২০২*	বিগত বছর ২০২*- ২০২*	চলতি বছর ২০২*- ২০২*	বিগত বছর ২০২*- ২০২*	চলতি বছর ২০২*- ২০২*	বিগত বছর ২০২*- ২০২*	চলতি বছর ২০২*- ২০২*	বিগত বছর ২০২*- ২০২*
মোটমূল্য								
প্রারম্ভিক ব্যালেন্স	****	****	****	****	****	****	****	****
যোগ: নতুন ক্রয় বা সংযোজন	****	****	****	****	****	****	****	****
বাদ: বর্তমান বছরে বিক্রয় বা হস্তান্তর	(****)	(****)	(****)	(****)	(****)	(****)	(****)	(****)
সমাপনী মোটমূল্য ব্যালেন্স (১)	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>
পুঞ্জীভূত অবচয়:								
প্রারম্ভিক ব্যালেন্স	****	****	****	****	****	****	****	****
যোগ: বর্তমান বছরের অবচয় চার্জ	****	****	****	****	****	****	****	****
বাদ: বিক্রয়/হস্তান্তর বা অন্যান্য সমন্বয়	(****)	(****)	(****)	(****)	(****)	(****)	(****)	(****)
সমাপনী পুঞ্জীভূত অবচয় ব্যালেন্স (২)	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>
নীট সম্পদ মূল্য (১-২)	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>	<u>****</u>

প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
বাৎসরিক আর্থিক বিবরণীর টাকা
৩০ শে জুন, ২০২*

টাকা নং	বিবরণ	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (বিগত বছর)
৪	মজুত পণ্য:		
	উপকরণ ও সরবরাহ	****	****
	চলমান কাজ	****	****
	তৈরি পণ্য	****	****
	পুনঃবিক্রয়ের জন্য সামগ্রী	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৫	অন্যান্য স্থায়ী সম্পদ:		
	চাষকৃত জৈব সম্পদ	****	****
	বৃক্ষ, শস্য, উদ্ভিদ সম্পদ উৎপন্নকারী পুনরাবৃত্ত পণ্য	****	****
	মেধা সম্পত্তি পণ্য	****	****
	গবেষণা ও উন্নয়ন	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৬	অভ্যন্তরীণ আর্থিক সম্পদসমূহ:		
৬.১	হাতে নগদ	****	****
৬.২	ব্যাংক জমা	****	****
	মনিটারি স্বর্ণ ও এসডিআর	****	****
	মুদ্রা ও আমানত	****	****
	অগ্রিম	****	****
	ঋণ অর্থপত্র	****	****
	ঋণ প্রদান	****	****
	সমমূলধন/ইকুইটি	****	****
	শেয়ার মূলধন	****	****
	বীমা, পেনশন ও গ্যারান্টি স্কিম	****	****
	অন্যান্য আদায়যোগ্য হিসাব	****	****
৬.২	ব্যাংক জমা:		
৬.২.১	ব্যাংক-১	****	****
৬.২.২	ব্যাংক-২	****	****
৬.২.৩	ব্যাংক-৩	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৭	বৈদেশিক আর্থিক সম্পদসমূহ:		
৭.১	মুদ্রা ও আমানত	****	****
৭.২	ব্যাংক জমা	****	****
	ঋণ অর্থপত্র	****	****
	ঋণ প্রদান	****	****
	সমমূলধন/ইকুইটি	****	****

৭.২	ব্যাংক জমা:				
৭.২.১	ব্যাংক-১	****		****	
৭.২.২	ব্যাংক-২	****		****	
৭.২.৩	ব্যাংক-৩	****		****	
	মোট	<u>****</u>		<u>****</u>	
৮	অভ্যন্তরীণ দায়সমূহ:				
		চলতি	অ-চলতি	চলতি	অ-চলতি
৮.১	মুদ্রা ও আমানত	***	***	***	***
৮.২	জাতীয় সঞ্চয়	***	***	***	***
৮.৩	সঞ্চয়পত্র	***	***	***	***
৮.৪	ঋণ অর্থপত্র	***	***	***	***
৮.৫	ঋণ	***	***	***	***
	ডাকঘর সঞ্চয়পত্র	***	***	***	***
	সেভিংস বন্ড	***	***	***	***
	জমা/আমানত	***	***	***	***
	বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা	***	***	***	***
	নবায়ন, রিজার্ভ ও অবচয়	***	***	***	***
	সরবরাহ ও কাজের বিপরীতে জমা	***	***	***	***
	খাদ্য ও পণ্য সাহায্য জমা	***	***	***	***
	অন্যান্য জমা	***	***	***	***
৮.৪	ঋণ অর্থপত্র:				
৮.৪.১	ট্রেজারি বিল	***	***	***	***
৮.৪.২	ট্রেজারি বন্ড	***	***	***	***
৮.৫	ঋণ:				
৮.৫.১	ওয়েজ এন্ড মিনস্ এডভান্স	***	***	***	***
৮.৫.২	প্রজাতন্ত্রের সরকারি হিসাব থেকে গৃহিত ঋণ	***	***	***	***
৮.৫.৩	ব্যাংক থেকে গৃহিত ঋণ	***	***	***	***
৮.৫.৪	কেন্দ্রীয় সরকার থেকে গৃহিত ঋণ	***	***	***	***
	মোট	<u>***</u>	<u>***</u>	<u>***</u>	<u>***</u>
৯	বৈদেশিক দায়সমূহ:				
	মুদ্রা ও আমানত	***	***	***	***
	ঋণ অর্থপত্র	***	***	***	***
	ঋণ	***	***	***	***
	বৈদেশিক ঋণ	***	***	***	***
	মোট	<u>***</u>	<u>***</u>	<u>***</u>	<u>***</u>
১০	অন্যান্য হিসাবে প্রদেয়:				
	ঋণপত্র	***	***	***	***
	টাকা ও মুদ্রা	***	***	***	***
	কল্যাণ তহবিল	***	***	***	***
	মোট	<u>***</u>	<u>***</u>	<u>***</u>	<u>***</u>
১১	প্রাপ্ত অনুদান:	আবর্তক		মূলধনী	
	সরকারী তহবিল থেকে প্রাপ্ত	***	***	***	***

	বৈদেশিক সরকার থেকে প্রাপ্ত	***	***	***	***
	আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত	***	***	***	***
	দেশীয় প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত	***	***	***	***
	মোট	<u>***</u>	<u>***</u>	<u>***</u>	<u>***</u>
১২	কর ও রেট:				
	আয়, মুনাফা এবং মূলধনের উপর কর	****		****	
	সম্পত্তি কর	****		****	
	নিবন্ধন কর	****		****	
	পন্য ও সেবা কর	****		****	
	অন্যান্য কর	****		****	
	মোট	<u>****</u>		<u>****</u>	
১৩	পন্য ও সেবা বিক্রয়:				
	পন্য বিক্রয়	****		****	
	সেবা বিক্রয়	****		****	
	টিউশন ফি	****		****	
	কমিশন	****		****	
	ভাড়া- অনাবাসিক	****		****	
	ভাড়া- আবাসিক	****		****	
	সেতুর উপর টোল	****		****	
	সড়কের উপর টোল	****		****	
	ফেরির উপর টোল	****		****	
	মোট	<u>****</u>		<u>****</u>	
১৪	অন্যান্য আয়:				
	সুদ	****		****	
	লভ্যাংশ	****		****	
	অন্যান্য বিনিয়োগ আয়	****		****	
	ভাড়া	****		****	
	সম্পত্তি বিক্রয় হতে প্রাপ্ত মুনাফা	****		****	
	ক্ষতিপূরণ হতে আয়	****		****	
	মোট	<u>****</u>		<u>****</u>	
১৫	প্রশাসনিক ফি:				
	লাইসেন্স ফি	****		****	
	নিবন্ধন ফি	****		****	
	লাইসেন্স ও পারমিট ফি	****		****	
	সম্পত্তির ভাড়া ও লাভজনিত ফি	****		****	
	জন্ম নিবন্ধন ফি	****		****	
	অডিট ফি	****		****	
	চার্জ	****		****	
	মোট	<u>****</u>		<u>****</u>	
১৬	কর্মচারীদের প্রতিদান:				
	অফিসারদের বেতন	****		****	
	কর্মচারীদের বেতন	****		****	

	ভাতাদি	****	****
	অনগদ মজুরি ও বেতন	****	****
	নিয়োগকারীর সামাজিক অবদান	****	****
	মোট	****	****
১৭	প্রশাসনিক ব্যয়:		
	পুরস্কার	****	****
	পরিষ্কার পরিচ্ছন্নতা	****	****
	ক্ষতিপূরণ	****	****
	আনুষঙ্গিক কর্মচারি	****	****
	মনিহারি ব্যয়	****	****
	প্রতিনিধি ব্যয়	****	****
	আপ্যায়ন ব্যয়	****	****
	হায়ারিং চার্জ	****	****
	শ্রমিকের মজুরি	****	****
	আইন সংক্রান্ত ব্যয়	****	****
	সেমিনার ও কনফারেন্স ব্যয়	****	****
	চাঁদা	****	****
	বিদ্যুৎ	****	****
	উপযোগ ব্যয়	****	****
	পানি	****	****
	ডাক ও তার	****	****
	মেশিন ও সরঞ্জামাদির ভাড়া	****	****
	অফিস ভবন ভাড়া	****	****
	অন্যান্য সম্পদের ভাড়া	****	****
	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	****	****
	মুদ্রণ ও প্রকাশনা	****	****
	যাতায়াত ব্যয়	****	****
	মোট	****	****
১৮	ফি, চার্জ ও কমিশন:		
	নিরীক্ষা ফি	****	****
	লাইসেন্স ফি	****	****
	প্রাকজাহাজীকরণ পরিদর্শন ফি	****	****
	মোট	****	****
১৯	অন্যান্য ব্যয়:		
	জন শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ক সামগ্রী সরবরাহ	****	****
	খাদ্য সরবরাহ	****	****
	সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী	****	****
	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়	****	****
	শুল্ক	****	****
	বীমা	****	****
	মোট	****	****

২০ অন্যান্য বিবিধ টীকা

আর্থিক প্রতিবেদন কাঠামো এবং মানদণ্ড

Chapter – V

লেভেল -৪: পরিবর্তিত বকেয়া ভিত্তিক (Modified Accrual Basis) FRS

মানদণ্ড নির্ধারণী বিভাগ

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

কর্তৃক প্রনয়ণকৃত

পরিবর্তিত বকেয়া ভিত্তিক (লেভেল ৪) আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ মানদণ্ড (Financial Reporting under Modified Accrual Basis of Accounting)

এই পরিবর্তিত বকেয়া ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ডের প্রতিপালন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক তথ্যের গুণগত মান ও তুলনাযোগ্যতার ব্যাপক উন্নতিসাধন করবে। এফআরসি এই মানদণ্ডসমূহকে আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে অভিন্নতা ও তুলনাযোগ্যতার উন্নতিসাধনে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচনা করেছে এবং এর পরিপূর্ণ প্রতিপালন আশা করেছে। এফআরসি ইস্যুকৃত এই আর্থিক প্রতিবেদন মানদণ্ডগুলোর পরিপূর্ণ প্রতিপালনপূর্বক আর্থিক বিবরণীসমূহ এফআরসি ইস্যুকৃত পাবলিক সেক্টর আর্থিক প্রতিবেদন মানদণ্ড “পরিবর্তিত বকেয়া ভিত্তিক (লেভেল ৪)” অনুসরণে প্রস্তুতকৃত বলে উল্লেখ করতে হবে।

আবশ্যিকতা (Requirement)

এই মানদণ্ডসমূহে পরিবর্তিত বকেয়া ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের আবশ্যিক দিকনির্দেশনা রয়েছে। এতদসঙ্গে সংযুক্ত “আর্থিক প্রতিবেদন মানদণ্ড মুখবন্ধে” উল্লিখিত বিষয়সমূহ (Introduction to the FRC promulgated Public Sector Financial Reporting Standards) মানদণ্ডসমূহ প্রতিপালনে বিবেচ্য হবে। এফআরসি ইস্যুকৃত মানদণ্ডসমূহ অগুরুত্বপূর্ণ (Immaterial) লেনদেন, ঘটনার ক্ষেত্রে প্রয়োগ আবশ্যিকীয় নয়।

উদ্দেশ্য (Objective)

এই মানদণ্ডসমূহের উদ্দেশ্য হচ্ছে পরিবর্তিত বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণী প্রস্তুত পদ্ধতির দিকনির্দেশনা প্রদান করা। বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান কর্তৃক আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের উদ্দেশ্য হচ্ছে প্রতিষ্ঠানের জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে আর্থিক প্রতিবেদনের General Purpose Financial Statement (GPFS) এবং General Purpose Financial Reporting (GPFR) এর ব্যবহারকারীদেরকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা। প্রতিষ্ঠানের সম্পদ, দায়, আয়, ব্যয়, সম্পদ অনুদান থেকে বিলম্বিত আয়, নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত সংক্রান্ত তথ্য জবাবদিহিতার জন্য ও ভবিষ্যত নগদ প্রবাহের পর্যাপ্ততা এবং নগদ প্রাপ্তি ও পরিশোধের সম্ভাব্য খাতসমূহের তথ্যের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। এই তথ্যগুলো প্রতিষ্ঠানের সম্ভাব্য অর্থের প্রবাহ, উৎস ও ব্যবহার সম্পর্কিত সক্ষমতা মূল্যায়নে এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। অর্থের বরাদ্দ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমের স্থায়িত্ব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ ও মূল্যায়নের ক্ষেত্রে তথ্য ব্যবহারকারীদের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সম্পদ, দায়, প্রাপ্তি ও পরিশোধ লেনদেনের সম্ভাব্য সময় এবং নিশ্চয়তা সংক্রান্ত তথ্যের প্রয়োজন হয়।

এই মানদণ্ডসমূহের নির্দেশনা প্রতিপালনে আর্থিক প্রতিবেদনসমূহ প্রতিষ্ঠানের সম্পদ, দায়, আয়, ব্যয়, নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত তথ্যের ব্যাখ্যা এবং স্বচ্ছতাকে উন্নততর করবে। এটি পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণীর সাথে চলতি বছরের আর্থিক বিবরণীর তুলনাযোগ্যতাকে সহজতর এবং একই (পরিবর্তিত বকেয়া) ভিত্তিতে প্রস্তুতকৃত একই ধরনের অন্যান্য প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর সাথে তুলনাকে সুবিধাজনক করবে।

পরিবর্তিত বকেয়া ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ডের (Financial Reporting Standards; FRS) ভূমিকা

এফআরসি বিবেচনা করে যে, সাধারণ বকেয়া ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ড (FRS) প্রতিপালনের মাধ্যমে আর্থিক প্রতিবেদনের উদ্দেশ্যগুলো সর্বোত্তমভাবে অর্জন করা সম্ভব। সেই মোতাবেক, এফআরসি হিসাব রক্ষণাবেক্ষণে বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতে অগ্রাধিকার দেয়। তবে কিছু প্রতিষ্ঠানের জন্য একটি ক্রান্তিকালীন প্রক্রিয়া (Transitional Process) ব্যবহারের প্রয়োজন আছে বলে এফআরসি মনে করে। এক্ষেত্রে পরিবর্তিত বকেয়া ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ড একটি মধ্যবর্তী ধাপ হিসেবে ব্যবহার করা হয়েছে যা পরবর্তীতে বকেয়া ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুত এবং প্রতিপালনে সহায়তা করবে।

১.১ এই মানদণ্ড প্রয়োগের ক্ষেত্র (Scope of the Requirement)

১.১.১ এই মানদণ্ডসমূহ নিম্নোক্ত নির্ণায়কসমূহ পূরণ করে এমন সরকারী সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানগুলোর আর্থিক প্রতিবেদন প্রস্তুতে প্রযোজ্য:

(ক) জনগণের সুবিধার্থে এবং/অথবা আয় ও সম্পদ পুনঃবিতরণের উদ্দেশ্যে সেবা প্রদানের জন্য দায়বদ্ধ;

(খ) মূলত তাদের কার্যক্রম অর্থায়ন করা হয়, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কর এবং/অথবা অন্যান্য সরকারী, সামাজিক অনুদান, ঋণ অথবা ফি সমূহের মাধ্যমে;

(গ) প্রাথমিক লক্ষ্য মুনাফা অর্জন নয়; এবং

(ঘ) যে সকল প্রতিষ্ঠানের বাৎসরিক মোট রাজস্ব ৫ কোটি টাকার অধিক এবং ৩০ কোটি টাকার কম।

১.১.২ একটি সরকারী খাতে পরিচালিত প্রতিষ্ঠান যেটি পরিবর্তিত বকেয়া ভিত্তিক সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী (GPFS) প্রস্তুত ও উপস্থাপন করে, তার বার্ষিক আর্থিক বিবরণীর উপস্থাপনায় এই মানদন্ডসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করবে।

১.১.৩ সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণীসমূহ (GPFS) মূলত সেবা গ্রহণকারী ও সংস্থান (Resources) সরবরাহকারী বা তাদের প্রতিনিধিগণ যারা কিনা তাদের সুনির্দিষ্ট তথ্য প্রয়োজন পূরণে উপযোগী করে প্রস্তুতকৃত আর্থিক প্রতিবেদন দাবী করার বা পাওয়ার অবস্থানে নেই, তাদেরকে তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রস্তুত করা হয়ে থাকে। সেবা গ্রহণকারী ও তাদের প্রতিনিধি এবং সংস্থান সরবরাহকারী ও তাদের প্রতিনিধিরা হতে পারে দেশের নাগরিক, প্রতিষ্ঠানটির প্রশাসনিক কর্তৃপক্ষ, করদাতা, সংসদ সদস্য, দাতা সংস্থা, ঋণদাতা বা অন্যান্য প্রতিষ্ঠান যারা সংস্থান সরবরাহ করে অথবা সরকারী সেবার মাধ্যমে সুবিধা প্রদান করে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহ সেবা গ্রহণকারী ও সংস্থান সরবরাহকারীদেরকে তথ্য প্রয়োজনীয়তা পূরণের মাধ্যমে জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে পূরণের পাশাপাশি অন্যান্য পক্ষের জন্যও প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে থাকে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণী হচ্ছে সেই আর্থিক বিবরণীসমূহ যা পৃথকভাবে অথবা অন্য কোন ডকুমেন্ট, যেমন বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তী হিসাবে প্রকাশ করা হয়। এই মানদন্ডে “সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী” এবং “আর্থিক বিবরণী” শব্দদ্বয় সমার্থক হিসেবে ব্যবহৃত হয়েছে, যদি না সুনির্দিষ্টভাবে অন্য কিছু বর্ণিত হয়ে থাকে।

১.১.৪ রিপোর্টিং প্রতিষ্ঠান বলতে একটি পৃথক প্রতিষ্ঠানকে বুঝায় যে আর্থিক বিবরণী প্রকাশ করে অথবা যেক্ষেত্রে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সম্মিলিত আর্থিক বিবরণী প্রকাশ করে যেক্ষেত্রে রিপোর্টিং প্রতিষ্ঠানটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত হবে এবং একটি একক প্রতিষ্ঠানের ন্যায় আর্থিক বিবরণী প্রকাশ করবে। সেই সঙ্গে প্রতিষ্ঠানের কর্মসূচি বা পৃথকভাবে শনাক্তযোগ্য কর্মসূচি, যার জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়ে থাকে সেটিও রিপোর্টিং প্রতিষ্ঠান হিসাবে গণ্য হবে। যে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে সেই প্রতিষ্ঠানের এবং তার কার্যক্রমের সুনির্দিষ্ট কিছু তথ্য অনুচ্ছেদ ১.৭.৪ অনুযায়ী প্রকাশ করা আবশ্যিক।

১.১.৫ এই মানদন্ডটি একক প্রতিষ্ঠান এবং রিপোর্টিং প্রতিষ্ঠান যা নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত তার আর্থিক বিবরণীতে সমানভাবে প্রযোজ্য। এর জন্য প্রয়োজন হচ্ছে স্থিতিপত্র, আয়-ব্যয় বিবরণী, নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী প্রস্তুত করে তাতে প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত সম্পদ, দায়, নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ধারণ, হিসাবভুক্তি ও উল্লেখ করা। সেই সঙ্গে আর্থিক প্রতিবেদনে আর্থিক বিবরণী প্রস্তুতে অনুসৃত নীতিমালা এবং বিবরণীতে উল্লেখিত বিভিন্ন সংখ্যার ব্যাখ্যামূলক টীকা।

১.২ পরিবর্তিত বকেয়া ভিত্তি (The Modified Accrual Basis)

সংজ্ঞাসমূহ

১.২.১ এই মানদন্ডে নিম্নে উল্লিখিত শব্দসমূহ যে অর্থে ব্যবহৃত হয়েছে:-

পরিবর্তিত বকেয়া (Modified Accrual): পরিবর্তিত বকেয়া পদ্ধতি নগদ এবং বকেয়া উভয় পদ্ধতির সমন্বয়ে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের একটি পদ্ধতি। আর্থিক লেনদেন এবং ঘটনাসমূহকে স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি ভিত্তিতে পার্থক্য করে হিসাবভুক্ত করা হয়। দীর্ঘমেয়াদি লেনদেন, ঘটনা যেমন স্থায়ী সম্পদ, ঋণ এবং সে সংক্রান্ত অবচয় ও সুদ বা অন্যান্য অনাবর্তক (Non-recurring), অসচরাচর (Unusual) লেনদেন, ঘটনা বকেয়া ভিত্তিতে (Accrual Basis) যথাক্রমে স্থিতিপত্র এবং আয়-ব্যয় বিবরণীতে হিসাবভুক্ত করা হয়। অন্যদিকে স্বল্পমেয়াদি আবর্তক সম্পদ বা দায় যেমন প্রাপ্য (Receivable) মজুতপণ্য (Inventory) এবং প্রদেয় (Payables) হিসাবভুক্ত করা হয় না। প্রতিষ্ঠানের সম্পদ, দায়, তহবিল, সম্পদ অনুদান থেকে অনার্জিত আয় ইত্যাদি বকেয়া ভিত্তিতে স্থিতিপত্রে অন্তর্ভুক্ত করা হয়। স্থিতিপত্র সংশ্লিষ্ট আয়-ব্যয় ব্যতীত অন্যান্য প্রাপ্তি-পরিশোধ নগদ ভিত্তিতে আয়-ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত করা হয়।

নগদ (Cash): হাতে নগদ, ডিমাল্ড ডিপোজিট বা চাহিদা আমানত ও নগদ সমতুল্য।

নগদ সমতুল্য (Cash Equivalents): স্বল্প-মেয়াদী, তরল বিনিয়োগ যা তাৎক্ষণিকভাবে নির্দিষ্ট নগদ অর্থে রূপান্তরযোগ্য এবং যা উল্লেখযোগ্য মূল্য পরিবর্তনের ঝুঁকিতে নেই।

নগদ প্রবাহ (Cash Flow): নগদ আন্তঃপ্রবাহ এবং নগদ বহিঃপ্রবাহ।

নগদ প্রদান (Cash Payment): নগদ বহিঃপ্রবাহ।

নগদ প্রাপ্তি (Cash Receipt): নগদ আন্তঃপ্রবাহ।

নগদ নিয়ন্ত্রণ (Control of Cash): যখন প্রতিষ্ঠানটি তার উদ্দেশ্যসমূহ পূরণকল্পে নগদ অর্থ ব্যবহার করতে বা তা থেকে উপকার পেতে পারে এবং সেই সুবিধাটিতে অন্যের অংশগ্রহণ রহিত করতে বা নিয়ন্ত্রণ করতে পারে।

হিসাবরক্ষণ নীতিমালা (Accounting Policy): আর্থিক বিবরণী প্রস্তুত ও উপস্থাপনে কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত নির্দিষ্ট নীতি, ভিত্তি, প্রথা, পদ্ধতি ও চর্চাকে হিসাবরক্ষণ নীতিমালা বলে। যেমন: এক্ষেত্রে পরিবর্তিত বকেয়া ভিত্তিক (Modified Accrual Basis)।

বস্তুনিষ্ঠতা (Materiality): তথ্য বস্তুনিষ্ঠ হিসেবে বিবেচিত হয় যখন উক্ত তথ্যের ভ্রান্তির কারণে বা ভুলভাবে উপস্থাপনের ফলে আর্থিক বিবরণী ব্যবহারকারীদের সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে তা ভিন্নতা তৈরী করে বা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনে তা প্রভাব সৃষ্টি করে। বস্তুনিষ্ঠতা সংশ্লিষ্ট লেনদেন বা উদ্ভোগের প্রকৃতি ও পরিমাণ উভয়ের উপরই নির্ভর করে এবং সেই সঙ্গে প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট পরিস্থিতির নিরিখে তা বিবেচ্য।

প্রতিবেদনের তারিখ (Reporting Date): সংশ্লিষ্ট আর্থিক বিবরণী সম্পর্কিত প্রতিবেদন সময়কালের শেষ দিনের তারিখ।

প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ (Control of an Entity): একটি প্রতিষ্ঠান অন্য একটি প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে যখন প্রতিষ্ঠানটি অপর প্রতিষ্ঠান থেকে বিভিন্ন সুবিধা পাওয়ার অধিকার রাখে এবং প্রতিষ্ঠানটির উপর নিয়ন্ত্রণ দ্বারা সুবিধাগুলোর প্রকৃতি বা পরিমাণকে প্রভাবিত করার ক্ষমতা রাখে।

নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান (Controlled Entity): এমন একটি প্রতিষ্ঠান যা অন্য প্রতিষ্ঠানের (নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসাবে পরিচিত) নিয়ন্ত্রণে থাকে।

১.৩ আর্থিক বিবরণীর তথ্যসমূহ: আর্থিক বিবরণীসমূহে অন্তর্ভুক্ত তথ্যসমূহ হচ্ছে-

১.৩.১ সম্পদ (Asset): অতীতের লেনদেন বা ঘটনার ভিত্তিতে প্রাপ্ত অর্থনৈতিক সংস্থান (Resource) যা বর্তমানে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন। অর্থনৈতিক সংস্থান বলতে অধিকারকে (Right) বুঝায় যা থেকে সম্ভাব্য অর্থনৈতিক সুবিধাদি অর্জিত হবে। সম্পদের উল্লিখিত সংজ্ঞা এবং সম্পদ থেকে আয় বা বিক্রয়যোগ্যতার প্রাসঙ্গিকতা বিবেচনা করতে হবে। অন্যথায় তা খরচ হিসাবে হিসাবভুক্ত হবে। প্রকল্প, কর্মসূচি বা প্রতিষ্ঠান খাতে মূলধনী ব্যয়ের হিসাবভুক্তকরণে লেভেল-৩ মানদন্ডের অনুচ্ছেদ ৬.১ প্রতিপালনীয়।

১.৩.২ দায় (Liability): অতীত লেনদেন বা ঘটনার ভিত্তিতে অর্থনৈতিক সংস্থান (Resource) হস্তান্তরের বর্তমান বাধ্যবাধকতা (Obligation), যা দীর্ঘকালীন লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১.৩.৩ মালিকানাশ্বত/তহবিল (Equity/Fund): প্রতিষ্ঠানের মোট সম্পদ থেকে মোট দায় বাদ দেয়ার পর অবশিষ্ট উদ্বৃত্ত অংশকে ইকুইটি বা তহবিল নামে অভিহিত করা হয়।

১.৩.৪ আয় (Revenue): সম্পদের বৃদ্ধি বা দায়ের হ্রাস, যা কিনা মালিকানাশ্বত বৃদ্ধি ঘটাবে, তবে তা মালিকানাশ্বতের অধিকারী কর্তৃক দানের মাধ্যমে নয়। অনুদান থেকে আয়ের ক্ষেত্রে আইএসএ ২০ এর ধারা ২০ প্রযোজ্য হবে। প্রতিষ্ঠান কার্যক্রম সংক্রান্ত আয়ের ক্ষেত্রে লেভেল-৩ মানদন্ডের অনুচ্ছেদ ৬.৪ নীতি পদ্ধতি অনুসরণ করতে হবে।

১.৩.৫ ব্যয় (Expense): সম্পদের হ্রাস বা দায়ের বৃদ্ধি, যার দ্বারা মালিকানাশ্বত্ব হ্রাস পাবে, তবে তা মালিকানাশ্বত্বের অধিকারীকে প্রদত্ত অর্থের কারণে নয়।

১.৪ আর্থিক বিবরণী তথ্যসমূহের স্বীকৃতি

আর্থিক বিবরণী উপাদান বা তথ্যের সংজ্ঞা পূরণ করে এমন উপাদানের স্বীকৃতি দেয়া হবে যদি -

১.৪.১ এটি সম্ভাব্য হয় যে ভবিষ্যতে উক্ত উপাদান হতে কোনো অর্থনৈতিক প্রবাহ প্রতিষ্ঠানে আসবে বা অর্থনৈতিক প্রবাহ প্রতিষ্ঠান থেকে যাবে; এবং

১.৪.২ লেনদেন বা তথ্যটির ব্যয় বা মূল্য নির্ভরযোগ্যতার সাথে পরিমাপ করা যায়।

১.৫ লেনদেনের পরিমাপ বা মূল্যায়ন

১.৫.১ আর্থিক বিবরণী প্রস্তুত করার ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত মূল্য পরিমাপের ভিত্তি হচ্ছে অতীত লেনদেন মূল্য (Historical Cost)। সেই সাথে ক্ষেত্রবিশেষে বাজার ন্যায্যমূল্য (Fair Value), নীট আদায়যোগ্য মূল্য (Net Realizable Value), পুনরুদ্ধার মূল্য (Recoverable Value) ব্যবহারের প্রয়োজন রয়েছে।

১.৫.২ চলমান প্রতিষ্ঠান ধারণার ওপর ভিত্তি করে আর্থিক বিবরণী প্রস্তুত করা আবশ্যিকীয় যদি না উহার প্রশাসনিক কর্তৃপক্ষ উক্ত সংস্থার কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত চূড়ান্ত করে থাকেন।

১.৫.৩ লেনদেন লিপিবদ্ধকরণ: পরিবর্তিত বকেয়া ভিত্তিক পদ্ধতিতে লেনদেনসমূহ প্রাথমিকভাবে নগদ ভিত্তিতে আবর্তক ও মূলধনী খাতের সংশ্লিষ্ট হিসাবসমূহে লিপিবদ্ধ করা হবে। পরবর্তীতে প্রতিবেদন তারিখের দীর্ঘমেয়াদী ঘটনা এবং লেনদেনসমূহের উদ্ভূত বকেয়া ভিত্তিক (Accrual Basis) দ্বৈত এন্ট্রির (Double Entry) সমন্বয় দ্বারা হিসাবভুক্ত করা হবে। এই ধরনের হিসাব লিপিবদ্ধকরণের বাস্তব উদাহরণ এতদসঙ্গে সংযুক্ত আনুষঙ্গিক তথ্য খন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১.৬ আর্থিক প্রতিবেদনে তথ্যের উল্লেখ এবং উপস্থাপনা সম্পর্কিত নির্দেশনা

আর্থিক বিবরণী

১.৬.১ একটি প্রতিষ্ঠান আর্থিক বিবরণী প্রস্তুত এবং উপস্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত বিবরণীসমূহ অন্তর্ভুক্ত করবে:

(ক) স্থিতিপত্র (Balance Sheet): প্রতিবেদন তারিখে প্রতিষ্ঠানের সম্পদ, দায়, তহবিল, সম্পদ অনুদান সংক্রান্ত বিলম্বিত আয় ইত্যাদি তথ্যের সারসংক্ষেপ।

(খ) আয়-ব্যয় বিবরণী (Statement of Income and Expenditure): এই বিবরণীর মাধ্যমে প্রতিষ্ঠানের নগদ ভিত্তিক আয়-ব্যয় এবং স্থিতিপত্র সংশ্লিষ্ট বকেয়া আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করা হবে;

(গ) নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী (Statement of Cash Receipts and Payments): এই বিবরণীর সাহায্যে প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান, প্রারম্ভিক ও সমাপনী নগদ জের/উদ্ভূতের তথ্য পাওয়া যাবে;

(ঘ) বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনামূলক বিবরণী (Budget vs Actual Analysis): ভিন্ন একটি আর্থিক বিবরণী হিসাবে অথবা প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে বাজেট কলাম যুক্ত করে “বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তথ্যের তুলনামূলক উপস্থাপনা মানদণ্ড” অনুযায়ী তা প্রস্তুত করা হবে;

(ঙ) আর্থিক বিবরণী প্রস্তুতে ব্যবহৃত নীতিমালা ও ব্যাখ্যামূলক টীকা (Notes to the Financial Statement)।

১.৬.২ যদি কোন প্রতিষ্ঠান এই মানদণ্ডে উল্লেখিত পরিবর্তিত বকেয়া ভিত্তিক ব্যতিত অন্য কোন ভিত্তিক কোন তথ্য প্রকাশের সিদ্ধান্ত নেয় তবে, সেক্ষেত্রে উক্ত বিষয় আর্থিক বিবরণীর টীকাতে উল্লেখ করতে হবে।

স্থিতিপত্রে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Balance Sheet)

১.৬.৩ স্থিতিপত্রে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

(ক) স্থিতিপত্রে চলতি ও অ-চলতি সম্পদ এবং চলতি ও অ-চলতি দায় পৃথকভাবে শ্রেণীবিন্যাস আকারে উপস্থাপন করতে হবে;

(খ) একটি সম্পদকে চলতি সম্পদ (Current Asset) হিসাবে হিসাবভুক্ত করার ক্ষেত্রে বিবেচ্য হবেঃ

- প্রতিষ্ঠানের স্বাভাবিক পরিচালনা কার্যে ব্যবহার বা একটি কালচক্রে বিক্রয় বা ব্যবহার করার উদ্দেশ্যে ক্রয়কৃত সম্পদ বা পণ্য; বা
- প্রাথমিকভাবে স্বল্প মেয়াদে বা আর্থিক বিবরণী তারিখ হতে ১২ মাসের মধ্যে আদায়যোগ্য হবে বলে আশা করা হচ্ছে এ ধরনের হিসাবভুক্ত প্রাপ্য; বা
- নগদ এবং নগদ সমতুল্য অর্থ।

(গ) অন্যান্য সকল সম্পদকে অ-চলতি সম্পদ (Non-current Asset) হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে;

(ঘ) একটি দায়কে চলতি দায় হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে যখন এটি:

- প্রতিষ্ঠানের স্বাভাবিক পরিচালনা কার্যে বা একটি কালচক্রে নিষ্পত্তি হবে বলে আশা করা হবে; বা
- আর্থিক বিবরণী তারিখের ১২ মাসের মধ্যে নিষ্পত্তি করার বাধ্যবাধকতা রয়েছে।

(ঙ) অন্যান্য সকল দায়কে অ-চলতি দায় হিসাবে শ্রেণীবদ্ধ করতে হবে।

(চ) সম্পদ ও দায় স্থিতিপত্রে পরিশিষ্ট ১-এ প্রদর্শিত হিসাব শিরোনামগুলো (প্রযোজ্য ক্ষেত্রে) অন্তর্ভুক্ত করতে হবে।

(ছ) প্রতিবেদন সময়কালে প্রতিষ্ঠানের মোট তহবিলের (মালিকানাস্বত্ব) হ্রাস-বৃদ্ধি উল্লেখ করতে হবে।

(জ) স্থায়ী সম্পদ যেমন- ভূমি, ভবন, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রাথমিকভাবে তার লেনদেন মূল্যে পরিমাপ করা বাঞ্ছনীয়। সম্পদ, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতির মোট মূল্য নির্ধারণে তার ক্রয় মূল্য, প্রযোজ্য ক্ষেত্রে আমদানি শুল্ক এবং অ-ফেরতযোগ্য ক্রয়কর এবং সম্পদটিকে ব্যবহার উপযোগী করার উদ্দেশ্যে অন্যান্য প্রত্যক্ষ ব্যয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবে। ক্রয়মূল্য নির্ধারণের সময় বাট্টা ও ছাড়ের অর্থ বাদ দিতে হবে।

(ঝ) সম্পদ, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতির অবচয় (Depreciation): সম্পদটির অবচয়যোগ্য মূল্য (ক্রয়মূল্য বাদ চূড়ান্ত বিক্রয় থেকে প্রত্যাশিত প্রাপ্তি) ও তার আয়ুষ্কাল অনুযায়ী একটি যথাযথ পদ্ধতিগত ভিত্তিতে অবচয় চার্জ বরাদ্দ ও হিসাবভুক্ত করা অত্যাৱশ্যক। এক্ষেত্রে সরলরৈখিক অবচয় পদ্ধতি (Straight line depreciation method) সবচেয়ে সহজ পদ্ধতি। তবে, যৌক্তিক কারণে অন্যান্য পদ্ধতিও ব্যবহার করা যেতে পারে।

(ঞ) যদি কোন সম্পদ, ভূমি, ভবন, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি ইত্যাদি কোন সম্পদের মূল্য অবলোপন হয়, যার ফলে নগদ আন্তঃপ্রবাহের মাধ্যমে সম্পদের নীট মূল্য আদায়যোগ্য না থাকে, তবে এর নীট মূল্য সম্পদ থেকে প্রাপ্য নগদ প্রবাহ ঘাটতি দ্বারা হ্রাস করতে হবে। নগদ প্রবাহ সম্পদের আদায়যোগ্য মূল্য বা এর অব্যাহত ব্যবহার থেকে আসতে পারে এবং এক্ষেত্রে বাট্টাকরণ করার প্রয়োজন নেই। বাজারমূল্য হ্রাস ও অপ্রচলতা মূল্য অবলোপনের সূচক হিসেবে বিবেচ্য।

(ট) ভূমির আয়ুষ্কাল সাধারণত সীমাহীন তাই অবচয় করা হয় না। কিন্তু ভবনের আয়ুষ্কাল সীমিত, তাই অবচয় করা হয়।

(ঠ) স্থায়ী সম্পদ, অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতির প্রতিটি শ্রেণীর জন্য আর্থিক বিবরণী সময়কালের শুরু এবং শেষের নীটমূল্যের হ্রাস-বৃদ্ধির নিম্নলিখিত বিস্তারিত তথ্য প্রকাশ করা আবশ্যিক:

- নতুন ক্রয় বা সংযোজন;
- বিক্রয় বা হস্তান্তর বা বিলোপ;
- অবচয় হার, পরিমাণ ও ব্যবহারের সময়কাল।

(ড) লিজ বা ইজারা ব্যয় হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে এবং উল্লেখযোগ্য মূল্যের ক্ষেত্রে আর্থিক বিবরণীর টীকাতে তা প্রকাশ করতে হবে।

আয়-ব্যয় বিবরণীতে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Statement of Income and Expenditure)

১.৬.৪ আয়-ব্যয় বিবরণীতে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

প্রাথমিকভাবে এই আয়-ব্যয় বিবরণীটি নগদ ভিত্তিক, তবে স্থিতিপত্র সংশ্লিষ্ট দীর্ঘমেয়াদী ঘটনাসমূহের হিসাবের আয়-ব্যয় বকেয়া ভিত্তিতে হিসাবভুক্ত করা হবে। এ কারণেই এই পদ্ধতিকে পরিবর্তিত বকেয়া ভিত্তিক বলা হয়ে থাকে।

(ক) প্রতিষ্ঠানের মোট আয় যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস এবং প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের মোট ব্যয় যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস ও প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(গ) মোট আয়, মোট ব্যয় এবং প্রতিটি শ্রেণি, উপ-শ্রেণির জন্য আয় ও ব্যয় নীট না করে পুরো অঙ্কে লিপিবদ্ধ করতে হবে।

(ঘ) সম্পত্তির অবচয় আলাদাভাবে উল্লেখ করতে হবে।

নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Statement of Cash Receipts and Payments)

১.৬.৫ নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

(ক) প্রতিষ্ঠানের মোট নগদ প্রাপ্তি যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস এবং প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের মোট নগদ প্রদান যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস ও প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(গ) প্রতিষ্ঠানের প্রারম্ভিক ও সমাপনী নগদ জের।

১.৬.৬ মোট নগদ প্রাপ্তি, মোট নগদ প্রদান এবং প্রতিটি শ্রেণি, উপ-শ্রেণির জন্য নগদ প্রাপ্তি ও নগদ প্রদান নীট না করে পুরো অঙ্কে লিপিবদ্ধ করতে হবে। একমাত্র নিম্নোক্ত ক্ষেত্রসমূহে নগদ প্রাপ্তি ও নগদ প্রদানের নীট পরিমাণ প্রকাশ করা যাবে:

(ক) প্রাপ্তি এবং পরিশোধসমূহ এমন লেনদেন থেকে উদ্ভূত যা প্রতিষ্ঠান অন্যের পক্ষ হয়ে পরিচালনা করে এবং যা নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে; অথবা

(খ) এগুলো এমন লেনদেনের জন্য যেগুলোর আবর্তন খুব দ্রুত হয়, অর্থের পরিমাণ বেশি এবং স্বল্প সময়েই পরিপক্ব হয়।

১.৬.৭ প্রতিটি হিসাব লাইন, শিরোনাম, উপ-শিরোনাম, মোট এবং উপমোট নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে উল্লেখ করতে হবে যখন এগুলোর উল্লেখ নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ জেরের সঠিক এবং যথাযথ উপস্থাপনের জন্য আবশ্যকীয় হিসেবে বিবেচিত হয়।

আর্থিক প্রতিবেদন নীতিমালা ও ব্যাখ্যামূলক টীকা (Accounting Policies and Explanatory Notes)

১.৬.৮ প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর টীকাতো নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ থাকবে:

(ক) প্রতিষ্ঠান পরিচিতি;

(খ) আর্থিক বিবরণী প্রস্তুতের ভিত্তি এবং গুরুত্বপূর্ণ লেনদেন, ঘটনার ক্ষেত্রে নির্ধারণকৃত ও প্রয়োগকৃত হিসাববিজ্ঞান নীতিমালা সম্পর্কিত তথ্য, এক্ষেত্রে বস্তুনিষ্ঠ ও প্রাসঙ্গিক লেনদেন বা ঘটনা হিসাবভুক্ত করার ক্ষেত্রে এই মানদণ্ডে উল্লেখিত নীতি-পদ্ধতির সঙ্গে সাংঘর্ষিক না হলে এফআরসি জারীকৃত লেভেল-২ বা লেভেল-১ আর্থিক প্রতিবেদন মানদণ্ড অনুসরণ করা যাবে।

১.৬.৯ আর্থিক বিবরণীর টীকাসমূহ একটি নিয়মতান্ত্রিক পদ্ধতিতে উপস্থাপন করতে হবে। নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী এবং অন্যান্য আর্থিক বিবরণীতে উল্লিখিত প্রতিটি উদ্ভূতের সঙ্গে সম্পর্কিত তথ্যের যোগসূত্র ব্যাখ্যামূলক টীকায় উল্লেখ করতে হবে।

১.৬.১০ সম্ভাব্য ঘটনার বিবরণ (সম্ভাব্য সম্পদ বা দায় যার অস্তিত্ব ভবিষ্যতে কোন ঘটনা ঘটা বা না ঘটার দ্বারা নিশ্চিত হওয়া যাবে);

১.৬.১১ আর্থিক বিবরণীর স্বচ্ছতা, বোধগম্যতার জন্য বস্তুনিষ্ঠ, গুরুত্বপূর্ণ, অসচরাচর উদ্ভূত, অর্থের পরিমাণের ক্ষেত্রে কারণ, সূত্রসহ পূর্ণাঙ্গ ব্যাখ্যার উল্লেখ এবং প্রাসঙ্গিক অন্য কোন তথ্য;

আর্থিক বিবরণীর আবশ্যিক গুণগত বৈশিষ্ট্য

১.৬.১২ আর্থিক বিবরণীর গুণগত বৈশিষ্ট্য আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্যসমূহকে ব্যবহারকারীদের জন্য ব্যবহার উপযোগী করে তোলে। এর প্রধান আবশ্যিকীয় গুণগত বৈশিষ্ট্যগুলো হলো:

(ক) বোধগম্যতা (Understandability): আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্য ব্যবহারকারী কর্তৃক সহজেই বোধগম্য হওয়া অপরিহার্য;

(খ) প্রাসঙ্গিকতা (Relevance): ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ এবং জবাবদিহিতার প্রয়োজনীয়তার সাথে তথ্যসমূহ অবশ্যই প্রাসঙ্গিক হতে হবে;

(গ) নির্ভরযোগ্যতা (Reliability): তথ্য নির্ভরযোগ্য বলে বিবেচিত হয় যখন আর্থিক বিবরণী তথ্যাদি উল্লেখযোগ্য ত্রুটিমুক্ত এবং অন্যান্য প্রভাবমুক্ত হয়, তথ্যাদি প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী বিশ্বস্ত তথ্য হিসেবে বিবেচিত এবং নির্ভরযোগ্য হয়;

(ঘ) তুলনায়োগ্যতা (Comparability): আর্থিক বিবরণীর তথ্যসমূহ তুলনায়োগ্য হতে হবে যেন ব্যবহারকারীরা অন্যান্য বছরের সঙ্গে চলমান বছরের আর্থিক বিবরণীর পারস্পরিক তুলনা এবং অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে আর্থিক অবস্থা এবং আর্থিক কর্মক্ষমতার তুলনামূলক মূল্যায়নে সক্ষম হন।

(ঙ) সম্পূর্ণ (Complete);

(চ) নিরপেক্ষ (Neutral);

(ছ) বস্তুনিষ্ঠ ত্রুটিমুক্ত (Free from material error);

(জ) সময়োপযোগী (Timely); এবং

(ঝ) যাচাইযোগ্য (Verifiable) ।

আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত তথ্যের চ্যালেঞ্জগুলো হলো, এটি বস্তুনিষ্ঠ হতে হয়, তথ্যের ব্যবহার উপকার তথ্যের ব্যয় থেকে অধিক এ মূল্যায়নকে সম্ভূত করতে হয় এবং উপরোল্লিখিত (ক) থেকে (ঝ) - এর মধ্যে উল্লিখিত গুণগত বৈশিষ্ট্যগুলোর মধ্যে একটি উপযুক্ত ভারসাম্য অর্জন করতে হয়।

১.৬.১৩ অনুপযুক্ত বা ভুল হিসাব দাখিলা (Accounting Treatment) হিসাববিজ্ঞান নীতিমালা, টীকা বা অন্য কোন ব্যাখ্যামূলক উল্লেখ দ্বারা সংশোধিত হয়ে যায় না।

সাধারণ বিবেচনা (General Considerations)

১.৭ প্রতিবেদন সময়কাল (Reporting Period)

১.৭.১ সাধারণ উদ্দেশ্যে তৈরী (GPFs) আর্থিক বিবরণী বছরে কমপক্ষে একবার (১) প্রস্তুত করতে হবে। ব্যতিক্রমক্ষেত্রে, কোন প্রতিষ্ঠানের প্রতিবেদন তারিখ পরিবর্তন হলে বার্ষিক আর্থিক বিবরণী এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য প্রস্তুত করতে হতে পারে, সেক্ষেত্রে আর্থিক প্রতিবেদনে সময়কাল উল্লেখ করার সাথে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে-

(ক) এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য আর্থিক বিবরণী প্রস্তুতের কারণ; এবং

(খ) আর্থিক বিবরণীতে উল্লেখিত তুলনামূলক টাকার পরিমাণ অন্যান্য হিসাব বছরের সাথে তুলনায়োগ্য নাও হতে পারে এ সংক্রান্ত ঘোষণা ও তথ্য আর্থিক বিবরণী টীকাতে উল্লেখ থাকবে।

আর্থিক বিবরণী অনুমোদন তারিখ (Authorization Date)

১.৭.২ আর্থিক বিবরণী অনুমোদনের তারিখ, অনুমোদনকারী কর্তৃপক্ষের তথ্যাদি, প্রকাশিত আর্থিক বিবরণী যদি অন্য কোন প্রতিষ্ঠান বা পক্ষ সংশোধন করার ক্ষমতা রাখে, সেটিও আর্থিক বিবরণীর টীকাতে প্রকাশ করতে হবে।

১.৭.৩ অনুমোদনের তারিখ বলতে যে তারিখে আর্থিক বিবরণী অধিকার প্রাপ্ত অনুমোদনকারী ব্যক্তি বা পরিষদ, বোর্ড দ্বারা প্রকাশের জন্য অনুমোদন প্রাপ্ত হয়, সে তারিখকে বোঝাবে।

প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

১.৭.৪ আর্থিক বিবরণীর টীকাগুলোতে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে, যদি তথ্যসমূহ আর্থিক বিবরণী সংযুক্ত অন্য কোন প্রকাশনায় প্রকাশ করা না হয়ে থাকে:

(ক) প্রতিষ্ঠানের ঠিকানা, যে নির্দিষ্ট আইনানুযায়ী প্রতিষ্ঠিত এবং আইনগত অধিকার, পরিচালনা ক্ষেত্র;

(খ) প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলী ও পরিচালনার ধরণ বর্ণনা;

(গ) প্রতিষ্ঠানের গঠন, উদ্দেশ্য ও কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আইনের উল্লেখ;

(ঘ) আর্থিক বিবরণীতে উপস্থাপিত গুরুত্বপূর্ণ খাত অথবা প্রতিষ্ঠান যোগুলো প্রতিবেদন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে অন্তর্ভুক্ত এবং সেগুলোর উল্লেখযোগ্য পরিবর্তন যদি হয়ে থাকে।

নগদ জের ও ঋণ গ্রহণের উপর বিধিনিষেধ

১.৭.৫ আর্থিক বিবরণীর টীকাতে মন্তব্যসহ নিম্নলিখিত বিষয়সমূহের প্রকৃতি ও টাকার পরিমাণসহ উল্লেখ থাকবে:

(ক) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য প্রাপ্তব্য (Available) নয়;

(খ) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা বাহ্যিক বিধিনিষেধের আওতাধীন;

(গ) অ-উত্তোলনকৃত ঋণ সুবিধা যা ভবিষ্যতে পরিচালন কার্যক্রম এবং মূলধনের প্রতিশ্রুতি নিষ্পত্তি করার জন্য প্রাপ্তব্য হতে পারে এবং উক্ত সুবিধা ব্যবহারের ক্ষেত্রে যদি কোন বিধিনিষেধ থাকে, তার উল্লেখ।

আর্থিক বিবরণী উপস্থাপনায় ধারাবাহিকতা

১.৭.৬ আর্থিক বিবরণীর প্রতিটি উপাদানের (ব্যালেন্সের) উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস এক সময়কাল থেকে অন্য সময়কালে ধারাবাহিকভাবে সামঞ্জস্যপূর্ণ হবে, নিম্নোক্ত ব্যতিক্রম ব্যতীত:

(ক) প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রকৃতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হলে অথবা আর্থিক বিবরণী পর্যালোচনার পরে হিসাব নীতিমালা নির্বাচন এবং প্রয়োগের ক্ষেত্রে অন্য কোন উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস অধিক উপযুক্ত বলে মনে হলে যা অনুচ্ছেদ ১.৬.১২ এ উল্লিখিত হয়েছে;

(খ) ভবিষ্যতে এই মানদণ্ড সংশোধনের কারণে উপস্থাপনের ধরণে পরিবর্তন হলে।

আর্থিক বিবরণী তথ্যসমূহ একত্রীকরণ (Consolidation) প্রক্রিয়ার ধাপসমূহ

১.৭.৭ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা অফিস, বিক্রয় বা বিতরণ কেন্দ্র বা স্টেশন ইত্যাদির লেনদেন, আয়, ব্যয়, সম্পদ, দায় সংক্রান্ত তথ্যসমূহ প্রধান অফিসে রক্ষিত হিসাবের সঙ্গে একত্রীকরণে নিম্নে উল্লেখিত ধাপসমূহ প্রতিপালনীয়:

(১) একত্রিতকরণ (Combination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণীর উপাদানসমূহ যেমন- সম্পদ, দায়, তহবিল/মালিকানাশ্বত, আয়, ব্যয় এবং নগদ প্রবাহ একত্রিত করা।

(২) আর্থিক বিবরণী থেকে বাদ দেয়া (Elimination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণী তথ্যসমূহে প্রধান অফিসের সঙ্গে শাখা অফিসের এবং আন্তঃশাখা (Inter-branch) প্রাপ্য, দায়, আয়, ব্যয় থাকলে তা বাদ দেয়া।

তুলনামূলক তথ্য

১.৭.৮ এই মানদন্ডের বিধান অনুযায়ী যদি অন্যকিছুর অনুমতি বা বাধ্যবাধকতা না থাকে তবে মানদন্ডটির প্রয়োজনীয়তার ভিত্তিতে সমস্ত সংখ্যাগত তথ্য আর্থিক বিবরণীতে প্রকাশ করার সঙ্গে পূর্ববর্তী সময়কালের তুলনামূলক সংখ্যাগত তথ্য প্রকাশ করা হবে। তবে যে আর্থিক বছর এই মানদন্ড প্রথম প্রয়োগ করা হবে সেই বছরের আর্থিক বিবরণীর ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। ব্যাখ্যা এবং বর্ণনার ক্ষেত্রেও তুলনামূলক তথ্য উল্লেখ করা বাঞ্ছনীয় যদি সেটি চলতি বছরের আর্থিক বিবরণী বোঝার জন্য প্রাসঙ্গিক হয়।

১.৭.৯ এই মানদন্ডের প্রয়োজনীয়তার ভিত্তিতে উপস্থাপনকৃত বা শ্রেণীবিন্যাসকৃত তথ্য, উদ্ভূত বা সংখ্যার গণনা পদ্ধতিতে কোন পরিবর্তন করা হলে দুষ্কর বা অবাস্তবতা ব্যতীত পূর্ববর্তী বছরের তুলনামূলক তথ্যসমূহও পরিবর্তন করে উপস্থাপনা, শ্রেণিবিন্যাস করতে হবে। এটা চলতি বছরের তথ্যের তুলনায়োগ্যতাকে নিশ্চিত করবে। পুনঃবিন্যাসের প্রকৃতি, পরিমাণ এবং কারণ উল্লেখ করতে হবে। তুলনামূলক তথ্য পুনঃশ্রেণীবিন্যাস করা দুষ্কর, অসম্ভব হলে তার কারণ পরিবর্তনের ধরন, প্রভাব কি হতো তা উল্লেখ করতে হবে।

আর্থিক বিবরণী সনাক্তকরণ

১.৭.১০ একই নথিতে একই সঙ্গে প্রকাশিত আর্থিক বিবরণীসমূহ অন্যান্য তথ্য থেকে পৃথকভাবে এবং স্পষ্টভাবে শনাক্ত এবং পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

১.৭.১১ আর্থিক প্রতিবেদনের প্রতিটি বিবরণী স্পষ্ট করে চিহ্নিত থাকবে। এছাড়াও উপস্থাপিত তথ্য যথাযথভাবে বোঝার জন্য নিম্নলিখিত তথ্যগুলি আর্থিক বিবরণীতে বিশেষভাবে প্রদর্শিত হবে এবং তা পুনরাবৃত্তি করা হবে:

(ক) প্রতিষ্ঠানের নাম এবং পরিচিতির অন্যান্য তথ্যসমূহ;

(খ) আর্থিক বিবরণীসমূহে একটি বা একাধিক প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তি বিষয়ে উল্লেখ থাকবে;

(গ) প্রতিবেদনের তারিখ বা আর্থিক বিবরণীর সময়কাল, যা উক্ত আর্থিক বিবরণীর তথ্যসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ;

(ঘ) আর্থিক প্রতিবেদন মুদ্রা; এবং

(ঙ) আর্থিক বিবরণীতে উল্লিখিত সংখ্যাসমূহের নির্ভুলতার স্তর।

১.৮ ত্রুটি সংশোধন

১.৮.১ আর্থিক বিবরণীতে উল্লিখিত নগদ উদ্ভূতের ক্ষেত্রে কোনও ত্রুটি দেখা দিলে, যা পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণী সাথে সম্পর্কিত উক্ত ত্রুটির পরিমাণটি বছরের প্রারম্ভিক উদ্ভূতের সঙ্গে সমন্বয় হিসেবে উল্লেখ করা হবে।

তুলনামূলক তথ্যসমূহ পুনঃউল্লেখ (Restatement) করা হবে, যদি না এটি করা দুষ্কর বা অসম্ভব হয়।

১.৮.২ একটি প্রতিষ্ঠান ত্রুটি সংশোধিত তথ্যসমূহ আর্থিক বিবরণীর টিকাতে উল্লেখ করবে:

(ক) পূর্ববর্তী হিসাব বছরের সাথে সম্পর্কিত ত্রুটির প্রকৃতি;

(খ) সংশোধনের পরিমাণ; এবং

(গ) তুলনামূলক তথ্য পুনঃউল্লেখ করা হয়েছে অথবা তা করা দুষ্কর বা অসম্ভব।

১.৯ বৈদেশিক মুদ্রা লেনদেন

সংজ্ঞা

১.৯.১ নিম্নলিখিত শব্দগুলি এই মানদন্ডে নিম্নরূপ অর্থে ব্যবহৃত হয়েছে;

সমাপনী হার (Closing Rate): প্রতিবেদনের তারিখে তাৎক্ষণিক (Spot) বৈদেশিক মুদ্রা বিনিময় হার, যা কেন্দ্রীয় ব্যাংক প্রকাশিত তথ্য ভিত্তিক হবে।

বিনিময় পার্থক্য (Exchange Difference): বৈদেশিক মুদ্রায় লেনদেনকৃত ভিন্ন ভিন্ন তারিখের লেনদেনের ভিন্ন ভিন্ন বিনিময় হারে আর্থিক প্রতিবেদন মুদ্রায় পরিবর্তিত করার ফলে প্রাপ্ত পার্থক্য।

বিনিময় হার (Exchange Rate): দুটি মুদ্রার বিনিময় অনুপাত।

বৈদেশিক মুদ্রা (Foreign Currency): প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা ব্যতীত অন্য যেকোন মুদ্রা।

আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা (Presentation Currency): যে মুদ্রায় আর্থিক বিবরণীর তথ্য প্রকাশ করা হয়।

তাৎক্ষণিক বিনিময় হার (Spot Exchange Rate): তাৎক্ষণিক পরিবর্তনের জন্য মুদ্রার বিনিময়ের হার।

বৈদেশিক মুদ্রায় নগদ প্রাপ্তি, প্রদান এবং নগদ হিসাবের উদ্ধৃত্তের হিসাবভুক্তকরণ

১.৯.২ বৈদেশিক মুদ্রায় লেনদেনের ফলে উদ্ধৃত্ত নগদ প্রাপ্তি এবং পরিশোধ লেনদেন প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন মুদ্রায় হিসাবভুক্ত করার ক্ষেত্রে প্রাপ্তি বা পরিশোধ তারিখের বৈদেশিক মুদ্রা এবং আর্থিক প্রতিবেদন মুদ্রার মধ্যে বিদ্যমান তাৎক্ষণিক বিনিময় হার ব্যবহৃত হবে।

১.৯.৩ নগদ উদ্ধৃত্ত বৈদেশিক মুদ্রা হিসাব বছরের সমাপনী তারিখের বিনিময় হার অনুযায়ী রূপান্তর করতে হবে।

১.৯.৪ নিয়ন্ত্রিত বিদেশী প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি এবং নগদ অর্থ প্রদান, প্রাপ্তি এবং প্রদানের তারিখে আর্থিক প্রতিবেদন মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার মধ্যে বিনিময় হারে রূপান্তর করতে হবে।

১.৯.৫ আর্থিক প্রতিবেদন মুদ্রায় রূপান্তরের ফলে বৈদেশিক মুদ্রার বিনিময় পার্থক্যসমূহ প্রারম্ভিক নগদ উদ্ধৃত্ত এবং সমাপনী নগদ উদ্ধৃত্ত এর মধ্যে সমন্বয় হিসাবে আর্থিক প্রতিবেদন টাকায় উল্লেখ থাকবে।

১.৯.৬ যখন আর্থিক প্রতিবেদন মুদ্রা দেশের মুদ্রার থেকে ভিন্ন হয়, তখন ভিন্ন মুদ্রা ব্যবহারের কারণ উল্লেখ থাকতে হবে। আর্থিক প্রতিবেদন মুদ্রায় কোন পরিবর্তন ঘটলে তার কারণও প্রকাশ করতে হবে।

১.১০ আর্থিক বিবরণী কাঠামোর নমুনা

১.১০.১ সম্পদ ও দায় স্থিতিপত্র : পরিশিষ্ট ৪-১

সম্পদ ও দায় স্থিতিপত্রে উল্লেখিত হিসাব শিরোনামগুলোর প্রাসঙ্গিকতা প্রতিষ্ঠানের প্রকৃতির উপর নির্ভর করবে, তবে উল্লেখিত কাঠামো এবং হিসাব শিরোনামগুলো এই স্তরের অধিকাংশ প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য। প্রতিষ্ঠানের প্রয়োজনে মূল হিসাব শিরোনামে সংযোজন বা পরিবর্তন করা যাবে।

১.১০.২ আয়-ব্যয় বিবরণী: পরিশিষ্ট ৪-২

আয়-ব্যয় বিবরণীর কাঠামো প্রাথমিকভাবে পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা, নিরীক্ষক ও তদারকি কর্তৃপক্ষের চাহিদা পূরণের জন্য প্রস্তুত করা হয়েছে। এটি স্বীকৃত যে আয়-ব্যয় বিবরণীটি তদারকি কর্তৃপক্ষের তদারকি, পরিবীক্ষণ, নিরীক্ষণ এবং বাজেটের প্রাক্কলিত ও প্রকৃত আয়-ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণের জন্য ব্যবহার করা হয়ে থাকে।

১.১০.৩ নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী: ৪-৩

১.১০.৪ বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী: পরিশিষ্ট ৪-৪

১.১০.৫ ব্যাখ্যামূলক টাকা: পরিশিষ্ট ৪-৫

১.১০.৬ নগদ ভিত্তিক আর্থিক বিবরণী (দুই পৃষ্ঠা বাংলায়) থেকে পরিবর্তিত বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণী (ইংরেজিতে) প্রস্তুতের নমুনা: পরিশিষ্ট ৪-৬ (“সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের হিসাবরক্ষণ কাঠামো সংক্রান্ত আনুষঙ্গিক তথ্য”- এ সংযুক্ত)

বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তথ্যের তুলনামূলক উপস্থাপনা মানদণ্ড

(সকল আর্থিক প্রতিবেদন লেভেলের জন্য প্রযোজ্য)

যে প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট সর্বসাধারণের উদ্দেশ্যে প্রকাশ করে তার জন্য জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের প্রাপ্তি-পরিশোধ অর্থের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা উপস্থাপন করতে হবে। যা একটি পৃথক অতিরিক্ত আর্থিক বিবরণী হিসাবে অথবা নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে এই মানদণ্ড অনুসরণে উপস্থাপন করা যাবে। বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তুলনা বিভিন্ন স্তরের সরকারী তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের জন্য নিম্নোল্লিখিত তথ্যাদিসহ পৃথকভাবে উপস্থাপন করতে হবে:

(ক) প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের পরিমাণ;

(খ) তুলনাযোগ্য প্রকৃত প্রাপ্তি-পরিশোধ পরিমাণ; এবং

(গ) জন জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের উল্লেখযোগ্য পার্থক্যের ব্যাখ্যা নোট আকারে প্রকাশ করতে হবে। তবে এ ধরনের ব্যাখ্যা আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট অন্য কোন পাবলিক নথিতে প্রকাশ করা হলে এবং তার সূত্র বাজেট নোটে

উল্লেখ করা হলে তা পুনরায় প্রকাশের প্রয়োজন নেই।

১.১ উপস্থাপনা

১.১.১ কোন প্রতিষ্ঠান নগদ প্রাপ্তি এবং পরিশোধের বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে বাজেট এবং প্রকৃত পরিমাণের তুলনা উপস্থাপন করবে কেবলমাত্র যেক্ষেত্রে আর্থিক বিবরণী এবং বাজেট একই (তুলনাযোগ্য) ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।

১.২ প্রাথমিক থেকে পরিবর্তিত চূড়ান্ত বাজেট

১.২.১ একটি প্রতিষ্ঠান প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের মধ্যে পরিবর্তনগুলি বাজেটের মধ্যকার বিভিন্ন সংখ্যার পুনঃনির্ধারণের ফলস্বরূপ অথবা অন্য কোন কারণের কিনা তার ব্যাখ্যা নিম্নের পদ্ধতিতে উল্লেখ করবে:

(ক) আর্থিক বিবরণীতে নোট প্রকাশের মাধ্যমে; অথবা

(খ) ভিন্ন একটি প্রতিবেদনে তা উল্লেখ করা যা আর্থিক বিবরণী প্রকাশের পূর্বে বা একই সঙ্গে প্রকাশিত হবে এবং উক্ত প্রতিবেদনের সূত্র আর্থিক প্রতিবেদন নোটে উল্লেখ থাকবে।

১.৩ তুলনাযোগ্য ভিত্তি

১.৩.১ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা একই (তুলনাযোগ্য) ভিত্তিতে উপস্থাপন করতে হবে।

১.৪ বাজেট প্রস্তুতের ভিত্তি, সময়কাল এবং পরিধি সংক্রান্ত নোট

১.৪.১ একটি প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট প্রস্তুত এবং শ্রেণিবিন্যাসের ভিত্তি আর্থিক বিবরণী নোটে উপস্থাপন করবেন।

১.৪.২ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেটের সময়কাল আর্থিক বিবরণী নোটে প্রকাশ করবেন।

১.৪.৩ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট অন্তর্ভুক্ত এক বা একাধিক প্রতিষ্ঠান, শাখার পরিচয় আর্থিক বিবরণীর নোটে উল্লেখ করবে।

১.৫ তুলনাযোগ্য প্রকৃত সংখ্যার সঙ্গে আর্থিক বিবরণী প্রকৃত সংখ্যার সমন্বয়

১.৫.১ যেক্ষেত্রে আর্থিক বিবরণীর উল্লিখিত সংখ্যাসমূহ এবং বাজেটের সংখ্যাসমূহ একই ভিত্তিতে প্রস্তুত না করা হয়ে থাকে, সেক্ষেত্রে বাজেটের সঙ্গে উল্লিখিত পরিবর্তিত তুলনাযোগ্য ভিত্তিক প্রকৃত প্রাপ্তি-পরিশোধের সঙ্গে প্রারম্ভিক এবং সমাপনী নগদ উদ্বৃত্তের সমন্বয় করে দেখাতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ভিত্তি সময়কাল, প্রতিষ্ঠান পার্থক্যসমূহ উল্লেখ থাকবে। সমন্বয়টি বাজেট এবং প্রকৃত সংখ্যার তুলনা বিবরণীতে অথবা আর্থিক বিবরণী নোটে উল্লেখ থাকবে।

১.৫.২ প্রকৃত সংখ্যার তুলনাযোগ্য ভিত্তির সাথে আর্থিক বিবরণীতে স্বীকৃত প্রকৃত সংখ্যার পার্থক্যগুলি কার্যকরভাবে নিম্নলিখিত পদ্ধতিতে উল্লেখ করা হবে:

(ক) বাজেটের ভিত্তিতে পার্থক্য, যেক্ষেত্রে বাজেট আর্থিক প্রতিবেদন ভিত্তি ভিন্ন অন্য কোন ভিত্তিতে প্রস্তুত করা হয়। উদাহরণস্বরূপ, যেখানে বাজেট প্রস্তুত করা হয় নগদ ভিত্তিতে এবং আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় বকেয়া বা পরিবর্তিত বকেয়া ভিত্তিতে;

(খ) সময় পার্থক্য, যখন বাজেটের সময়কাল আর্থিক বিবরণীতে ব্যবহৃত সময়কাল থেকে পৃথক হয়;

(গ) প্রতিষ্ঠান সংক্রান্ত পার্থক্য, যেক্ষেত্রে আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান কার্যক্রম, শাখাসমূহ অনুমোদিত কাজটিতে অন্তর্ভুক্ত না থাকে। তদুপরি আর্থিক বিবরণী এবং বাজেটের কাঠামোগত বা শ্রেণিবিন্যাসকৃত পার্থক্যও থাকতে পারে।

১.৫.৩ এই মানদণ্ডের নির্দেশনা অনুশায়ী পূর্ববর্তী বছরের সাথে তুলনামূলক তথ্য প্রকাশ বাজেট এবং প্রকৃত তুলনার ক্ষেত্রে প্রয়োজন নেই।

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ

স্থিতিপত্র

জুন ৩০, ২০২* তারিখে সমাপ্ত বছরের জন্য

অর্থনৈতিক কোড	বিবরণ	নোট নং	মোট পরিমাণ (টাকা) ৩০ জুন ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ জুন ২০২* (বিগত বছর)
	সম্পদসমূহ:			
	চলতি সম্পদসমূহ-			
	নগদ তহবিল/ব্যংক জমা	৪	****	****
	অগ্রীম খরচসমূহ (চলতি এবং অ-পৌনঃপুনিক)	৯	****	****
	মজুত পণ্য		****	****
	প্রাপ্য হিসাব		****	****
	অন্যান্য চলতি সম্পদ		****	****
	মোট চলতি সম্পদ		****	****
	অ-চলতি সম্পদসমূহ-			
	প্রোপার্টি, প্লান্ট ও ইকুইপমেন্ট			
	মোটরযান	৩	****	****
	ভবন ও স্থাপনা	৩	****	****
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	****	****
	কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	৩	****	****
	মোট প্রোপার্টি, প্লান্ট ও ইকুইপমেন্ট		****	****
	বাদ: পঞ্জীভূত অবচয়	৩	(****)	(****)
	নিট প্রোপার্টি, প্লান্ট ও ইকুইপমেন্ট		****	****
	নিট অম্পর্শনীয় সম্পদ (অবলোপন পরবর্তী)		****	****
	বিনিয়োগ		****	****
	আর্থিক সম্পদ		****	****
	অগ্রীম খরচসমূহ (দীর্ঘমেয়াদী)		****	****
	অন্যান্য অ-চলতি সম্পদ		****	****
	মোট অ-চলতি সম্পদ		****	****
	নিট সম্পদ ও দায়সমূহ:			
	চলতি দায়সমূহ-			
	সরকারের নিকট চলতি বছরের প্রদেয়:	৬	****	****
	অন্যান্য চলতি দায়		****	****
	মোট চলতি দায়		****	****
	দীর্ঘমেয়াদী দায়সমূহ-			
	অভ্যন্তরীণ দায়		****	****
	বৈদেশিক দায়		****	****
	মোট দীর্ঘমেয়াদী দায়		****	****
	মোট দায়		****	****
	নিট সম্পদসমূহ-			
	অনার্জিত মূলধনী তহবিল (সম্পদ)		****	****
	অগ্রীম খরচসমূহ (চলতি এবং অ-পৌনঃপুনিক) বাবদ অনার্জিত তহবিল		****	****
	নগদ জমা তহবিল- নিজস্ব		****	****
	নগদ জমা তহবিল- দান		****	****
	মোট নিট সম্পদ		****	****
	নিট সম্পদ ও দায়সমূহ:		****	****

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ

আয়-ব্যয় বিবরণী

জুলাই ০১, ২০২* হতে জুন ৩০, ২০২* তারিখে সমাপ্ত বছরের জন্য

অর্থনৈতিক কোড	বিবরণ	নোট নং	মোট পরিমান (টাকা) ৩০ জুন ২০২* (চলতি বছর)	মোট পরিমান (টাকা) ৩০ জুন ২০২* (পূর্ববর্তী বছর)
	আয়সমূহ			
	অর্জিত আয় - আবর্তক বাজেট	৭,৮,৯	***	***
	অর্জিত আয় - মূলধনী বাজেট	৩	***	***
	অন্যান্য আয়সমূহ	১৩	***	***
	মোট আয়		***	***
	ব্যয় সমূহ			
	বেতন	৭	***	***
	ভাতা	৮	***	***
	পন্য ও সেবা	৯	***	***
	অ-নগদ ব্যয় (অবচয়)	৩	***	***
	অন্যান্য ব্যয়সমূহ	১৪	***	***
	মোট ব্যয়		***	***

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ
প্রাপ্তি-পরিশোধ বিবরণী

জুলাই ০১,২০২* থেকে জুন ৩০, ২০২* পর্যন্ত সমাপ্ত বছরের জন্য

অর্থনৈতিক কোড	বিবরণ	নোট নং	মোট পরিমান (টাকা) ৩০-এ জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমান (টাকা) ৩০-এ জুন, ২০২* (পূর্ববর্তী এক বছর)
	প্রারম্ভিক স্থিতি		***	***
	নগদ প্রাপ্তিসমূহ			
	সরকারি অনুদান - আবর্তক বাজেট	১০	***	***
	সরকারি অনুদান - মূলধনী বাজেট	১০	***	***
	দান	১২	***	***
	অন্যান্য নগদ প্রাপ্তি	১১	***	***
	মোট নগদ প্রাপ্তিসমূহ		***	***
	ব্যবহারযোগ্য নগদ তহবিল		***	***
	বাদ:			
	নগদ পরিশোধ সমূহ			
	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ প্রতিদান	৭	***	***
	ভাতাদি	৮	***	***
	পন্য ও সেবা	৯	***	***
	আবর্তক ঋতে মোট পরিশোধ		***	***
	ফেরতযোগ্য প্রারম্ভিক নগদ তহবিল প্রজাতন্ত্রের তহবিলে প্রেরণ	৬	***	***
	মূলধনী পরিশোধসমূহ			
	মোটরযান	৩	***	***
	ভবন ও স্থাপনা	৩	***	***
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	***	***
	কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	৩	***	***
	অন্যান্য অ-চলতি সম্পদ		***	***
	মোট মূলধনী পরিশোধসমূহ		***	***
	মোট পরিশোধসমূহ		***	***
	নগদ তহবিলের সমাপনী স্থিতি:			
	আবর্তক বাজেট- নগদ স্থিতি		***	***
	মূলধনী বাজেট- নগদ স্থিতি		***	***
	দান তহবিল- নগদ স্থিতি	১২	***	***
	নিজস্ব তহবিল (অন্যান্য নগদ প্রাপ্তি)- নগদ স্থিতি	১১	***	***
	মোট (পরিশোধের অতিরিক্ত নগদ গ্রহণ)		***	***

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ

বাজেট ও প্রকৃত খরচের বিবরণী

জুলাই ০১, ২০২২* থেকে জুন ৩০, ২০২২* পর্যন্ত সমাপ্ত বছরের জন্য

অর্থনৈতিক কোড	বিবরণ	নোট নং	বাজেটকৃত টাকা	সংশোধিত বাজেট	প্রকৃত ব্যয়	সংশোধিত বাজেট থেকে প্রকৃত ব্যয়ের পার্থক্য	পার্শ্বকোর শতকরা হার	মন্তব্য
	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ প্রতিদান							
	মূল বেতন (কর্মকর্তা)	৭	***	***	***	***	***	
	মূল বেতন (কর্মচারী)	৭	***	***	***	***	***	
	মোট মূল বেতন		***	***	***	***	***	
	ভাতাদি							
	ভ্রমণ ভাতা	৮	***	***	***	***	***	
	শিক্ষা ভাতা	৮	***	***	***	***	***	
	বাড়ি ভাড়া	৮	***	***	***	***	***	
	চিকিৎসা ভাতা	৮	***	***	***	***	***	
	মোবাইল ভাতা	৮	***	***	***	***	***	
	টিফিন ভাতা	৮	***	***	***	***	***	
	উৎসব ভাতা	৮	***	***	***	***	***	
	অতিরিক্ত সময়ে কাজের ভাতা	৮	***	***	***	***	***	
	সম্মানি	৮	***	***	***	***	***	
	বাংলা নববর্ষ ভাতা	৮	***	***	***	***	***	
	অন্যান্য ভাতা	৮	***	***	***	***	***	
	মোট ভাতা		***	***	***	***	***	
	কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিদান বাবদ মোট খরচ		***	***	***	***	***	
	পন্য ও সেবা							
	পরিষ্কার ও পরিচ্ছন্নতা	৯	***	***	***	***	***	
	সেমিনার ও কনফারেন্স	৯	***	***	***	***	***	
	ইন্টারনেট	৯	***	***	***	***	***	
	টেলিফোন	৯	***	***	***	***	***	
	প্রচার ও বিজ্ঞাপন	৯	***	***	***	***	***	
	আউটসোর্সিং	৯	***	***	***	***	***	
	প্রশিক্ষণ	৯	***	***	***	***	***	
	নিবন্ধন খরচ	৯	***	***	***	***	***	
	স্ট্যাম্প ও পীলমোহর	৯	***	***	***	***	***	
	অন্যান্য মনিহারি	৯	***	***	***	***	***	
	স্থায়ীসম্পদ মেরামত	৯	***	***	***	***	***	
	অভ্যন্তরীণ সাজ-সজ্জা	৯	***	***	***	***	***	
	বিদ্যুত ও জ্বালানী	৯	***	***	***	***	***	
	ইউটিলিটি সার্ভিস চার্জ	৯	***	***	***	***	***	
	অপ্যায়ন ব্যয়	৯	***	***	***	***	***	
	পন্য ও সেবা বাবদ মোট খরচ		***	***	***	***	***	
	অ-চলতি (স্থায়ী) সম্পদ ক্রয়জনিত খরচ							
	মোটরযান	৩	***	***	***	***	***	
	ভবন ও স্থাপনা	৩	***	***	***	***	***	
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	***	***	***	***	***	
	কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	৩	***	***	***	***	***	
	অন্যান্য অ-চলতি সম্পদ		***	***	***	***	***	
	অ-চলতি (স্থায়ী) সম্পদ ক্রয়জনিত খরচ বাবদ মোট খরচ		***	***	***	***	***	
	মোট খরচ		***	***	***	***	***	

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ
পদ টাকা
জুন ৩০, ২০২* তারিখে সমাপ্ত বছরের জন্য

- ১.০০ প্রতিষ্ঠানের বিবরণ
১.০১ পটভূমি
১.০২ প্রতিষ্ঠা
১.০৩ দর্শন
১.০৪ উদ্দেশ্য
১.০৫ অতীত লক্ষ্যসমূহ
১.০৬ কার্যাবলী
১.০৭ তত্ত্বাবধায়ক
১.০৮ প্রতিষ্ঠানের ধরণ
সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ

২.০০ **আর্থিক বিবরণী প্রস্তুতকরণের নীতিসমূহ**

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য এফআরসি কর্তৃক প্রস্তুতকৃত ও জারিকৃত FRF ব্যবহার করে থাকে, উক্ত FRF -এর অধ্যায় ১ ধারা ৩ অনুযায়ী Level 4 (Modified Accrual Basis) -এ অর্ন্তভুক্ত এবং তদানুসারে আর্থিক বিবরণীসমূহ প্রযোজ্য এফআরসি কর্তৃক গৃহীত ও জারিকৃত IPSAS অনুসরণ করে বিবরণীসমূহে আর্থিক তথ্যাদি প্রদর্শিত হয়েছে। Modified Accrual Basis অনুযায়ী চলতি এবং পৌনঃপনিক ব্যয়কে আর্ভক খরচ ও সমপরিমানের আয় হিসেবে আয়-ব্যয় বিবরণীতে প্রদর্শন করা হয় এবং চলতি কিছু অ-পৌনঃপনিক এবং মূলধন জাতীয় ব্যয়কে সম্পদ (অথবা অ-সমমিত খরচ) হিসেবে প্রদর্শন করা হয় এবং অনুদান, দান ও চলতি বা দীর্ঘমেয়াদে প্রদেয় অ-পৌনঃপনিক ব্যয়কে দায় হিসেবে প্রদর্শন করা হয়।

২.০১ **প্রোপার্টি, প্লান্ট ও ইকুইপমেন্ট (কারখানা, ভূসম্পত্তি ও সরঞ্জামাদি)**

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ নিজের ভৌত সম্পদ FRF অনুযায়ী স্থিতিপত্রে প্রদর্শন করে থাকে, হিসাবের সুবিধার্থে সম্পদ ক্রয়ের বছরে সম্পূর্ণ বছরের অবচয় দেখানো হয় কিন্তু সম্পদ বিক্রয়ের বছরে কোনো অবচয় দেখানো হয় না। সম্পদের পরিমাপ তথা সম্পদের মূল্য নির্ধারণ, অবচয় নিরধারণ এবং স্থিতিপত্রে প্রদর্শনের জন্য এফআরসি কর্তৃক গৃহীত ও জারিকৃত IPSAS 17 Plant Property and Equipments -কে অনুসরণ করা হয়েছে।

২.০২ **নগদ ও নগদ সমতুল্য সম্পদসমূহ**

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য এফআরসি কর্তৃক গৃহীত ও জারিকৃত IPSAS 2 Cash and Cash Equivalents অনুযায়ী নগদ ও নগদ সমতুল্য সম্পদসমূহের পরিমাপ ও প্রদর্শন করে থাকে।

২.০৩ **অনার্জিত মূলধনী তহবিল**

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য এফআরসি কর্তৃক গৃহীত ও জারিকৃত IPSAS 23 Revenue From No-Exchange Transactions অনুযায়ী অনার্জিত মূলধনী তহবিলের দাখিলা, হিসাব সংরক্ষণ স্থিতিপত্রে প্রদর্শন করে থাকে।

৩.০০ **স্থায়ী সম্পদসমূহ**

দৃষ্টব্য: স্থায়ী সম্পদের তফসিল - পরিশিষ্ট ১

৪.০০ **ব্যাংকজমা (প্রতিষ্ঠানের বই অনুযায়ী)**

ব্যাংক ক
ব্যাংক খ
ব্যাংক গ
সমষ্টিময়সমূহ
যোগ/বাদ

নিট ব্যাংকজমা

টাকা
চলতি বছর

টাকা
বিগত বছর

৫.০০ **অনার্জিত মূলধনী তহবিল (সম্পদ)**

প্রারম্ভিক জের (৫.১০ হতে প্রাপ্ত)

মূলধনী অনুদানে চলতি বছরে ক্রয় সমূহ
বাদ: চলতি বছরে অবচয় বাবদ মূলধনী তহবিল হতে আয়
বাদ: বিক্রিত সম্পদের অবশিষ্ট অবচয়

সমাপনী জের

চলতি বছর

(***)
(***)

বিগত বছর

(***)
(***)

লেনদেন ৩	২৪.০৩.২০২০	আবর্তক
লেনদেন ৪	০৫.০৫.২০২০	মূলধনী
লেনদেন ৬	২৮.০৯.২০২০	মূলধনী
লেনদেন ৭	২৮.০৯.২০২০	আবর্তক
লেনদেন ৮	২৪.১১.২০২০	আবর্তক
লেনদেন ৯	২৩.১১.২০২০	মূলধনী

মোট গৃহিত অনুদান (সরকারি)

১১.০০

নগদজমা তহবিল (নিজস্ব)

প্রারম্ভিক স্থিতি

যোগ : চলতি বছরের প্রাপ্তি

বাদ : চলতি বছরে প্রদান

সমাপনী স্থিতি

চলতি বছর

বিগত বছর

১২.০০

নগদজমা তহবিল (দান)

প্রারম্ভিক স্থিতি

যোগ : চলতি বছরের প্রাপ্তি

বাদ : চলতি বছরে প্রদান

সমাপনী স্থিতি

চলতি বছর

বিগত বছর

১৩.০০

অন্যান্য আয়সমূহ

চলতি বছর

বিগত বছর

১৪.০০

অন্যান্য ব্যয়সমূহ

চলতি বছর

বিগত বছর

স্থায়ী সম্পদের তফসিল (উদাহরণ)

হিসাব কোড	বিবরণ	ক্রমসূচ্য			ক্রমযোজিত ক্রমসূচ্য	অবচয়ের স্থান	অবচয় : বছর ১	অবচয় : বছর ২	অবচয় : বছর ৩	পূঞ্জিত অবচয়	বইমূল্য	বর্তমান অবস্থা
		বছর ১	বছর ২	বছর ৩								
	মোটরযান	***	***	***	***	***	***	***	***	***	***	
	ভবন ও স্থাপনা	***	***	***	***	***	***	***	***	***	***	
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	***	***	***	***	***	***	***	***	***	***	
	কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	***	***	***	***	***	***	***	***	***	***	
	মোট	***	***	***	***	***	***	***	***	***	***	

টাকা ১ : সম্পদ সম্পর্কিত তথ্যাদি

সম্পদের ধরণ	আয়ুষ্কাল	অবচয়ের পদ্ধতি
মোটরযান	১০ বছর	সরলরৈখিক
ভবন ও স্থাপনা	৫ বছর	সরলরৈখিক
যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৭ বছর	সরলরৈখিক
কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	১০ বছর	সরলরৈখিক

আর্থিক প্রতিবেদন কাঠামো এবং মানদণ্ড

Chapter – VI

লেভেল -৫ : নগদ ভিত্তিক (Cash Basis) IPSAS

মানদণ্ড নির্ধারনী বিভাগ
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
কর্তৃক প্রনয়ণকৃত

নগদ ভিত্তিক (লেভেল ৫) আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ মানদণ্ড (Financial Reporting under Cash Basis of Accounting)

এই নগদ ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ডের প্রতিপালন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক তথ্যের গুণগত মান ও তুলনাযোগ্যতার ব্যাপক উন্নতিসাধন করবে। এফআরসি এই মানদণ্ডসমূহকে নগদ ভিত্তিক আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে অভিন্নতা ও তুলনাযোগ্যতার উন্নতিসাধনে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচনা করেছে এবং এর পরিপূর্ণ প্রতিপালন আশা করেছে। এফআরসি ইস্যুকৃত এই আর্থিক প্রতিবেদন মানদণ্ডগুলোর পরিপূর্ণ প্রতিপালনপূর্বক আর্থিক বিবরণীসমূহ এফআরসি ইস্যুকৃত পাবলিক সেক্টর আর্থিক প্রতিবেদন মানদণ্ড "নগদ ভিত্তিক (লেভেল ৫)" অনুসরণে প্রস্তুতকৃত বলে উল্লেখ করতে হবে।

আবশ্যিকতা (Requirement)

এই মানদণ্ডসমূহে নগদ ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের আবশ্যিক দিকনির্দেশনা রয়েছে। এতদসঙ্গে সংযুক্ত "আর্থিক প্রতিবেদন মানদণ্ড মুখবন্ধে উল্লিখিত বিষয়সমূহ (Introduction to the FRC promulgated Public Sector Financial Reporting Standards)" মানদণ্ডসমূহ প্রতিপালনে বিবেচ্য হবে। এফআরসি ইস্যুকৃত মানদণ্ডগুলো অগুরুত্বপূর্ণ (Immaterial) লেনদেন, ঘটনার ক্ষেত্রে প্রয়োগ আবশ্যিক নয়।

উদ্দেশ্য (Objective)

এই মানদণ্ডসমূহের উদ্দেশ্য হচ্ছে নগদ ভিত্তিক আর্থিক বিবরণী প্রস্তুত পদ্ধতির দিকনির্দেশনা প্রদান করা। বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান কর্তৃক আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের উদ্দেশ্য হচ্ছে প্রতিষ্ঠানের জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে আর্থিক প্রতিবেদনের General Purpose Financial Statement (GPFS) এবং General Purpose Financial Reporting (GPFR) এর ব্যবহারকারীদেরকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা। প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত সংক্রান্ত তথ্য জবাবদিহিতার জন্য ও ভবিষ্যত নগদ প্রবাহের পর্যাপ্ততা এবং নগদ প্রাপ্তি ও পরিশোধের সম্ভাব্য খাতসমূহের তথ্যের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। এই তথ্যগুলো প্রতিষ্ঠানের সম্ভাব্য নগদ অর্থের প্রবাহ, উৎস ও ব্যবহার সম্পর্কিত সক্ষমতা মূল্যায়নে এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। নগদ অর্থের বরাদ্দ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমের স্থায়িত্ব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ ও মূল্যায়নের ক্ষেত্রে তথ্য ব্যবহারকারীদের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি ও নগদ পরিশোধ লেনদেনের সম্ভাব্য সময় এবং নিশ্চয়তা সংক্রান্ত তথ্যের প্রয়োজন হয়।

এই মানদণ্ডসমূহের নির্দেশনা প্রতিপালনে আর্থিক প্রতিবেদনসমূহ প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ উদ্বৃত্ত তথ্যের ব্যাখ্যা এবং স্বচ্ছতাকে উন্নততর করবে। এটি পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণীর সাথে চলতি বছরের আর্থিক বিবরণীর তুলনাযোগ্যতাকে সহজতর এবং একই (নগদ) ভিত্তিতে প্রস্তুতকৃত ধরনের অন্যান্য প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর সাথে তুলনাকে সুবিধাজনক করবে।

নগদ ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ডের (Financial Reporting Standards; FRS) ভূমিকা

এফআরসি বিবেচনা করে যে, বকেয়া ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ড (FRS) প্রয়োগের মাধ্যমে আর্থিক প্রতিবেদনের উদ্দেশ্যগুলো সর্বোত্তমভাবে অর্জন করা সম্ভব। সেই মোতাবেক, এফআরসি হিসাব রক্ষণাবেক্ষণে বকেয়া ভিত্তিক আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতে অগ্রাধিকার দেয়। তবে কিছু প্রতিষ্ঠানের জন্য একটি ক্রান্তিকালীন প্রক্রিয়া (Transitional Process) ব্যবহারের প্রয়োজন আছে বলে এফআরসি মনে করে। এক্ষেত্রে নগদ ভিত্তিক আর্থিক প্রতিবেদন মানদণ্ড একটি মধ্যবর্তী ধাপ হিসেবে ব্যবহার করা হয়েছে যা পরবর্তীতে বকেয়া ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুত এবং পূর্ণ আইএফআরএস (IFRS) প্রতিপালনে সহায়তা করবে।

১.১ এই মানদণ্ড প্রয়োগের ক্ষেত্র (Scope of the Requirement)

১.১.১ এই মানদণ্ডসমূহ নিম্নোক্ত নির্ণায়কসমূহ পূরণ করে এমন সরকারী সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানগুলোর আর্থিক প্রতিবেদন প্রস্তুতে প্রযোজ্য:

(ক) জনগণের সুবিধার্থে এবং/অথবা আয় ও সম্পদ পুনঃবিতরণের উদ্দেশ্যে সেবা প্রদানের জন্য দায়বদ্ধ;

(খ) মূলত তাদের কার্যক্রম অর্থায়ন করা হয়, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কর এবং/অথবা অন্যান্য সরকারী, সামাজিক অনুদান হস্তান্তর, ঋণ অথবা ফি সমূহের মাধ্যমে; এবং

(গ) প্রাথমিক লক্ষ্য মুনাফা অর্জন নয়;

(ঘ) যে সকল প্রতিষ্ঠানের বাৎসরিক মোট খরচ ৫ কোটি টাকার উর্ধ্বে নয়।

১.১.২ একটি সরকারী খাতে পরিচালিত প্রতিষ্ঠান যেটি নগদ ভিত্তিক সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী (GPFS) প্রস্তুত ও উপস্থাপন করে, তার বার্ষিক আর্থিক বিবরণীর উপস্থাপনায় এই মানদন্ডসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করবে।

১.১.৩ সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণীসমূহ (GPFS) মূলত সেবা গ্রহণকারী ও সংস্থান (Resources) সরবরাহকারী বা তাদের প্রতিনিধিগণ যারা কিনা তাদের সুনির্দিষ্ট তথ্য প্রয়োজন পূরণে উপযোগী করে প্রস্তুতকৃত আর্থিক প্রতিবেদন দাবী করার বা পাওয়ার অবস্থানে নেই, তাদেরকে তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রস্তুত করা হয়ে থাকে। সেবা গ্রহণকারী ও তাদের প্রতিনিধি এবং সংস্থান সরবরাহকারী ও তাদের প্রতিনিধিরা হতে পারে দেশের নাগরিক, করদাতা, সংসদ সদস্য, দাতা সংস্থা, ঋণদাতা প্রতিষ্ঠানটির প্রশাসনিক কর্তৃপক্ষ বা অন্যান্য প্রতিষ্ঠান যারা সংস্থান সরবরাহ করে অথবা সরকারী সেবার মাধ্যমে সুবিধা প্রদান করে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহ সেবা গ্রহণকারী ও সংস্থান সরবরাহকারীদেরকে তথ্য প্রয়োজনীয়তা পূরণের মাধ্যমে জবাবদিহিতা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে পূরণের পাশাপাশি অন্যান্য পক্ষের জন্যও প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে থাকে। সাধারণ উদ্দেশ্যে প্রস্তুতকৃত আর্থিক বিবরণী হচ্ছে সেই আর্থিক বিবরণীসমূহ যা পৃথকভাবে অথবা অন্য কোন ডকুমেন্ট, যেমন বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তী হিসাবে প্রকাশ করা হয়। এই মানদন্ডে “সাধারণ উদ্দেশ্যে আর্থিক বিবরণী” এবং “আর্থিক বিবরণী” শব্দদ্বয় সমার্থক হিসেবে ব্যবহৃত হয়েছে (যদি না সুনির্দিষ্টভাবে অন্য কিছু বর্ণিত হয়ে থাকে)।

১.১.৪ রিপোর্টিং প্রতিষ্ঠান বলতে একটি পৃথক প্রতিষ্ঠানকে বুঝায় যে আর্থিক বিবরণী প্রকাশ করে অথবা যেক্ষেত্রে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সম্মিলিত আর্থিক বিবরণী প্রকাশ করে সেক্ষেত্রে রিপোর্টিং প্রতিষ্ঠানটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত হবে এবং একটি একক প্রতিষ্ঠানের ন্যায় আর্থিক বিবরণী প্রকাশ করবে। সেই সঙ্গে প্রতিষ্ঠানের কর্মসূচি বা পৃথকভাবে শনাক্তযোগ্য কর্মসূচি, যার জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়ে থাকে সেটিও রিপোর্টিং প্রতিষ্ঠান হিসাবে গণ্য হবে। যে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে সেই প্রতিষ্ঠানের এবং তার কার্যক্রমের সুনির্দিষ্ট কিছু তথ্য অনুচ্ছেদ ১.৪.৪ অনুযায়ী প্রকাশ করা আবশ্যিক।

১.১.৫ এই মানদন্ডটি একক প্রতিষ্ঠান এবং রিপোর্টিং প্রতিষ্ঠান যা নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং এক বা একাধিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত তার আর্থিক বিবরণীতে সমানভাবে প্রযোজ্য। এর জন্য প্রয়োজন হচ্ছে নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী প্রস্তুত করে তাতে প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ধারণ, হিসাবভুক্তি ও উল্লেখ করা। সেই সঙ্গে আর্থিক প্রতিবেদনে আর্থিক বিবরণী প্রস্তুতে অনুসৃত নীতিমালা এবং বিবরণীতে উল্লেখিত বিভিন্ন সংখ্যার ব্যাখ্যামূলক টীকা।

১.২ নগদ ভিত্তি (The Cash Basis)

সংজ্ঞাসমূহ

১.২.১ এই মানদন্ডে নিম্নে উল্লিখিত শব্দসমূহ যে অর্থে ব্যবহৃত হয়েছে :-

নগদ (Cash): হাতে নগদ, ডিমাল্ড ডিপোজিট বা চাহিদা আমানত ও নগদ সমতুল্য।

নগদ ভিত্তি (Cash Basis): হিসাব রক্ষণাবেক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুতের একটি ভিত্তি যা নগদ প্রাপ্তি এবং নগদ প্রদান সাপেক্ষে লেনদেন এবং অন্যান্য ঘটনাসমূহকে হিসাবভুক্ত করে থাকে।

নগদ সমতুল্য (Cash Equivalent): স্বল্প-মেয়াদী, তরল বিনিয়োগ যা তাৎক্ষণিকভাবে নির্দিষ্ট নগদ অর্থে রূপান্তরযোগ্য এবং যা উল্লেখযোগ্য মূল্য পরিবর্তনের ঝুঁকিতে নেই।

নগদ প্রবাহ (Cash Flow): নগদ আন্তঃপ্রবাহ এবং নগদ বহিঃপ্রবাহ।

নগদ প্রদান (Cash Payment): নগদ বহিঃপ্রবাহ।

নগদ প্রাপ্তি (Cash Receipt): নগদ আন্তঃপ্রবাহ।

নগদ নিয়ন্ত্রণ (Control of Cash): যখন প্রতিষ্ঠানটি তার উদ্দেশ্যসমূহ পূরণকল্পে নগদ অর্থ ব্যবহার করতে বা তা থেকে উপকার পেতে পারে এবং সেই সুবিধাটিতে অন্যের অংশগ্রহণ রহিত করতে বা নিয়ন্ত্রণ করতে পারে।

প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ (Control of an Entity): একটি প্রতিষ্ঠান অন্য একটি প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে যখন প্রতিষ্ঠানটি অপর প্রতিষ্ঠান থেকে বিভিন্ন সুবিধা পাওয়ার অধিকার রাখে এবং প্রতিষ্ঠানটির উপর নিয়ন্ত্রণ দ্বারা সুবিধাগুলোর প্রকৃতি বা পরিমাণকে প্রভাবিত করার ক্ষমতা রাখে।

নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান (Controlled Entity): এমন একটি প্রতিষ্ঠান যা অন্য প্রতিষ্ঠানের (নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসাবে পরিচিত) নিয়ন্ত্রণে থাকে।

১.৩ আর্থিক প্রতিবেদনে তথ্যের উল্লেখ এবং উপস্থাপনা সম্পর্কিত নির্দেশনা

সংজ্ঞা

১.৩.১ এই মানদন্ডে উল্লিখিত নিম্নের শব্দসমূহের অর্থ হচ্ছে:

হিসাবরক্ষণ নীতিমালা (Accounting Policy): আর্থিক বিবরণী প্রস্তুত ও উপস্থাপনে কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত নির্দিষ্ট নীতি, ভিত্তি, প্রথা, পদ্ধতি ও চর্চাকে হিসাবরক্ষণ নীতিমালা বলে।

বস্তুনিষ্ঠতা (Materiality): তথ্য বস্তুনিষ্ঠ হিসেবে বিবেচিত হয় যখন উক্ত তথ্যের ভ্রান্তির কারণে বা ভুলভাবে উপস্থাপনের ফলে আর্থিক বিবরণী ব্যবহারকারীদের সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে তা ভিন্নতা তৈরী করে বা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনে তা প্রভাব সৃষ্টি করে। বস্তুনিষ্ঠতা সংশ্লিষ্ট লেনদেন বা উদ্ভূতের প্রকৃতি ও পরিমাণ উভয়ের উপরই নির্ভর করে এবং সেই সঙ্গে প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট পরিস্থিতির নিরিখে তা বিবেচ্য।

প্রতিবেদনের তারিখ (Reporting Date): সংশ্লিষ্ট আর্থিক বিবরণী সম্পর্কিত প্রতিবেদন সময়কালের শেষ দিনের তারিখ।

আর্থিক বিবরণী

১.৩.২ একটি প্রতিষ্ঠান আর্থিক বিবরণী প্রস্তুত এবং উপস্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত বিবরণীসমূহ অন্তর্ভুক্ত করবে:

(ক) নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী (Statement of Cash Receipts and Payments): এই বিবরণীর সাহায্যে প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি, নগদ প্রদান, প্রারম্ভিক ও সমাপনী নগদ জের/উদ্ভূতের তথ্য পাওয়া যাবে;

(খ) আর্থিক বিবরণী প্রস্তুতে ব্যবহৃত নীতিমালা ও ব্যাখ্যামূলক টীকা (Notes to the Financial Statement);

(গ) বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনামূলক বিবরণী (Budget vs Actual Analysis) : ভিন্ন একটি আর্থিক বিবরণী হিসাব অথবা প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে বাজেট কলাম যুক্ত করে “বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তথ্যের তুলনামূলক উপস্থাপনা মানদন্ড” অনুযায়ী তা প্রস্তুত করা যাবে।

১.৩.৩ যদি কোন প্রতিষ্ঠান এই মানদন্ডে উল্লিখিত নগদ ভিত্তিক ব্যতীত অন্য কোন ভিত্তিক কোন তথ্য প্রকাশের সিদ্ধান্ত নেয় তবে, সেক্ষেত্রে উক্ত বিষয় আর্থিক বিবরণীর টীকাতে উল্লেখ করতে হবে।

নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে যে তথ্যসমূহ উল্লেখ থাকবে (Statement of Cash Receipts and Payments)

১.৩.৪ নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে প্রতিবেদন হিসাবকালের জন্য নিম্নলিখিত তথ্যসমূহ উল্লেখ করতে হবে:

(ক) প্রতিষ্ঠানের মোট নগদ প্রাপ্তি যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস এবং প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের মোট নগদ প্রদান যা প্রতিষ্ঠানের ধরন ও কার্যক্রম অনুযায়ী শ্রেণিবিন্যাস ও প্রয়োজনে উপ-শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসরণ করে আলাদাভাবে তা উল্লেখ করতে হবে।

(গ) প্রতিষ্ঠানের প্রারম্ভিক ও সমাপনী নগদ জের।

১.৩.৫ মোট নগদ প্রাপ্তি, মোট নগদ প্রদান এবং প্রতিটি শ্রেণি, উপ-শ্রেণির জন্য নগদ প্রাপ্তি ও নগদ প্রদান নীট না করে পুরো অঙ্কে লিপিবদ্ধ করতে হবে। একমাত্র নিম্নোক্ত ক্ষেত্রসমূহে নগদ প্রাপ্তি ও নগদ প্রদানের নীট পরিমাণ প্রকাশ করা যাবে:

(ক) প্রাপ্তি এবং পরিশোধসমূহ এমন লেনদেন থেকে উদ্ভূত যা প্রতিষ্ঠান অন্যের পক্ষ হয়ে পরিচালনা করে এবং যা নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে ; অথবা

(খ) এগুলো এমন লেনদেনের জন্য যেগুলোর আবর্তন খুব দ্রুত হয়, অর্থের পরিমাণ বেশি এবং স্বল্প সময়েই পরিপক্ব হয়।

১.৩.৬ প্রতিটি হিসাব লাইন, শিরোনাম, উপ- শিরোনাম, মোট এবং উপমোট নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে উল্লেখ করতে হবে যখন এগুলোর উল্লেখ নগদ প্রাপ্তি, নগদ প্রদান ও নগদ জেরের সঠিক এবং যথাযথ উপস্থাপনের জন্য আবশ্যিকীয় হিসেবে বিবেচিত হয়।

আর্থিক প্রতিবেদন নীতিমালা ও ব্যাখ্যামূলক টীকা (Accounting Policies and Explanatory Notes)

ব্যাখ্যামূলক টীকার কাঠামো

১.৩.৭ প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর টীকাতে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ থাকবে:

(ক) প্রতিষ্ঠান পরিচিতি;

(খ) আর্থিক বিবরণী প্রস্তুতের ভিত্তি এবং গুরুত্বপূর্ণ লেনদেন, ঘটনার ক্ষেত্রে নির্ধারণকৃত ও প্রয়োগকৃত হিসাববিজ্ঞান নীতিমালা সম্পর্কিত তথ্য; এবং

(গ) আনুষঙ্গিক তথ্য যা আর্থিক বিবরণীসমূহে উল্লেখ করা হয়নি।

১.৩.৮ আর্থিক বিবরণীর টীকাসমূহ একটি নিয়মতান্ত্রিক পদ্ধতিতে উপস্থাপন করতে হবে। নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী এবং অন্যান্য আর্থিক বিবরণীতে উল্লিখিত প্রতিটি উদ্ভূতের সঙ্গে সম্পর্কিত তথ্যের যোগসূত্র ব্যাখ্যামূলক টীকায় উল্লেখ করতে হবে।

১.৩.৯ আর্থিক বিবরণীর স্বচ্ছতা, বোধগম্যতার জন্য বস্তুনিষ্ঠ, গুরুত্বপূর্ণ, অসচরাচর উদ্ভূত, অর্থের পরিমাণের ক্ষেত্রে কারণ, সূত্রসহ পূর্ণাঙ্গ ব্যাখ্যার উল্লেখ এবং প্রাসঙ্গিক অন্য কোন তথ্য;

আর্থিক বিবরণীর আবশ্যিক গুণগত বৈশিষ্ট্য

১.৩.১০ আর্থিক বিবরণীর গুণগত বৈশিষ্ট্য আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্যসমূহকে ব্যবহারকারীদের জন্য ব্যবহার উপযোগী করে তোলে। এর প্রধান আবশ্যিকীয় গুণগত বৈশিষ্ট্যগুলো হলো:

(ক) **বোধগম্যতা (Understandability):** আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্য ব্যবহারকারী কর্তৃক সহজেই বোধগম্য হওয়া অপরিহার্য;

(খ) **প্রাসঙ্গিকতা (Relevance):** ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ এবং জবাবদিহিতার প্রয়োজনীয়তার সাথে তথ্যসমূহ অবশ্যই প্রাসঙ্গিক হতে হবে;

(গ) **নির্ভরযোগ্যতা (Reliability):** তথ্য নির্ভরযোগ্য বলে বিবেচিত হয় যখন আর্থিক বিবরণী তথ্যাদি উল্লেখযোগ্য ত্রুটিমুক্ত এবং অন্যান্য প্রভাবমুক্ত হয়, তথ্যাদি প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী বিশ্বস্ত তথ্য হিসেবে বিবেচিত এবং নির্ভরযোগ্য হয়;

(ঘ) **তুলনায়োগ্যতা (Comparability):** আর্থিক বিবরণীর তথ্যসমূহ তুলনায়োগ্য হতে হবে যেন ব্যবহারকারীরা অন্যান্য বছরের সঙ্গে চলমান বছরের আর্থিক বিবরণীর পারস্পরিক তুলনা এবং অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে আর্থিক অবস্থা এবং আর্থিক কর্মক্ষমতার তুলনামূলক মূল্যায়নে সক্ষম হন।

(ঙ) সম্পূর্ণ (Complete);

(চ) নিরপেক্ষ (Neutral);

(ছ) বস্তুনিষ্ঠ ত্রুটিমুক্ত (Free from material error);

(জ) সময়োপযোগী (Timely); এবং

(ঝ) যাচাইযোগ্য (Verifiable)।

আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত তথ্যের চ্যালেঞ্জগুলো হলো, এটি বস্তুনিষ্ঠ হতে হয়, তথ্যের ব্যবহার উপকার তথ্যের ব্যয় থেকে অধিক এ মূল্যায়নকে সন্তুষ্ট করতে হয় এবং উপরোল্লিখিত (ক) থেকে (ঝ) - এর মধ্যে উল্লিখিত গুণগত বৈশিষ্ট্যগুলোর মধ্যে একটি উপযুক্ত ভারসাম্য অর্জন করতে হয়।

১.৩.১১ আর্থিক বিবরণী টীকার “আর্থিক প্রতিবেদন নীতিমালা” অংশে প্রয়োগকৃত হিসাববিজ্ঞান নীতি সুনির্দিষ্টভাবে বর্ণনা করতে হবে, যাতে আর্থিক বিবরণীতে ব্যবহৃত প্রতিটি নীতি সহজেই বোধগম্য হয়।

১.৩.১২ অনুপযুক্ত বা ভুল হিসাব দাখিলা (Accounting Treatment) হিসাববিজ্ঞান নীতিমালা, টীকা বা অন্য কোন ব্যাখ্যামূলক উল্লেখ দ্বারা সংশোধিত হয়ে যায় না।

সাধারণ বিবেচনা (General Considerations)

১.৪ প্রতিবেদন সময়কাল (Reporting Period)

১.৪.১ সাধারণ উদ্দেশ্যে তৈরী (GPFs) আর্থিক বিবরণী বছরে কমপক্ষে একবার (১) প্রস্তুত করতে হবে। ব্যতিক্রমক্ষেত্রে, কোন প্রতিষ্ঠানের প্রতিবেদন তারিখ পরিবর্তন হলে বার্ষিক আর্থিক বিবরণী এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য প্রস্তুত করতে হতে পারে, সেক্ষেত্রে আর্থিক প্রতিবেদনে সময়কাল উল্লেখ করার সাথে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে-

(ক) এক (১) বছরের চেয়ে কম বা বেশি সময়ের জন্য আর্থিক বিবরণী প্রস্তুতের কারণ; এবং

(খ) আর্থিক বিবরণীতে উল্লেখিত তুলনামূলক টীকার পরিমাণ অন্যান্য হিসাব বছরের সাথে তুলনাযোগ্য নাও হতে পারে এ সংক্রান্ত ঘোষণা ও তথ্য আর্থিক বিবরণী টীকাতে উল্লেখ থাকবে।

আর্থিক বিবরণী অনুমোদন তারিখ (Authorization Date)

১.৪.২ আর্থিক বিবরণী অনুমোদনের তারিখ, অনুমোদনকারী কর্তৃপক্ষের তথ্যাদি, প্রকাশিত আর্থিক বিবরণী যদি অন্য কোন প্রতিষ্ঠান বা পক্ষ সংশোধন করার ক্ষমতা রাখে, সেটিও আর্থিক বিবরণীর টীকাতে প্রকাশ করতে হবে।

১.৪.৩ অনুমোদনের তারিখ বলতে যে তারিখে আর্থিক বিবরণী অধিকার প্রাপ্ত অনুমোদনকারী ব্যক্তি বা পরিষদ, বোর্ড দ্বারা প্রকাশের জন্য অনুমোদন প্রাপ্ত হয়, সে তারিখকে বোঝাবে।

প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

১.৪.৪ আর্থিক বিবরণীর টীকাগুলোতে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে, যদি তথ্যসমূহ আর্থিক বিবরণী সংযুক্ত অন্য কোন প্রকাশনায় প্রকাশ করা না হয়ে থাকে:

(ক) প্রতিষ্ঠানের ঠিকানা, যে নির্দিষ্ট আইনানুযায়ী প্রতিষ্ঠিত এবং আইনগত অধিকার, পরিচালনা ক্ষেত্র;

(খ) প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলী ও পরিচালনার ধরণ বর্ণনা;

(গ) প্রতিষ্ঠানের গঠন, উদ্দেশ্য ও কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আইনের উল্লেখ;

(ঘ) আর্থিক বিবরণীতে উপস্থাপিত গুরুত্বপূর্ণ খাত অথবা প্রতিষ্ঠান যোগুলো প্রতিবেদন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে অন্তর্ভুক্ত এবং সেগুলোর উল্লেখযোগ্য পরিবর্তন যদি হয়ে থাকে।

নগদ জের ও ঋণ গ্রহণের উপর বিধিনিষেধ

১.৪.৫ আর্থিক বিবরণীর টীকাতে মন্তব্যসহ নিম্নলিখিত বিষয়সমূহের প্রকৃতি ও টাকার পরিমাণসহ উল্লেখ করতে হবে:

(ক) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য প্রাপ্তব্য (Available) নয়;

(খ) তাৎপর্যপূর্ণ নগদ উদ্বৃত্ত যা বাহ্যিক বিধিনিষেধের আওতাধীন;

(গ) অ-উত্তোলনকৃত ঋণ সুবিধা যা ভবিষ্যতে পরিচালন কার্যক্রম এবং মূলধনের প্রতিশ্রুতি নিষ্পত্তি করার জন্য প্রাপ্তব্য হতে পারে এবং উক্ত সুবিধা ব্যবহারের ক্ষেত্রে যদি কোন বিধিনিষেধ থাকে, তার উল্লেখ।

আর্থিক বিবরণী উপস্থাপনায় ধারাবাহিকতা

১.৪.৬ আর্থিক বিবরণীর প্রতিটি উপাদানের (ব্যালেন্সের) উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস এক সময়কাল থেকে অন্য সময়কালে ধারাবাহিকভাবে সামঞ্জস্যপূর্ণ হবে, নিম্নোক্ত ব্যতিক্রম ব্যতীত :

(ক) প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রকৃতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয় অথবা আর্থিক বিবরণী পর্যালোচনার পরে হিসাব নীতিমালা নির্বাচন এবং প্রয়োগের ক্ষেত্রে অন্য কোন উপস্থাপনা ও শ্রেণিবিন্যাস অধিক উপযুক্ত বলে মনে হয় যা অনুচ্ছেদ ১.৩.১০ এ উল্লিখিত হয়েছে;

(খ) ভবিষ্যতে এই মানদণ্ড সংশোধনের কারণে উপস্থাপনের ধরণে পরিবর্তন হলে।

আর্থিক বিবরণী তথ্যসমূহ একত্রীকরণ (Consolidation) প্রক্রিয়ার ধাপসমূহ

১.৪.৭ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা অফিস, বিক্রয় বা বিতরণ কেন্দ্র বা স্টেশন ইত্যাদির লেনদেন, আয়, ব্যয়, সম্পদ, দায় সংক্রান্ত তথ্যসমূহ প্রধান অফিসে রক্ষিত হিসাবের সঙ্গে একত্রীকরণে নিম্নে উল্লেখিত ধাপসমূহ প্রতিপালনীয়:

(১) একত্রিতকরণ (Combination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণীর উপাদানসমূহ যেমন- সম্পদ, দায়, তহবিল/মালিকানাংশত, আয়, ব্যয় এবং নগদ প্রবাহ একত্রিত করা।

(২) আর্থিক বিবরণী থেকে বাদ দেয়া (Elimination): সম্পদ ও দায় বিবরণী এবং আয়-ব্যয় বিবরণী তথ্যসমূহে প্রধান অফিসের সঙ্গে শাখা অফিসের এবং আন্তঃশাখা (Inter-branch) প্রাপ্য, দায়, আয়, ব্যয় থাকলে তা বাদ দেয়া।

তুলনামূলক তথ্য

১.৪.৮ এই মানদণ্ডের বিধান অনুযায়ী যদি অন্যকিছুর অনুমতি বা বাধ্যবাধকতা না থাকে তবে মানদণ্ডটির প্রয়োজনীয়তার ভিত্তিতে সমস্ত সংখ্যাগত তথ্য আর্থিক বিবরণীতে প্রকাশ করার সঙ্গে পূর্ববর্তী সময়কালের তুলনামূলক সংখ্যাগত তথ্য প্রকাশ করা হবে। তবে যে আর্থিক বছর এই মানদণ্ড প্রথম প্রয়োগ করা হবে সেই বছরের আর্থিক বিবরণীর ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। ব্যাখ্যা এবং বর্ণনার ক্ষেত্রেও তুলনামূলক তথ্য উল্লেখ করা বাঞ্ছনীয় যদি সেটি চলতি বছরের আর্থিক বিবরণী বোঝার জন্য প্রাসঙ্গিক হয়।

১.৪.৯ এই মানদণ্ডের প্রয়োজনীয়তার ভিত্তিতে উপস্থাপনকৃত বা শ্রেণিবিন্যাসকৃত তথ্য, উদ্বৃত্ত বা সংখ্যার গণনা পদ্ধতিতে কোন পরিবর্তন করা হলে দুষ্কর বা অবাস্তবতা ব্যতীত পূর্ববর্তী বছরের তুলনামূলক তথ্যসমূহও পরিবর্তন করে উপস্থাপনা, শ্রেণিবিন্যাস করতে হবে। এটা চলতি বছরের তথ্যের তুলনাযোগ্যতাকে নিশ্চিত করবে। পুনঃবিন্যাসের প্রকৃতি, পরিমাণ এবং কারণ উল্লেখ করতে হবে। তুলনামূলক তথ্য পুনঃশ্রেণিবিন্যাস করা দুষ্কর, অসম্ভব হলে তার কারণ পরিবর্তনের ধরন, প্রভাব কি হতো তা উল্লেখ করতে হবে।

আর্থিক বিবরণী সনাক্তকরণ

১.৪.১০ একই নথিতে একই সঙ্গে প্রকাশিত আর্থিক বিবরণীসমূহ অন্যান্য তথ্য থেকে পৃথকভাবে এবং স্পষ্টভাবে শনাক্ত এবং পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

১.৪.১১ আর্থিক প্রতিবেদনের প্রতিটি বিবরণী স্পষ্ট করে চিহ্নিত থাকবে। এছাড়াও উপস্থাপিত তথ্য যথাযথভাবে বোঝার জন্য নিম্নলিখিত তথ্যগুলি আর্থিক বিবরণীতে বিশেষভাবে প্রদর্শিত হবে এবং তা পুনরাবৃত্তি করা হবে;

(ক) প্রতিষ্ঠানের নাম এবং পরিচিতির অন্যান্য তথ্যসমূহ;

(খ) আর্থিক বিবরণীসমূহে একটি বা একাধিক প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তি বিষয়ে উল্লেখ থাকবে;

(গ) প্রতিবেদনের তারিখ বা আর্থিক বিবরণীর সময়কাল, যা উক্ত আর্থিক বিবরণীর তথ্যসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ;

(ঘ) আর্থিক প্রতিবেদন মুদ্রা; এবং

(ঙ) আর্থিক বিবরণীতে উল্লিখিত সংখ্যাসমূহের নির্ভুলতার স্তর।

১.৫ ত্রুটি সংশোধন

১.৫.১ আর্থিক বিবরণীতে উল্লিখিত নগদ উদ্বৃত্তের ক্ষেত্রে কোনও ত্রুটি দেখা দিলে, যা পূর্ববর্তী বছরের আর্থিক বিবরণী সাথে সম্পর্কিত উক্ত ত্রুটির পরিমাণটি বছরের প্রারম্ভিক উদ্বৃত্তের সঙ্গে সমন্বয় হিসেবে উল্লেখ করা হবে।

তুলনামূলক তথ্যসমূহ পুনঃউল্লেখ (Restatement) করা হবে, যদি না এটি করা দুষ্কর বা অসম্ভব হয়।

১.৫.২ একটি প্রতিষ্ঠান ত্রুটি সংশোধিত তথ্যসমূহ আর্থিক বিবরণীর টিকাতে উল্লেখ করবে:

(ক) পূর্ববর্তী হিসাব বছরের সাথে সম্পর্কিত ত্রুটির প্রকৃতি;

(খ) সংশোধনের পরিমাণ; এবং

(গ) তুলনামূলক তথ্য পুনঃউল্লেখ করা হয়েছে অথবা তা করা দুষ্কর বা অসম্ভব।

১.৬ বৈদেশিক মুদ্রা লেনদেন

সংজ্ঞা

১.৬.১ নিম্নলিখিত শব্দগুলি এই মানদণ্ডে নিম্নরূপ অর্থে ব্যবহৃত হয়েছে;

সমাপনী হার (Closing Rate): প্রতিবেদনের তারিখে তাৎক্ষণিক (Spot) বৈদেশিক মুদ্রা বিনিময় হার, যা কেন্দ্রীয় ব্যাংক প্রকাশিত তথ্য ভিত্তিক হবে।

বিনিময় পার্থক্য (Exchange Difference): বৈদেশিক মুদ্রায় লেনদেনকৃত ভিন্ন ভিন্ন তারিখের লেনদেনের ভিন্ন ভিন্ন বিনিময় হারে আর্থিক প্রতিবেদন মুদ্রায় পরিবর্তিত করার ফলে প্রাপ্ত পার্থক্য।

বিনিময় হার (Exchange Rate): দুটি মুদ্রার বিনিময় অনুপাত।

বৈদেশিক মুদ্রা (Foreign Currency): প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা ব্যতীত অন্য যেকোন মুদ্রা।

আর্থিক প্রতিবেদন উপস্থাপনা মুদ্রা (Presentation Currency): যে মুদ্রায় আর্থিক বিবরণীর তথ্য প্রকাশ করা হয়।

তাৎক্ষণিক বিনিময় হার (Spot Exchange Rate): তাৎক্ষণিক পরিবর্তনের জন্য মুদ্রার বিনিময়ের হার।

বৈদেশিক মুদ্রায় নগদ প্রাপ্তি, প্রদান এবং নগদ হিসাবের উদ্বৃত্তের হিসাবভুক্তকরণ

১.৬.২ বৈদেশিক মুদ্রায় লেনদেনের ফলে উদ্ভূত নগদ প্রাপ্তি এবং পরিশোধ লেনদেন প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন মুদ্রায় হিসাবভুক্ত করার ক্ষেত্রে প্রাপ্তি বা পরিশোধ তারিখের বৈদেশিক মুদ্রা এবং আর্থিক প্রতিবেদন মুদ্রার মধ্যে বিদ্যমান তাৎক্ষণিক বিনিময় হার ব্যবহৃত হবে।

১.৬.৩ নগদ উদ্বৃত্ত বৈদেশিক মুদ্রা হিসাব বছরের সমাপনী তারিখের বিনিময় হার অনুযায়ী রূপান্তর করতে হবে।

১.৬.৪ নিয়ন্ত্রিত বিদেশী প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি এবং নগদ অর্থ প্রদান, প্রাপ্তি এবং প্রদানের তারিখে আর্থিক প্রতিবেদন মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার মধ্যে বিনিময় হারে রূপান্তর করতে হবে।

১.৬.৫ আর্থিক প্রতিবেদন মুদ্রায় রূপান্তরের ফলে বৈদেশিক মুদ্রার বিনিময় পার্থক্যসমূহ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত এবং সমাপনী নগদ উদ্বৃত্ত এর মধ্যে সমন্বয় হিসাবে আর্থিক প্রতিবেদন টীকায় উল্লেখ থাকবে।

১.৬.৬ যখন আর্থিক প্রতিবেদন মুদ্রা দেশের মুদ্রার থেকে ভিন্ন হয়, তখন ভিন্ন মুদ্রা ব্যবহারের কারণ উল্লেখ থাকতে হবে। আর্থিক প্রতিবেদন মুদ্রায় কোন পরিবর্তন ঘটলে তার কারণও প্রকাশ করতে হবে।

১.৭ আর্থিক বিবরণী কাঠামোর নমুনা

১.৭.১ নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণী: ৫-১

১.৭.২ বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী : পরিশিষ্ট ৫-২

১.৭.৩ ব্যাখ্যামূলক টীকা: পরিশিষ্ট ৫-৩

বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তথ্যের তুলনামূলক উপস্থাপনা মানদণ্ড

(সকল আর্থিক প্রতিবেদন লেভেলের জন্য প্রযোজ্য)

যে প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট সর্বসাধারণের উদ্দেশ্যে প্রকাশ করে তার জন্য জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের প্রাপ্তি-পরিশোধ অর্থের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা উপস্থাপন করতে হবে। যা একটি পৃথক অতিরিক্ত আর্থিক বিবরণী হিসাবে অথবা নগদ প্রাপ্তি-পরিশোধ বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে এই মানদণ্ড অনুসরণে উপস্থাপন করা যাবে। বাজেট এবং প্রকৃত প্রাপ্তি-পরিশোধ তুলনা বিভিন্ন স্তরের সরকারী তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের জন্য নিম্নোল্লিখিত তথ্যাদিসহ পৃথকভাবে উপস্থাপন করতে হবে:

(ক) প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের পরিমাণ;

(খ) তুলনাযোগ্য প্রকৃত প্রাপ্তি-পরিশোধ পরিমাণ; এবং

(গ) জন জবাবদিহিতা সম্পূর্ণ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের উল্লেখযোগ্য পার্থক্যের ব্যাখ্যা নোট আকারে প্রকাশ করতে হবে। তবে এ ধরনের ব্যাখ্যা আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট অন্য কোন পাবলিক নথিতে প্রকাশ করা হলে এবং তার সূত্র বাজেট নোটে উল্লেখ করা হলে তা পুনরায় প্রকাশের প্রয়োজন নেই।

১.১ উপস্থাপনা

১.১.১ কোন প্রতিষ্ঠান নগদ প্রাপ্তি এবং পরিশোধের বিবরণীতে অতিরিক্ত বাজেট কলাম হিসাবে বাজেট এবং প্রকৃত পরিমাণের তুলনা উপস্থাপন করবে কেবলমাত্র যেক্ষেত্রে আর্থিক বিবরণী এবং বাজেট একই (তুলনাযোগ্য) ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।

১.২ প্রাথমিক থেকে পরিবর্তিত চূড়ান্ত বাজেট

১.২.১ একটি প্রতিষ্ঠান প্রাথমিক এবং চূড়ান্ত বাজেটের মধ্যে পরিবর্তনগুলি বাজেটের মধ্যকার বিভিন্ন সংখ্যার পুনঃনির্ধারণের ফলস্বরূপ অথবা অন্য কোন কারণের কিনা তার ব্যাখ্যা নিম্নের পদ্ধতিতে উল্লেখ করবে:

(ক) আর্থিক বিবরণীতে নোট প্রকাশের মাধ্যমে; অথবা

(খ) ভিন্ন একটি প্রতিবেদনে তা উল্লেখ করা যা আর্থিক বিবরণী প্রকাশের পূর্বে বা একই সঙ্গে প্রকাশিত হবে এবং উক্ত প্রতিবেদনের সূত্র আর্থিক প্রতিবেদন নোটে উল্লেখ থাকবে।

১.৩ তুলনাযোগ্য ভিত্তি

১.৩.১ বাজেটের সঙ্গে প্রকৃত প্রাপ্তি-পরিশোধের তুলনা একই (তুলনাযোগ্য) ভিত্তিতে উপস্থাপন করতে হবে।

১.৪ বাজেট প্রস্তুতের ভিত্তি, সময়কাল এবং পরিধি সংক্রান্ত নোট

১.৪.১ একটি প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট প্রস্তুত এবং শ্রেণিবিন্যাসের ভিত্তি আর্থিক বিবরণী নোটে উপস্থাপন করবেন।

১.৪.২ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেটের সময়কাল আর্থিক বিবরণী নোটে প্রকাশ করবেন।

১.৪.৩ প্রতিষ্ঠান তার অনুমোদিত বাজেট অন্তর্ভুক্ত এক বা একাধিক প্রতিষ্ঠান, শাখার পরিচয় আর্থিক বিবরণীর নোটে উল্লেখ করবে।

১.৫ তুলনাযোগ্য প্রকৃত সংখ্যার সঙ্গে আর্থিক বিবরণী প্রকৃত সংখ্যার সমন্বয়

১.৫.১ যেক্ষেত্রে আর্থিক বিবরণীর উল্লিখিত সংখ্যাসমূহ এবং বাজেটের সংখ্যাসমূহ একই ভিত্তিতে প্রস্তুত না করা হয়ে থাকে, সেক্ষেত্রে বাজেটের সঙ্গে উল্লিখিত পরিবর্তিত তুলনাযোগ্য ভিত্তিক প্রকৃত প্রাপ্তি-পরিশোধের সঙ্গে প্রারম্ভিক এবং সমাপনী নগদ উদ্বৃত্তের সমন্বয় করে দেখাতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ভিত্তি সময়কাল, প্রতিষ্ঠান পার্থক্যসমূহ উল্লেখ থাকবে। সমন্বয়টি বাজেট এবং প্রকৃত সংখ্যার তুলনা বিবরণীতে অথবা আর্থিক বিবরণী নোটে উল্লেখ থাকবে।

১.৫.২ প্রকৃত সংখ্যার তুলনাযোগ্য ভিত্তির সাথে আর্থিক বিবরণীতে স্বীকৃত প্রকৃত সংখ্যার পার্থক্যগুলি কার্যকরভাবে নিম্নলিখিত পদ্ধতিতে উল্লেখ করা হবে:

(ক) বাজেটের ভিত্তিতে পার্থক্য, যেক্ষেত্রে বাজেট আর্থিক প্রতিবেদন ভিত্তি ভিন্ন অন্য কোন ভিত্তিতে প্রস্তুত করা হয়। উদাহরণস্বরূপ, যেখানে বাজেট প্রস্তুত করা হয় নগদ ভিত্তিতে এবং আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় বকেয়া বা পরিবর্তিত বকেয়া ভিত্তিতে;

(খ) সময় পার্থক্য, যখন বাজেটের সময়কাল আর্থিক বিবরণীতে ব্যবহৃত সময়কাল থেকে পৃথক হয়;

(গ) প্রতিষ্ঠান সংক্রান্ত পার্থক্য, যেক্ষেত্রে আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান কার্যক্রম, শাখাসমূহ অনুমোদিত কাজটিতে অন্তর্ভুক্ত না থাকে। তদুপরি আর্থিক বিবরণী এবং বাজেট কাঠামোগত বা শ্রেণিবিন্যাসকৃত পার্থক্যও থাকতে পারে।

১.৫.৩ এই মানদন্ডের নির্দেশনা অনুযায়ী পূর্ববর্তী বছরের সাথে তুলনামূলক তথ্য প্রকাশ বাজেট এবং প্রকৃত তুলনার ক্ষেত্রে প্রয়োজন নেই।

লেভেল ৫- নগদ ভিত্তিক
আর্থিক বিবরণী কাঠামো

Financial Reporting Format (FRF)

(সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন প্রস্তুতে প্রযোজ্য)

প্রতিষ্ঠানের নাম ঠিকানা প্রাপ্তি-পরিশোধ বিবরণী ৩০ শে জুন, ২০২* সমাপ্ত বছরের জন্য				
হিসাব কোড নং	বিবরণ	নোট নং	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২খ	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২ক
	প্রাপ্তিসমূহঃ			
	প্রারম্ভিক স্থিতি-			
	নগদ তহবিল	৬.৩	*****	*****
	ব্যাংক জমা	৬.৪	*****	*****
	প্রাপ্ত অনুদান	১১	*****	*****
	কর ও রেট	১২	*****	*****
	জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ		*****	*****
	পন্য ও সেবা বিক্রয়	১৩	*****	*****
	অন্যান্য আয় বাবদ প্রাপ্তি	১৪	*****	*****
	প্রশাসনিক ফি	১৫	*****	*****
	ভর্তুকি		*****	*****
	অভ্যন্তরীণ দায়	৮	*****	*****
	বৈদেশিক দায়	৯	*****	*****
	অগ্রিম প্রাপ্তি		*****	*****
	মোট প্রাপ্তি		*****	*****
	পরিশোধসমূহঃ			
	কর্মচারীদের প্রতিদান	১৬	*****	*****
	প্রশাসনিক ব্যয়	১৭	*****	*****
	ফি, চার্জ ও কমিশন	১৮	*****	*****
	প্রশিক্ষণ		*****	*****
	ভ্রমণ ও পরিবহণ		*****	*****
	সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয়		*****	*****
	সুদ		*****	*****
	ভর্তুকি		*****	*****
	অনুদান		*****	*****

	সামাজিক সুবিধাদি		*****	*****
	অন্যান্য ব্যয় বাবদ পরিশোধ	১৯	*****	*****
	ভূমি	৩	*****	*****
	ভবন ও স্থাপনাসমূহ	৩	*****	*****
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	*****	*****
	কম্পিউটার সফটওয়্যার ও ড্যাটাবেজ	৩	*****	*****
	মজুত পণ্য	৪	*****	*****
	অন্যান্য স্থায়ী সম্পদ	৫	*****	*****
	মোট পরিশোধ		*****	*****
	সমাপনী স্থিতি –			
	নগদ তহবিল	৬.৩	*****	*****
	ব্যাংক জমা	৬.৪	*****	*****
	মোট		*****	*****

প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী
অর্থ বছর: ২০২*-২০২*

হিসাব কোড নং	বিবরণ	নোট নং	বাজেট	প্রকৃত	.	পার্থকের শতকরা হার	মন্তব্য
	প্রাপ্তিসমূহঃ						
	প্রারম্ভিক স্থিতি-						
	নগদ তহবিল	৬.৩	*****	*****	*****	*****	
	ব্যাংক জমা	৬.৪	*****	*****	*****	*****	
	প্রাপ্ত অনুদান	১১	*****	*****	*****	*****	
	কর ও রেট	১২	*****	*****	*****	*****	
	জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ		*****	*****	*****	*****	
	পন্য ও সেবা বিক্রয়	১৩	*****	*****	*****	*****	
	অন্যান্য প্রাপ্তি	১৪	*****	*****	*****	*****	
	প্রশাসনিক ফি	১৫	*****	*****	*****	*****	
	ভর্তুকি		*****	*****	*****	*****	
	অভ্যন্তরীণ দায়	৮	*****	*****	*****	*****	
	বৈদেশিক দায়	৯	*****	*****	*****	*****	
	অগ্রিম প্রাপ্তি		*****	*****	*****	*****	
	মোট প্রাপ্তি		*****	*****	*****	*****	
	পরিশোধসমূহঃ						
	কর্মচারীদের প্রতিদান	১৬	*****	*****	*****	*****	
	প্রশাসনিক ব্যয়	১৭	*****	*****	*****	*****	
	ফি, চার্জ ও কমিশন	১৮	*****	*****	*****	*****	
	প্রশিক্ষণ		*****	*****	*****	*****	
	ভ্রমণ ও পরিবহন		*****	*****	*****	*****	
	সরবরাহ, উপকরণ এবং সাধারণ ব্যয়		*****	*****	*****	*****	
	সুদ		*****	*****	*****	*****	
	ভর্তুকি		*****	*****	*****	*****	
	অনুদান		*****	*****	*****	*****	
	সামাজিক সুবিধাদি		*****	*****	*****	*****	
	অন্যান্য ব্যয় বাবদ পরিশোধ	১৯	*****	*****	*****	*****	
	ভূমি	৩	*****	*****	*****	*****	
	ভবন ও স্থাপনাসমূহ	৩	*****	*****	*****	*****	
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩	*****	*****	*****	*****	
	কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজ	৩	*****	*****	*****	*****	
	মজুত পণ্য	৪	*****	*****	*****	*****	
	অন্যান্য স্থায়ী সম্পদ	৫	*****	*****	*****	*****	
	অভ্যন্তরীণ আর্থিক সম্পদসমূহ	৬	*****	*****	*****	*****	
	বৈদেশিক আর্থিক সম্পদসমূহ	৭	*****	*****	*****	*****	
	মোট পরিশোধ		(*****)	(*****)	(*****)	(*****)	
	সমাপনী স্থিতি -						
	নগদ তহবিল	৬.৩	*****	*****	*****	*****	
	ব্যাংক জমা	৬.৪	*****	*****	*****	*****	
	মোট		*****	*****	*****	*****	

পরিশিষ্ট ৫-৩

প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
বাৎসরিক আর্থিক বিবরণীর টীকা
৩০ শে জুন, ২০২*

টীকা নং ১ প্রতিষ্ঠান পরিচিতি: প্রতিষ্ঠা কাল, লক্ষ্য ও উদ্দেশ্য, কার্যক্রম, তদারকি কর্তৃপক্ষ, প্রতিষ্ঠানের ধরণ, প্রতিষ্ঠা পদ্ধতি।

টীকা নং ২ হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ নীতিমালার বিবরণ

টীকা নং ৩ (ক)

স্থায়ী সম্পদ এবং অবকাঠামো রেজিস্টার
প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
অর্থ বছর ২০২*-২০২*

ক্রমিক নং	সম্পদের নাম ও অবস্থান	নির্মাণ বা ক্রয়ের তারিখ	ক্রয়মূল্য (টাকা)	তহবিলের উৎস (সরকারী বা অন্য)	প্রারম্ভিক জের	চলতি বছরে ক্রয়	সর্বমোট মূল্য (টাকা)	চলতি বছরে বিক্রয়	নীট উদ্ধৃত
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			
			*****			*****			

টাকা নং ৩ (খ)

স্থায়ী সম্পদ এবং অবকাঠামো রেজিস্টার
প্রতিষ্ঠানের নাম
ঠিকানা
অর্থ বছর ২০২*-২০২*

ক্রমিক নং	সম্পদের নাম ও অবস্থান	নির্মাণ বা ক্রয়ের তারিখ	ক্রয়মূল্য (টাকা)	তহবিলের উৎস (সরকারী বা অন্য)	সর্বশেষ রক্ষণাবেক্ষণের তারিখ	রক্ষণাবেক্ষণে ব্যয়িত অর্থের পরিমাণ (টাকা)	সর্বমোট মূল্য (টাকা)	রক্ষণাবেক্ষণে ব্যয়িত অর্থের উৎস	পরবর্তী রক্ষণাবেক্ষণের তারিখ	ব্যবহারকাল	ব্যবহারযোগ্যতা
	ভবন ও স্থাপনাসমূহ:										
	আবাসিক ভবনসমূহ		****			****					
	অনাবাসিক ভবনসমূহ		****			****					
	অন্যান্য স্থাপনা		****			****					
	যোগাযোগ		****			****					
	পানি সরবরাহ		****			****					
	মোট মূল্য		****			****					
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি:										
	যানবাহন সরঞ্জামাদি		****			****					
	মোটরযান		****			****					
	অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি		****			****					
	মোট মূল্য		****			****					
	কম্পিউটার সফটওয়্যার ও ড্যাটাবেজ:										
	কম্পিউটার সফটওয়্যার		****			****					
	ড্যাটাবেজ		****			****					
	বিনোদন, সাহিত্য ও শৈল্পিক আদি বস্তু		****			****					
	অন্যান্য মেধা সম্পত্তি পণ্য		****			****					
	মোট মূল্য		****			****					
	ভূমি:										
	খনিজ ও জ্বালানি সম্পদ		****			****					
	প্রাকৃতিকভাবে উৎপন্ন অন্যান্য সম্পদ		****			****					
	অচাষকৃত জৈব সম্পদ		****			****					
	পানি সম্পদ		****			****					
	অন্যান্য প্রাকৃতিক সম্পদ		****			****					
	অপরিমাপ অউৎপাদিত সম্পদ		****			****					
	চুক্তি, ইজারা ও লাইসেন্স		****			****					
	সুনাম ও বাজারজাতকরণ সম্পদ		****			****					
	মোট মূল্য		****			****					
	অন্যান্য স্থায়ী সম্পদ										

প্রতিষ্ঠানের নাম ঠিকানা বাৎসরিক আর্থিক বিবরণীর টাকা ৩০ শে জুন, ২০২*			
টাকা নং	বিবরণ	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (চলতি বছর)	মোট পরিমাণ (টাকা) ৩০ শে জুন, ২০২* (বিগত বছর)
৪	মজুত পণ্য:		
	উপকরণ ও সরবরাহ	****	****
	চলমান কাজ	****	****
	তৈরি পণ্য	****	****
	পুনঃবিক্রয়ের জন্য সামগ্রী	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৫	অন্যান্য স্থায়ী সম্পদ:		
	চাষকৃত জৈব সম্পদ	****	****
	বৃক্ষ, শস্য, উদ্ভিদ সম্পদ উৎপন্নকারী পুনরাবৃত্ত পণ্য	****	****
	মেধা সম্পত্তি পণ্য	****	****
	গবেষণা ও উন্নয়ন	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৬	অভ্যন্তরীণ আর্থিক সম্পদসমূহ:		
৬.১	মনিটারি স্বর্ণ ও এসডিআর	****	****
৬.২	মুদ্রা ও আমানত	****	****
৬.৩	হাতে নগদ	****	****
৬.৪	ব্যাংক জমা	****	****
	অগ্রিম	****	****
	ঋণ অর্থপত্র	****	****
	ঋণ প্রদান	****	****
	সমমূলধন/ইকুইটি	****	****
	শেয়ার মূলধন	****	****
	বীমা, পেনশন ও গ্যারান্টি স্কিম	****	****
	আর্থিক ডেরাইভেটিভস ও কর্মচারী স্টক অপশন	****	****
	অন্যান্য আদায়যোগ্য হিসাব	****	****
৬.৪	ব্যাংক জমা:		
৬.৪.১	ব্যাংক -১	****	****
৬.৪.২	ব্যাংক -২	****	****
৬.৪.৩	ব্যাংক -৩	****	****
	মোট	<u>****</u>	<u>****</u>
৭	বৈদেশিক আর্থিক সম্পদসমূহ:		
	মুদ্রা ও আমানত	****	****
	ব্যাংক জমা	****	****
	ঋণ অর্থপত্র	****	****
	ঋণ প্রদান	****	****

	সমমূলধন/ইকুইটি	****	****
	মোট	****	****
৮	অভ্যন্তরীণ দায়সমূহ:		
	মুদ্রা ও আমানত	****	****
	জাতীয় সঞ্চয়	****	****
	সঞ্চয়পত্র	****	****
	ডাকঘর সঞ্চয়পত্র	****	****
	সেভিংস বন্ড	****	****
	জমা/আমানত	****	****
	বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা	****	****
	নবায়ন, রিজার্ভ ও অবচয়	****	****
	সরবরাহ ও কাজের বিপরীতে জমা	****	****
	খাদ্য ও পণ্য সাহায্য জমা	****	****
	অন্যান্য জমা	****	****
	ঋণ অর্থপত্র		
	ঋণ		
৮.১	ঋণ অর্থপত্র:	****	****
	ট্রেজারি বিল	****	****
	ট্রেজারি বন্ড	****	****
৮.২	ঋণ:	****	****
	ওয়েজ এন্ড মিনস্ এডভান্স	****	****
	প্রজাতন্ত্রের সরকারি হিসাব থেকে গৃহিত ঋণ	****	****
	ব্যাংক থেকে গৃহিত ঋণ	****	****
	কেন্দ্রীয় সরকার থেকে গৃহিত ঋণ	****	****
	মোট	****	****
৯	বৈদেশিক দায়সমূহ:		
	মুদ্রা ও আমানত	****	****
	ঋণ অর্থপত্র	****	****
	ঋণ	****	****
	বৈদেশিক ঋণ	****	****
	মোট	****	****
১০	অন্যান্য হিসাবে প্রদেয়:		
	কল্যাণ তহবিল	****	****
	মোট	****	****
১১	প্রাপ্ত অনুদান:		
		আবর্তক	মূলধনী
	সরকারী তহবিল থেকে প্রাপ্ত	***	***
	বৈদেশিক সরকার থেকে প্রাপ্ত	***	***
	আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত	***	***
	দেশীয় প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত	***	***
	মোট	***	***
১২	কর ও রেট:		
	আয়, মুনাফা এবং মূলধনের উপর কর	****	****
	সম্পত্তি কর	****	****
	নিবন্ধন কর	****	****

	পন্য ও সেবা কর	****	****
	অন্যান্য কর	****	****
	মোট	****	****
১৩	পন্য ও সেবা বিক্রয়:		
	পন্য বিক্রয়	****	****
	সেবা বিক্রয়	****	****
	টিউশন ফি	****	****
	কমিশন	****	****
	ভাড়া- অনাবাসিক	****	****
	ভাড়া- আবাসিক	****	****
	সেতুর উপর টোল	****	****
	সড়কের উপর টোল	****	****
	ফেরির উপর টোল	****	****
	মোট	****	****
১৪	অন্যান্য আয় বাবদ প্রাপ্তি		
	সুদ	****	****
	লভ্যাংশ	****	****
	অন্যান্য বিনিয়োগ থেকে প্রাপ্তি	****	****
	ভাড়া	****	****
	সম্পত্তি বিক্রয় হতে প্রাপ্তি	****	****
	ক্ষতিপূরণ হতে প্রাপ্তি	****	****
	মোট	****	****
১৫	প্রশাসনিক ফি:		
	লাইসেন্স ফি	****	****
	নিবন্ধন ফি	****	****
	লাইসেন্স ও পারমিট ফি	****	****
	সম্পত্তির ভাড়া ও লাভজনিত ফি	****	****
	জন্ম নিবন্ধন ফি	****	****
	অডিট ফি	****	****
	চার্জ	****	****
	মোট	****	****
১৬	কর্মচারীদের প্রতিদান:		
	অফিসারদের বেতন	****	****
	কর্মচারীদের বেতন	****	****
	ভাতাদি	****	****
	অনগদ মজুরি ও বেতন	****	****
	নিয়োগকারীর সামাজিক অবদান	****	****
	মোট	****	****
১৭	প্রশাসনিক ব্যয়:		
	পুরস্কার	****	****
	পরিষ্কার পরিচ্ছন্নতা	****	****
	ক্ষতিপূরণ	****	****
	আনুষঙ্গিক কর্মচারি	****	****
	মনিহারি ব্যয়	****	****
	প্রতিনিধি ব্যয়	****	****

	আপ্যায়ন ব্যয়	****	****
	হায়ারিং চার্জ	****	****
	শ্রমিকের মজুরি	****	****
	আইন সংক্রান্ত ব্যয়	****	****
	সেমিনার ও কনফারেন্স ব্যয়	****	****
	চাঁদা	****	****
	বিদ্যুৎ	****	****
	উপযোগ ব্যয়	****	****
	পানি	****	****
	ডাক ও তার	****	****
	মেশিন ও সরঞ্জামাদির ভাড়া	****	****
	অফিস ভবন ভাড়া	****	****
	অন্যান্য সম্পদের ভাড়া	****	****
	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	****	****
	মুদ্রণ ও প্রকাশনা	****	****
	যাতায়াত ব্যয়	****	****
	মোট	****	****
১৮	ফি, চার্জ ও কমিশন:		
	নিরীক্ষা ফি	****	****
	লাইসেন্স ফি	****	****
	প্রাকজাহাজীকরণ পরিদর্শন ফি	****	****
	মোট	****	****
১৯	অন্যান্য ব্যয়:		
	জন শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ক সামগ্রী সরবরাহ	****	****
	খাদ্য সরবরাহ	****	****
	সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী	****	****
	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়	****	****
	শুল্ক	****	****
	বীমা	****	****
	মোট	****	****

২০ অন্যান্য বিবিধ টাকা

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের
হিসাবরক্ষণ কাঠামো সংক্রান্ত আনুষঙ্গিক তথ্য

Supplemental Information
on
Public Sector Entity (PSE) Financial Recording
Framework

মানদন্ড নির্ধারণী বিভাগ
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
কর্তৃক প্রনয়ণকৃত

Supplemental Information on Public Sector Entity (PSE) Financial Recording Framework

TABLE OF CONTENTS

	Page No.
1. INTRODUCTION.....	1
2. LIST OF ENTITIES TO COMPLY WITH THE FRAMEWORK, POLICY, PROCEDURES	2-9
3. FINANCIAL RECORDING FORMATS:	
3.01 LEVEL 3.....	10-23
3.02 LEVEL 5.....	24-27
4. SAMPLE FINANCIAL STATEMENTS, CONVERSION FROM CASH BASIS TO MODIFIED ACCRUAL BASIS.....	28-37

INTRODUCTION

As per Financial Reporting Act (FRA) 2015, Statutory Public Authorities (SPAs) and Public Enterprises (PEs) in Bangladesh are defined as Public Interest Entities (PIEs) and as per section 40, 44 of FRA as a government oversight regulatory agency, FRC is primarily and exclusively entrusted with the responsibility to issue financial reporting standards for those entities to follow in preparation and reporting of their financial information.

Objectives/Benefits: To help and ease the implementation process of the required standards, this supplemental information package is prepared by FRC Standard Setting Division. FRC prepared information package is in alignment with the required standards as well as in congruent to international best practiced well-structured financial reporting formats and will ensure uniformity, consistency and high quality of the Financial Reporting (FR) for the SPAs and PEs.

Scope: The information is applicable for SPAs, PEs, also known as autonomous bodies, state-owned commercial enterprises, and extra-budgetary organizations. **Types of Entities:** Regulatory Agencies, Corporations, State Owned Commercial Enterprises, Development Authorities, Public Universities, Boards, Professional Institutes.

Use of the Information, Formats: In a separate volume, FRC has finalized and issued the required Financial Reporting Standards to be complied by the public sector entities. The attached supplementary information are not part of the standards and/or required to be complied by the entities. Entities are encouraged to use the information or other information most appropriate and relevant with their activities and transactions. In case of any differences between the standards and information contained in this package, the principles in the standards should prevail. Information in the package should be used conforming to the standards. If needed entities can use the information stated in this package in the design and development of their own customized software or computerized Accounting System.

Contents: The package includes following formats, illustrations, procedures:

- a) Bookkeeping procedures in Bangla and English for level 3 and 5
- b) Illustrative example of bookkeeping for level 3.
- c) Illustrative examples of cash basis financial reporting, modified accrual basis financial reporting and conversion from cash basis to modified accrual basis.

সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের তালিকা*

ক্র: নং	প্রতিষ্ঠান
১	বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
২	বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট
৩	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৪	খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৫	কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট
৬	বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট
৭	নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
৮	ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট
৯	বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
১০	বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট
১১	হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
১২	শারিরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
১৩	জাতীয় গ্রন্থকেন্দ্র
১৪	বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল
১৫	যুবকল্যাণ তহবিল
১৬	বাংলা একাডেমী
১৭	মনিপুরি ললিতকলা একাডেমী
১৮	বাংলাদেশ শিশু একাডেমী
১৯	ভোক্তা অধিকার সংরক্ষণ
২০	অফিস অব দি রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস্
২১	ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ
২২	খুলনা পাবলিক কলেজ
২৩	শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট
২৪	জয়ীতা ফাউন্ডেশন
২৫	ভারত প্রত্যগত উপজাতীয় শরণার্থী প্রত্যাগমন ও পুনর্বাসন ও অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাঙ্কফোর্স
২৬	জেলা পরিষদ
২৭	উপজেলা পরিষদ
২৮	ইউনিয়ন পরিষদ
২৯	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ঢাকা
৩০	হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান
৩১	ঢাকা ক্যান্ট বোর্ড
৩২	চট্টগ্রাম ক্যান্ট বোর্ড
৩৩	যশোর ক্যান্ট বোর্ড
৩৪	বগুড়া ক্যান্ট বোর্ড
৩৫	সাভার ক্যান্ট বোর্ড
৩৬	গাজীপুর ক্যান্ট বোর্ড

৩৭	রাজশাহী ক্যান্ট বোর্ড
৩৮	রংপুর ক্যান্ট বোর্ড
৩৯	সৈয়দপুর ক্যান্ট বোর্ড
৪০	জালালাবাদ ক্যান্ট বোর্ড
৪১	কাদিরাবাদ ক্যান্ট বোর্ড
৪২	ঘাটাইল ক্যান্ট বোর্ড
৪৩	মোমেনশাহী ক্যান্ট বোর্ড
৪৪	জাহানাবাদ ক্যান্ট বোর্ড
৪৫	সিলেট ক্যাডেট কলেজ
৪৬	গার্লস ক্যাডেট কলেজ, মোমেনশাহী
৪৭	গার্লস ক্যাডেট কলেজ, ফেনী
৪৮	গার্লস ক্যাডেট কলেজ, জয়পুরহাট
৪৯	রংপুর ক্যাডেট কলেজ
৫০	কুমিল্লা ক্যাডেট কলেজ
৫১	মির্জাপুর ক্যাডেট কলেজ
৫২	রাজশাহী ক্যাডেট কলেজ
৫৩	ফৌজদারহাট ক্যাডেট কলেজ
৫৪	বরিশাল ক্যাডেট কলেজ
৫৫	পাবনা ক্যাডেট কলেজ
৫৬	বিনাইদহ ক্যাডেট কলেজ, বিনাইদহ
৫৭	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
৫৮	বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল
৫৯	বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
৬০	বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
৬১	বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল
৬২	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
৬৩	বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল
৬৪	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
৬৫	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
৬৬	নিম্নতম মঞ্জুরী বোর্ড
৬৭	কবি নজরুল ইনস্টিটিউট
৬৮	বাংলাদেশ চলচ্চিত্র এবং টেলিভিশন ইনস্টিটিউট
৬৯	বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ
৭০	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
৭১	বাংলাদেশ ইনস্টিটিউট অব পার্লামেন্টারী স্টাডিজ
৭২	প্রতিযোগিতা কমিশন
৭৩	তথ্য কমিশন
৭৪	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৭৫	বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট
৭৬	জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
৭৭	বঙ্গবন্ধু ফ্রীডাসেবী কল্যাণ ফাউন্ডেশন

৭৮	বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৭৯	বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
৮০	ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
৮১	টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ
৮২	বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
৮৩	বাংলাদেশ বেতার কর্তৃপক্ষ
৮৪	বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ
৮৫	পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ
৮৬	ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ
৮৭	ইলেকট্রনিক সাবস্ক্রিপশন সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ
৮৮	পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র
৮৯	বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
৯০	বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
৯১	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৯২	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
৯৩	জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
৯৪	বাংলাদেশ শিল্পকলা একাডেমী
৯৫	জাতীয় ক্রীড়া পরিষদ
৯৬	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
৯৭	বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
৯৮	পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
৯৯	রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১০০	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১০১	বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
১০২	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
১০৩	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান
১০৪	বাংলাদেশ সংবাদ সংস্থা
১০৫	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১০৬	জাতীয় মহিলা সংস্থা
১০৭	দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএমএবি)
১০৮	দি ইনস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএবি)
১০৯	চার্টার্ড সেক্রেটারীজ
১১০	মুক্তিযুদ্ধ জাদুঘর
১১১	জাতীয় জাদুঘর
১১২	দি ইসলামিক ফাউন্ডেশন
১১৩	পৌরসভা
১১৪	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস
১১৫	সেনা কল্যাণ সংস্থা (সিএসডি)
১১৬	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
১১৭	বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল
১১৮	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

১১৯	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১২০	প্রেস কাউন্সিল
১২১	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
১২২	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
১২৩	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১২৪	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
১২৫	সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড
১২৬	বাংলাদেশ তীত বোর্ড
১২৭	বাংলাদেশ পর্যটন বোর্ড
১২৮	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২৯	বাংলাদেশ চা বোর্ড
১৩০	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ
১৩১	জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)
১৩২	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
১৩৩	মাদ্রাসা শিক্ষা বোর্ড
১৩৪	বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
১৩৫	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)
১৩৬	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)
১৩৭	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
১৩৮	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
১৩৯	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
১৪০	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
১৪১	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
১৪২	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
১৪৩	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
১৪৪	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
১৪৫	বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
১৪৬	ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
১৪৭	ঢাকা বিশ্ববিদ্যালয়
১৪৮	রাজশাহী বিশ্ববিদ্যালয়
১৪৯	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৫০	বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
১৫১	খুলনা বিশ্ববিদ্যালয়
১৫২	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
১৫৩	চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৫৪	রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৫৫	রবীন্দ্র বিশ্ববিদ্যালয়
১৫৬	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি
১৫৭	বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৫৮	শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
১৫৯	সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়

১৬০	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
১৬১	হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়
১৬২	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি
১৬৩	বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
১৬৪	বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
১৬৫	বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
১৬৬	বরিশাল বিশ্ববিদ্যালয়
১৬৭	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
১৬৮	কুমিল্লা বিশ্ববিদ্যালয়
১৬৯	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
১৭০	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
১৭১	রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭২	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭৩	ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১৭৪	জগন্নাথ বিশ্ববিদ্যালয়
১৭৫	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
১৭৬	চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭৭	হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭৮	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭৯	মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮০	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮১	রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮২	নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮৩	পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮৪	যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮৫	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
১৮৬	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
১৮৭	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
১৮৮	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
১৮৯	ইসলামিক বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
১৯০	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৯১	জাতীয় বিশ্ববিদ্যালয়
১৯২	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১৯৩	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১৯৪	চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৯৫	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ
১৯৬	শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা
১৯৭	রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয়
১৯৮	রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৯৯	বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২০০	বরিশাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২০১	বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট
২০২	শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট
২০৩	বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
২০৪	জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
২০৫	নদী গবেষণা ইনস্টিটিউট
২০৬	বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
২০৭	প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
২০৮	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
২০৯	জাতীয় নদী রক্ষা কমিশন
২১০	জাতীয় মানবাধিকার কমিশন
২১১	বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
২১২	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
২১৩	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
২১৪	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
২১৫	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
২১৬	পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন
২১৭	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
২১৮	বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ও পল্লী উন্নয়ন একাডেমী
২১৯	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২২০	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
২২১	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
২২২	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
২২৩	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
২২৪	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
২২৫	জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
২২৬	পায়রা বন্দর কর্তৃপক্ষ
২২৭	ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
২২৮	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
২২৯	বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
২৩০	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
২৩১	বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
২৩২	পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
২৩৩	ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ
২৩৪	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
২৩৫	কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
২৩৬	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
২৩৭	বাংলাদেশ রপ্তানীকারক প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
২৩৮	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
২৩৯	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২৪০	মংলা বন্দর কর্তৃপক্ষ

২৪১	বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী
২৪২	বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
২৪৩	বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ
২৪৪	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
২৪৫	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
২৪৬	বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাপসডক)
২৪৭	বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান
২৪৮	বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট
২৪৯	বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি.(Milk vita)
২৫০	সিটি কর্পোরেশন
২৫১	পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২৫২	বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
২৫৩	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
২৫৪	ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
২৫৫	ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন
২৫৬	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২৫৭	বাংলাদেশ শিপিং কর্পোরেশন
২৫৮	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
২৫৯	বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২৬০	ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
২৬১	বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি)
২৬২	বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন
২৬৩	বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
২৬৪	বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)
২৬৫	সাধারণ বিমা কর্পোরেশন
২৬৬	জীবন বিমা কর্পোরেশন
২৬৭	দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিমিটেড
২৬৮	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
২৬৯	বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
২৭০	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্পোরেশন
২৭১	বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
২৭২	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
২৭৩	প্রবাসী কল্যাণ ব্যাংক
২৭৪	আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
২৭৫	সোনালী ব্যাংক লিমিটেড
২৭৬	বেসিক ব্যাংক লিমিটেড
২৭৭	অগ্রণী ব্যাংক
২৭৮	জনতা ব্যাংক লিমিটেড
২৭৯	বাংলাদেশ কৃষি ব্যাংক

২৮০	রুপালি ব্যাংক লিমিটেড
২৮১	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
২৮২	বাংলাদেশ ব্যাংক
২৮৩	পল্লী সঞ্চয় ব্যাংক
২৮৪	বাংলাদেশ সমবায় ব্যাংক
২৮৫	কর্মসংস্থান ব্যাংক
২৮৬	রপ্তানি উন্নয়ন ব্যুরো
২৮৭	মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথোরিটি
২৮৮	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২৮৯	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
২৯০	আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
২৯১	বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
২৯২	শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিঃ
২৯৩	ছাতক সিমেন্ট ফ্যাক্টরী
২৯৪	নাটোর সুগার মিলস লিঃ
২৯৫	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল টেকনিক্যাল এ্যাসিস্টেট্যান্স (বিটাক)
২৯৬	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
২৯৭	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ
২৯৮	বাংলাদেশ সড়ক ও পরিবহন সংস্থা (বিআরটিসি)
২৯৯	খুলনা শিপইয়ার্ড লিঃ
৩০০	নারায়ণগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
৩০১	চিটাগাং ডকইয়ার্ড লিঃ
৩০২	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ
৩০৩	বাংলাদেশ ডিজেল প্লান্ট (বিডিপি) লিঃ
৩০৪	বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
৩০৫	বেসামরিক বিমান কর্তৃপক্ষ
৩০৬	সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর (এমইও)
৩০৭	বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড
৩০৮	ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড
৩০৯	সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগরিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড
৩১০	দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড
৩১১	আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড
৩১২	অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড

* Introduction অধ্যায়ের অনুচ্ছেদ ৩-এ উল্লিখিত লেভেল নির্ধারণী নির্ণায়ক ভিত্তিতে লেভেল এবং প্রযোজ্য মানদণ্ড অনুসরণ করে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। কিছু সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ উপরোল্লিখিত তালিকা থেকে বাদ পড়ে থাকলে অথবা নতুন প্রতিষ্ঠান প্রতিষ্ঠা হলে, সেক্ষেত্রে "আর্থিক প্রতিবেদন কাঠামো এবং মানদণ্ড" - এর Introduction অধ্যায়ে সংজ্ঞায়িত Statutory Public Authority এর ক্ষেত্রে অনুচ্ছেদ ৩ এ বর্ণিত লেভেল নির্ধারণী নির্ণায়ক অনুযায়ী প্রতিষ্ঠানসমূহ প্রযোজ্য কাঠামো ও মানদণ্ড অনুসরণে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করবে।

বকেয়া ভিত্তিক (লেভেল ৩) হিসাবরক্ষণ এবং আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণ কাঠামো

(Financial Recording Procedures, Formats)

কোন সংস্থা কর্তৃক সংঘটিত আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণ প্রক্রিয়াকে হিসাবরক্ষণ বা Bookkeeping বলে। মূলত, হিসাবরক্ষণ হলো, “ক্রয়, বিক্রয়, মালিকানা, দায় ইত্যাদির মাধ্যমে অর্থের আন্তঃপ্রবাহ, বহিঃপ্রবাহ এবং হিসাবের জের (Balance) সংক্রান্ত তথ্য লিপিবদ্ধকরণ ও নির্ণয় প্রক্রিয়া।” এ ক্ষেত্রে আর্থিক লেনদেন (Transaction) বলতে অর্থের সংজ্ঞা সংশ্লিষ্ট যেকোন আদান-প্রদান (Give and Take) বা অর্থ সংশ্লিষ্ট ঘটনাকে (Event) বোঝায়।

এই হিসাবরক্ষণ বইসমূহ এবং উহাদের রক্ষণাবেক্ষণ পদ্ধতি সম্পর্কে উল্লেখের পূর্বে এটি অনুমান করে নেয়া হচ্ছে যে, সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক যে নগদ লেনদেন সংঘটিত হয় তা যথাযথভাবে Documental বা দলিলীকরণ করা হয়ে থাকে অর্থাৎ প্রাপ্তি বা প্রদান ভাউচার বা অনুরূপ কোন দলিলাদি তৈরি করা হয়ে থাকে।

১. নগদ লেনদেন (Cash Transaction)

১.১ প্রাথমিক হিসাব বই (Books of Prime Entry): একজন সহকারী হিসাবরক্ষক প্রতিষ্ঠানের দৈনন্দিন নগদ লেনদেনসমূহ অবশ্যই নগদ বই (Cash Book) এবং যেক্ষেত্রে উক্ত হিসাবের লেনদেনসমূহ পুনঃপুনঃ অর্থাৎ লেনদেনের সংখ্যা গড়ে প্রতি মাসে পাঁচটির বেশি হয়, দৈনিক লেনদেন বইতে (Day Book) লিপিবদ্ধ করবেন। নগদ বই এবং দৈনিক লেনদেন বইসমূহে নগদ প্রাপ্তি, নগদ প্রদান, ব্যয় / ক্রয় এবং রাজস্ব / বিক্রয় সংক্রান্ত লেনদেনসমূহ অন্তর্ভুক্ত করা হবে। সহকারী হিসাবরক্ষক প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনসমূহ যথাযথভাবে নগদ বই এবং দৈনিক লেনদেন বইতে লিপিবদ্ধকরণের বিষয়টি নিশ্চিত করবেন।

১.২ নগদ বইয়ের দাখিলাসমূহ: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রতিটি ব্যাংক এ্যাকাউন্টের জন্য একটি করে হিসাব বই এবং সকল নগদ লেনদেনের জন্য একটি হিসাব বই সংরক্ষণ করবে।

১.২.১ যদি লেনদেনটি নগদে বা ব্যাংকের বা যেকোন ইলেকট্রনিক মাধ্যমে সম্পন্ন হয় তবে, নগদ বইয়ে দাখিলার এক অংশ সংশ্লিষ্ট প্রাপ্তির জন্য ডেবিট অথবা প্রদানের জন্য ক্রেডিট করতে হবে।

১.২.২ যে হিসাবসমূহের লেনদেনের সংখ্যা গড়ে প্রতি মাসে পাঁচটির বেশি সেক্ষেত্রে লেনদেনটির দাখিলার অপর অংশ উক্ত হিসাবের দৈনিক লেনদেন বইতে ডেবিট অথবা ক্রেডিট করতে হবে।

১.২.৩ লেনদেনের সংখ্যা গড়ে প্রতি মাসে পাঁচটি বা তার কম হলে সেক্ষেত্রে দাখিলার অন্য অংশ সরাসরি খতিয়ানের (Ledger) সংশ্লিষ্ট হিসাবে লিপিবদ্ধ করতে হবে।

১.২.৪ উল্লিখিত দাখিলাসমূহ ভাউচার বা লেনদেন ভিত্তিক দৈনিক ভিত্তিতে নগদ বই এবং দৈনিক লেনদেন বই বা সাধারণ খতিয়ান হিসাবসমূহে লিপিবদ্ধ করতে হবে।

১.২.৫ দৈনিক লেনদেন বইতে লিপিবদ্ধকৃত দাখিলাসমূহ পরবর্তীতে সাপ্তাহিক / মাসিক ভিত্তিতে জের করে তা সাধারণ খতিয়ানের সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর করতে হবে।

১.৩ নগদ বইয়ের নমুনা নিম্নরূপ:

নগদ বই (Cash Book)

তারিখ	লেনদেনের বিবরণ	উৎস নথি নং/ ভাউচার নং	ডেবিট/প্রাপ্তি	ক্রেডিট/প্রদান	উদ্বৃত্ত/জের
			মোট পরিমাণ (টাকা)	মোট পরিমাণ (টাকা)	
			****	****	
			****	****	
			****	****	
			****	****	

১.৪ দৈনিক লেনদেন বইয়ের (Day Book) (ক্রয়, ব্যয়, রাজস্ব, আয় বা অন্য যেকোন ব্যয় বা আয় সংক্রান্ত, মাসে গড় ভিত্তিতে যে হিসাবের লেনদেন সংখ্যা পাঁচ (৫) এর বেশি হবে) নমুনা নিম্নরূপ:

ক্রয় বই / ব্যয় বই

তারিখ	লেনদেনের বিবরণ	নগদ বইয়ের পৃষ্ঠা নং/	ডেবিট	ক্রেডিট	উদ্বৃত্ত/জের
			মোট পরিমাণ (টাকা)	মোট পরিমাণ (টাকা)	
			****	****	
			****	****	
			****	****	
			****	****	

২. অ-নগদ লেনদেনসমূহের (Non-Cash Transaction) ক্ষেত্রে:

২.১ অ-নগদ লেনদেনসমূহ নিম্নলিখিত দুটি ধরনের যেকোনটি হতে পারে-

২.১.১ বকেয়া বা অগ্রিম লেনদেন: অপরিশোধিত বা অপ্রদত্ত বিল, প্রাপ্য তহবিল ও রাজস্ব সংক্রান্ত বকেয়া, ব্যয়ের, আয়ের অগ্রিমসমূহ মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে সমন্বয় জার্নাল এন্ট্রির (Adjusting Journal Entry) মাধ্যমে হিসাবভুক্ত করতে হবে।

বকেয়া বা অগ্রিম হিসাবসমূহ লিপিবদ্ধকরণ : হিসাবরক্ষক সকল অ-পরিশোধিত বিল, প্রাপ্য হিসাবসমূহ এবং অগ্রিম প্রাপ্তি বা পরিশোধ হিসাবসমূহের জন্য একটি নথি সংরক্ষণ করবেন এবং মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে বকেয়া এবং অগ্রিমসমূহ সমন্বয় জার্নাল প্রণয়ন করে খতিয়ানে লিপিবদ্ধ করবেন। এই সমন্বয় জার্নাল দাখিলাসমূহ পরবর্তী মাস বা ত্রৈমাসের শুরুতে বিপরীত এন্ট্রির

(Reversal Entry) মাধ্যমে বকেয়া বা অগ্রিম ব্যালেন্স শূন্য করতে হবে এবং অন্যান্য এন্ট্রিসমূহ নগদ লেনদেনের ভিত্তিতে সারা বছর ধরে লিপিবদ্ধ করা হবে।

২.১.২ ভুল সংশোধন, সম্পদের অবচয়, সম্পত্তির অবলোপন, কুঋণ সঞ্চিতি ইত্যাদি ক্ষেত্রে সমন্বয় দাখিলাগুলোর জন্য বিপরীত দাখিলা (Reversal Entry) প্রদান করতে হবে না। এগুলো নগদান বইয়ের মাধ্যমে লিপিবদ্ধ করা হয় না বলে সমন্বয় জার্নালের মাধ্যমে হিসাবভুক্ত করতে হবে।

২.২ সমন্বয় জার্নাল এন্ট্রির (Adjusting Journal Entry) নমুনা নিম্নরূপ:

সমন্বয় জার্নাল এন্ট্রি

